


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 19 October 2022 ■ আগরতলা ১৯ অক্টোবর, ২০২২ ইং ■ ১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







# এডিসিতে চূড়ান্ত আর্থিক অনিয়ম ব্যবস্থা নিতে রাজ্যপালকে জানাল ক্যাগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** তিপ্রা মথার চেয়ারম্যান প্রতিশ্রুতি দিয়েছিলেন জনজাতিদের সার্বিক উন্নয়নে কাজ করবে এডিসি প্রশাসন। কিন্তু এডিসি-তে তিপ্রা মথা ক্ষমতায় আসার পর গত দের বছরে যে চিত্র সামনে এসেছে তা ভয়াবহ এবং চিন্তার বিষয়। মঙ্গলবার প্রদেশ বিজেপি কার্যালয়ে বিজেপির জনজাতি মোর্চার উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করেন প্রদেশ বিজেপি-র সহসভাপতি তথা সাংসদ রেবতী ত্রিপুরা। পাশাপাশি তিনি জানিয়েছেন, এডিসিতে চূড়ান্ত আর্থিক অনিয়ম হয়েছে, তাই ব্যবস্থা নিতে রাজ্যপালকে জানিয়েছে কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল তথা ক্যাগ।


সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সাংসদ রেবতী ত্রিপুরা। ছবি নিজস্ব।

সংবিধানের প্রতি কোন আস্থা কিংবা সংবিধানের মধ্যে থেকে কাজ করার কোন মানসিকতা নেই বর্তমান এডিসি প্রশাসনের। ফলে এডিসি এলাকায় পরিস্থিতি দিনের পর দিন কঠিন থেকে কঠিনতর হয়ে যাচ্ছে। মঙ্গলবার প্রদেশ বিজেপি কার্যালয়ে বিজেপির জনজাতি মোর্চার উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করেন প্রদেশ বিজেপি-র সহসভাপতি তথা সাংসদ রেবতী ত্রিপুরা। তিনি আরও জানান বর্তমান এডিসি প্রশাসন এডিসি এলাকা থেকে সাংবিধানিক প্রতিষ্ঠান গুলিকে তুলে দেওয়ার চেষ্টা করেছে।

রাজ্য সরকার এবং এডিসি প্রশাসনের বিভিন্ন প্রকল্প সহ দপ্তরে ব্যয় সংক্রান্ত বিষয়গুলির হিসাব নিকাশ করে কন্ট্রোলার এন্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া বা ক্যাগ। এই সংস্থাটি ১লা জুন রাজ্যপালকে চিঠি প্রেরন করে ৫ টি বিষয় সম্পর্কে জানিয়েছেন। সেই চিঠিতে বলা হয়েছে এডিসি প্রশাসন সাংবিধানিক নিয়ম মেনে কাজ করছে না। রাজ্য ও কেন্দ্র সরকারের বিভিন্ন প্রকল্পে প্রদত্ত অর্থ সঠিক ভাবে ব্যয় করা হচ্ছে না। তাই রাজ্যপালকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়েছে চিঠিতে। তার পরিপ্রেক্ষিতে রাজ্যপালের ডেপুটি সেক্রেটারি রাজ্যের মুখ্য সচিবকে চিঠি প্রেরন করেছেন। রাজ্যের মুখ্য সচিব টিটিএএডিসি-র সিইও-কে চিঠি প্রেরন করেছেন। কিন্তু দের বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পরও এডিসি প্রশাসন কোন ব্যবস্থা গ্রহণ ☞ ৬ এর পাতায় দেখুন

## জয়নগরে যুবকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** রাজধানী আগরতলা শহর সংলগ্ন দক্ষিণ জয়নগরে এক যুবকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধারের ঘটনায় তীব্র চাঞ্চলের সৃষ্টি হয়েছে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করেছে।

মঙ্গলবার সকালে দক্ষিণ জয়নগর এলাকার বাসিন্দা নান্টু দেবের ছেলে নয়ন দেব নামে ৩২ বছরের এক যুবককে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে। মৃতদেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। জানা যায়, নয়ন দেব নামে ৩২ বছরের ওই যুবক মঙ্গলবার ভোররাতে ফাঁসিতে আত্মহত্যা করে। পরিবারের লোকজনরা ঘুম থেকে উঠে তার ঝুলন্ত মৃতদেহটি দেখতে পেয়ে কান্নায় ভেঙে পড়েন। জানা যায়, মৃত যুবক আগরতলা আদালতে মুহুরী হিসেবে ☞ ৬ এর পাতায় দেখুন

## জেআরবিটির ফল প্রকাশের দাবীতে ফের সোচ্চার চাকরীপ্রত্যাশীরা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** রাজ্যে ক্রমশ বেকার আন্দোলন তীব্র আকার ধারণ করছে। আর সেই ক্ষোভ আছড়ে পড়ছে বর্তমান সরকারের উপর। সরকার ঢাক ঢোল পিটিয়ে ২০২১ সালে জে আর বি টির পরীক্ষা গ্রহণ করে। কিন্তু এক বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পরেও সরকার সেই ফলাফল ঘোষণা করছে না।

এমনকি হাইকোর্টে পক্ষ থেকে যে স্থগিতাদেশ ছিল তাও তুলে দেওয়া হয়েছে। কিন্তু সরকারের ফলাফল ঘোষণার কোন উদ্যোগ নেই। তাই মঙ্গলবার আবারো বিক্ষোভে সামিল হয় চাকুরি প্রত্যাশী যুবক-যুবতীরা। তাদের দাবি দ্রুত ফলাফল ঘোষণা করতে হবে। এর জন্য এদিন জে আর বি টি অফিসের সামনে চাকুরি প্রত্যাশী যুবক-যুবতীরা বিক্ষোভ দেখায়। তারা এই দিন বিক্ষোভ থেকে প্রশ্ন তুলে স্বাধীনতার অমৃত যোগে বেকার বঞ্চিত কেন ? ২০২১ সালে ২০ ও ২২ আগস্ট গ্রুপ সি এবং গ্রুপ ডি পরীক্ষা গ্রহণ করে রাজ্য সরকার পরিচালিত ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে ফের বাড়ছে করোনার দৈনিক সংক্রমণ, সক্রিয় রোগীর সংখ্যা শতক পার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** ত্রিপুরায় করোনার নমুনা পরীক্ষা বাড়তেই আক্রান্তের সংখ্যায়ও বৃদ্ধি হয়েছে। এতে সক্রিয় রোগীর সংখ্যা শতক পার করে ফেলেছে। পরিস্থিতি ক্রমশ ভয়াবহ রূপ নিচ্ছে বলে মনে করা হচ্ছে। কারণ দৈনিক সংক্রমণের হার লাগাতার তিন শতাংশের উপরে থাকছে। সুস্থতার হারও খুবই নগণ্য।

ত্রিপুরায় গত ২৪ ঘণ্টায় ২৩ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ৩ জন সুস্থ হয়েছেন। এতে করোনা আক্রান্ত সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১১১। দৈনিক সংক্রমণের হার ৩.০৯ শতাংশ থেকে বেড়ে ৩.৬১ শতাংশ হয়েছে। তবে, মৃত্যুর কোনও খবর নেই। এদিকে, জেলাভিত্তিক দৈনিক সংক্রমণে পশ্চিম ত্রিপুরা ও দক্ষিণ ত্রিপুরা জেলা শীর্ষে রয়েছে।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, গত ২৪ ঘণ্টায় আরটি-পিসিআরে ১২ জন এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৬২৫ জন মোট ৬৩৭ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে আরটি-পিসিআরে ১ জন এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ২২ জন মোট ২৩ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ফলে, দৈনিক সংক্রমণের হার বর্তমানে বেঁড়ে দাঁড়িয়েছে ৩.৬১ শতাংশ। বর্তমানে ত্রিপুরায় ☞ ৬ এর পাতায় দেখুন

## বিশালগড়ে যুব মোর্চার নেতার উপর হামলার চেষ্টা, গাড়ি ভাঙচুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** বিশালগড়ের রাউতখলা এলাকায় বিজেপির যুব মোর্চার নেতার উপর হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। যুব মোর্চার নেতা সৈকত সাহার গাড়িও ভাঙচুর করা হয়েছে।

ঘটনাকে কেন্দ্র করে তীব্র রাজনৈতিক উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। ঘটনাকে কেন্দ্র করে বিশালগড়ের রাউতখলা সহ বিস্তীর্ণ এলাকা জুড়ে রাজনৈতিক উত্তেজনা বিরাজ করছে। ঘটনার খবর পেয়ে বিশালগড় থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। শাসকদলের যুব নেতার উপর হামলা এবং গাড়ি ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনমনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। বিজেপির তরফ থেকে অভিযোগ করা ☞ ৬ এর পাতায় দেখুন

## আগরতলা শহরের বিভিন্ন স্থানে ব্রাউন সুগার উদ্ধার, গ্রেপ্তার দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** রাজধানী আগরতলা শহর এলাকায় নেশা বিরোধী অভিযান চালিয়ে সাফল্য পেয়েছে পুলিশ। মঠ চৌমুহনীর একটি বাড়িতে তল্লাশি চালিয়ে প্রচুর পরিমাণ ব্রাউন সুগার এবং দক্ষিণ রামনগর এলাকার একটি বাড়িতে তল্লাশি চালিয়ে ব্রাউন সুগার সহ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

রাজধানী আগরতলা শহর ও শহরতলী এলাকার নেশা সামগ্রীর উপর ভাসছে। ভয়ংকর নেশার কবলে পড়ে যুবসমাজ ধ্বংস হয়ে যাওয়ার উপক্রম। যুব সমাজকে ভয়ংকর নেশার কবল থেকে রক্ষা করার জন্য রাজ্য সরকার এবং প্রশাসন নানা উদ্যোগ গ্রহণ করেছে। নেশা মুক্ত রাজ্য গঠন করার জন্য রাজ্য সরকার যে উদ্যোগ ☞ ৬ এর পাতায় দেখুন

## বামেদের অপশাসনে রাজ্যে তৈরী হয়েছে লক্ষ লক্ষ শিক্ষিত বেকার ঃ সুশান্ত চৌধুরী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** কেন্দ্রে ও আমাদের রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর দেশের ও রাজ্যের নাগরিকদের জীবনযাত্রার মানে প্রভূত উন্নতি হয়েছে। এর পেছনে রয়েছে বিজেপি সরকারের একাধিক জনহিতকর কর্মসূচি। মঙ্গলবার মজলিশপুরে বিজেপির উদ্যোগে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন।

তিনি বলেন, আমাদের রাজ্যের নাগরিকদেরও মনে হচ্ছে এখন তাদের জীবন অনেক সহজ হয়েছে। সরকারের সব প্রকল্পের সুযোগ পাচ্ছেন গোটা রাজ্যের মানুষ। প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে আমাদের রাজ্যেও সমাজের অর্থনৈতিকভাবে দুর্বল অংশের মানুষেরা সাশ্রয়ী মূল্যে আবাসন তৈরী করতে পেরেছেন। প্রধানমন্ত্রী ☞ ৬ এর পাতায় দেখুন

## তেলিয়ামুড়া ও পানিসাগরে দুই গৃহবধূ আত্মঘাতী

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া/চুরাইবাড়ি, ১৮ অক্টোবর।।** দীর্ঘদিন ধরে অসুস্থত্ব। অন্যদিকে আর্থিক অনটনের কারণে অবশেষে গায়ে কেরোসিন ঢেলে অগ্নিদগ্ধা গৃহবধূ। আত্মঘাতী গৃহবধূর নাম রুপালি মজুমদার। বয়স ৪৭ বছর।ঘটনা মঙ্গলবার বিকেলে তেলিয়ামুড়া থানা এলাকার বাইশঘড়িয়া এলাকায়।

খবরে প্রকাশ, তেলিয়ামুড়া থানা এলাকার বাইশঘড়িয়া এলাকার বাসিন্দা প্রদীপ মজুমদারের স্ত্রী রূপালি মজুমদার দীর্ঘদিন ধরে অসুস্থ ছিল পাশাপাশি আর্থিক অনটন ছিল সংসারের চিরসঙ্গী। মঙ্গলবার বিকেলে বাড়ির সকলের নজর এড়িয়ে নিজ ঘরে গায়ে কেরোসিন ঢেলে অগ্নিদগ্ধ হয়।

পরিবার ও এলাকার সূত্রে জানা গেছে, রূপালি মজুমদার নামের বছর ৪৭-এর এই গৃহবধূ কদিন ধরে শারীরিক অসুস্থতার কারণে মানসিক অবসাদে ভুগছিলেন। অবশেষে মঙ্গলবার উনার স্বামী প্রদীপ মজুমদার অফিসে ও ছেলে স্কুলে সেই সুযোগকে কাজে লাগিয়ে পরিবারের সকল সদস্যের নজর এড়িয়ে নিজের রান্নাঘরে গায়ে কেরোসিন ঢেলে আত্মঘাতী হয় বছর ৪৭-এর ওই গৃহবধূ। পরবর্তীতে অফিস থেকে এসে গৃহবধূর স্বামী তথা প্রদীপ মজুমদার ঘটনাটি প্রত্যক্ষ করে, উনার চিৎকারে পরিবারের লোকজন সহ এলাকাবাসীরা ছুটে আসে। খবর পাঠানো হয় অগ্নি নির্বাপক দপ্তর ও তেলিয়ামুড়া থানায়। পরবর্তীতে ছুটে আসে পুলিশ ও অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা। পরবর্তীতে ঘটনার বিবরণ দিয়ে তেলিয়ামুড়া থানার তদন্তকারী পুলিশ অফিসার তথা সেকেন্ড ও.সি জয়ন্ত দেবনাথ জানিয়েছেন, রূপালি মজুমদার আত্মঘাতী হওয়ার পূর্বে একটি সুসাইড নোট লিখে রেখে গেছেন। সেখানে স্পষ্টভাবে উল্লেখ করা রয়েছে, উনার স্বামী প্রদীপ ☞ ৬ এর পাতায় দেখুন

# বিজেপি জনবিচ্ছিন্নতায় ভুগছে এই সুযোগ কাজে লাগাতে হবে ঃ মানিক সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** ত্রিপুরায় শাসক দল বিজেপি প্রচন্ডভাবে জনবিচ্ছিন্নতায় ভুগছে। এই পরিস্থিতির সুযোগ নিতে হবে। মঙ্গলবার ত্রিপুরায় বামপন্থী ছাত্র সংগঠন এসএফআই-র ২০ তম রাজ্য সম্মেলনে এভাবেই ক্ষমতার পরিবর্তনে পথ দেখালেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিরোধী দলনেতা মানিক সরকার। তাঁর সাফ কথা, দ্বিধাদ্বন্দ্বে না ভুগে নিজেদের সুসংহত করুন। পরিস্থিতির পরিবর্তনে সক্রিয় ভূমিকা নিন।

এদিন তিনি বলেন, জাতি গঠনে সবচেয়ে ভূমিকা রয়েছে শিক্ষার। শিক্ষার মাধ্যমেই চরিত্র গঠন সম্ভব। সেক্ষেত্রে সৎ, সত্যবাদী, আত্মকেন্দ্রীক নয় এবং সমস্ত সংকীর্ণতার উর্দ্ধে উঠে দেশকে এগিয়ে নিয়ে যেতে এই দৃষ্টিভঙ্গী শিক্ষার মাধ্যমেই সম্ভব। কিন্তু, সেই শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার চেষ্টা চলছে। তাঁর দাবি, শিক্ষা রাষ্ট্রের দায়িত্ব। অথচ, সেই শিক্ষাকে বেসরকারি হাতে তুলে দেওয়া হচ্ছে।



এসএফআইয়ের রাজ্য সম্মেলনে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা মানিক সরকার। ছবি নিজস্ব।

তাঁর অভিযোগ, নতুন শিক্ষা নীতি বিভাজনের দৃষ্টিভঙ্গিতে প্রণয়ন হয়েছে। ইতিহাসকে বিকৃত করার চেষ্টা চলছে। রাজ্যের সরকারও সেই নীতি অবলম্বন করছে। তাঁর দাবি, শিক্ষাকে লুণ্ঠনের মৃগয়াক্ষেত্র হিসেবে ব্যবহারের দিকেই কেন্দ্রীয় সরকার এগিয়ে চলেছে।

তিনি এদিন কটাক্ষ করে বলেন, ডাবল ইঞ্জিনের সরকার পরিচালিত হলেও, চালক তো একজন। তিনি দেশের সর্বনাশ করছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিশানা করে বলেন মানিক সরকার। তাঁর দাবি, লেখাপড়া না জানলে চোখ-কান খুলবে না। চাকরি কোথায় শ্লোগান উঠবে না। সেই লক্ষ্য থেকেই শিক্ষার সর্বনাশ করা হচ্ছে।

মানিকের বক্তব্য, এই সরকার ক্ষমতায় থাকলে বর্তমান পরিস্থিতি থেকে রেহাই পাবেন না। তাঁদের ক্ষমতা থেকে সরাতে না পারলে মুক্তি পাবেন না। কিন্তু, ত্রিপুরায় পঞ্চায়েত থেকে লোকসভা নির্বাচন পর্যন্ত ভোটের অধিকার যেখানে ন্ত্রিত সেখানে আপনাদের মধ্যে দ্বিধাদ্বন্দ্ব তৈরি হয়েছে।

তাঁর মতে, পরিস্থিতি সবসময় এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। যাঁরা নিজেদের সর্বশক্তিমান মনে করেছিলেন তাঁরাও একই অবস্থানে রয়েছেন এমনটা ভাববার সুযোগ নেই। তাঁর ☞ ৬ এর পাতায় দেখুন



জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৩ ▫ ১৯ অক্টোবর ২০২২ ইং ▫ ১ কার্তিক ▫ বুধবার ▫ ১৪২৯ বঙ্গাব্দ

# মানসিক রোগীর সংখ্যা বাড়িতেছে

বর্তমান সমাজ ব্যবস্থায় মানসিক রোগীর সংখ্যা দিনের পর দিন বাড়িতেছে। মানসিক রোগ জনিত কারণে মানুষের আয়ু কমিয়া যাইতেছে। মানসিক রোগাগ্রস্ত হওয়ার কারণে অনেকেই অল্প বয়সে বার্ধক্যে পৌঁছিয়া যাইতেছেন। এই অপ্রত্যাশিত ভয়ঙ্কর পরিস্থিতির হইতে নিজেদের রক্ষা করিতে সময় উপযোগী পদক্ষেপ গ্রহণ করা জরুরী। মানসিক রোগীর সংখ্যা যেভাবে বাড়িতে চেয়ে তাহাতে দেশের সার্বিক উন্নয়নের উপর তাহার প্রভাব পড়িতে পারে। এইসব বিষয়ে সমাজের সব অংশের মানুষজনকে সচেতন হওয়া জরুরি।

অল্প বয়সেই অনেকে বার্ধক্যে পৌঁছে যায়।আর বার্ধক্যে দোরগড়ায় যাওয়া মানেই একের পর এক রোগ বাসা বাঁধিতে শুরু করে শরীরে। মার্কিন ও চিনের একদল বিজ্ঞানী সমীক্ষা করিয়া দেখিয়াছিলেন শরীর ক্রমাগত আনবিক ক্ষতির জেরে মানুষ দ্রুত বার্ধক্যে পৌঁছিয়া যায়। তবে বিজ্ঞানীরা বার্ধক্যে গতি মাপিবার জন্য একটা বার্ধক্য ঘড়ি তৈরি করিয়াছেন। যাহার সাহায্যে কোনও তরুণ বা অল্প বয়সি কোনও ব্যক্তি দ্রুত বার্ধক্যে পৌঁছাইতেছে কি না তা জানা যাইবে। পাশাপাশি বিজ্ঞানীরা জানিয়াছেন, অ্যান্টি এজিং থেরাপির মাধ্যমে এই দ্রুত বার্ধ্যকের সীমানায় যাওয়া থেকে রক্ষা করা যাইবে।যুব সম্প্রদায় দ্রুত বার্ধক্যের দিকে এগিয়ে যাইতেছে। শারীরিক ও মানসিক উভয় কারণেই বার্ধক্য দ্রুত গতিতে আসে। বিজ্ঞানীরা সমীক্ষা করিয়া দেখিয়াছেন, একাকীত্ব, অস্থিরতা, ঘুমের ঘাটতি, মনে সুখ না থাকা এই ধরনের উপসর্গের ব্যক্তিদের দ্রুত বার্ধক্য আসে। বিজ্ঞানীরা এগুলো পরিমাপ করিয়াছেন। তাঁহারা জানিয়াছেন, দ্রুত বার্ধক্য আসার ক্ষেত্রে এগুলো যথেষ্ঠ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিজ্ঞানীরা তাঁহাদের বার্ধক্যের ঘড়ি তৈরি করিতে গিয়া জানিতে পারেন, ধুমপায়ী ও মানসিক দূর্বল রোগীদের ক্ষেত্রে বার্ধক্য তাড়াতাড়ি আসে। পাশাপাশি তাঁহারা জানিয়াছেন, দ্রুত বার্ধক্য আসার কারণেই স্ট্রোক, লিভার ও ফুসফুসের মতো রোগগুলো যুব সমাজকে আক্রান্ত করিতেছে। বিজ্ঞানীরা জানাইয়াছেন, ধুমপায়ীদের বার্ধক্য তাড়াতাড়ি আসে। কিন্তু হতাশাগ্রস্ত, একাকীত্বে ভোগা, অসুখী মানুষদের বার্ধক্য আরও দ্রুত আসে। বিজ্ঞানীরা দ্রুত বার্ধক্য বাড়ার কারণ হিসেবে আরও বেশ কয়েকটি কারণ উল্লেখ করিয়াছেন। যেমন সঠিক সময়ে চিকিৎসা। গ্রামীণ এলাকায় চিকিৎসা ব্যবস্থা উন্নত না থাকার কারণে অনেক সময় বার্ধক্য তাড়াতাড়ি আসে।

মানসিক সুস্থতা বার্ধক্য রোধ করিবার চাবিকাঠি। সব থেকে দ্রুত বার্ধক্য আসে মানসিক কারণে। মানসিক এবং মনোসামাজিক অবস্থাগুলি স্বাস্থ্যের ওপর সব থেকে বেশি প্রভাব ফেলে। সেখান থেকে একাধিক শারীরিক সমস্যা দেখিতে পাওয়া যায়। কিন্তু আধুনিক জীবনযাত্রায় মানসিক স্বাস্থ্যের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয় না বলেও স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের তরফে জানানো হইয়াছে। মানসিক পরিস্থিতির ওপর অনক ক্ষেত্রে শারীরিক সুস্থতা নির্ভর করে। সেখান থেকে বার্ধক্যের গতি ধীর বা দ্রুত হয়।

# শিলিগুড়িতে স্কুটার থেকে পড়ে গাড়ির ধাক্কায় মৃত্যু শিশুর

শিলিগুড়ি, ১৮ অক্টোবর (হি. স.) : শিলিগুড়ির উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল সংলগ্ন সুশ্রতনগর এলাকায় বাবার স্কুটারে চেপে স্কুল থেকে বাড়ি ফেরার পথে দুর্ঘটনা মৃত্যু হল ৪ বছরের এক শিশুর। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে। মৃত শিশুটির নাম অনুপ্রিয়া। সে সুশ্রতনগরে একটি ইংরেজিমাধ্যম বেসরকারি স্কুলের ছাত্রী ছিল।

জানা গিয়েছে, এদিন স্কুল ছুটির পর বাবা অনুপ কুমারের স্কুটারে চেপে বাড়ি ফিরছিল অনুপ্রিয়া। ফেরার পথে কোনওভাবে সে স্কুটার থেকে পড়ে যায়। তখনই পেছন থেকে আসা একটি গাড়ি তাকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় অনুপ্রিয়ার। ঘটনাস্থলে পুলিশ পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেলে পাঠায়। স্থানীয়দের অভিযোগ, উত্তরবঙ্গ মেডিকেলের রাস্তা দিয়ে প্রতিনিয়ত বেপরোয়াভাবে যান চলাচল চলছে। যার জেরে প্রায়ই দুর্ঘটনা ঘটে চলেছে এই রাস্তায়।

# টেট-উত্তীর্ণদের 'অন্যায্য দাবি' মানবে না প্রাথমিক শিক্ষা পর্ষদ

কলকাতা, ১৮ অক্টোবর (হি. স.) : চাকরির দাবিতে টেট-উত্তীর্ণদের বিক্ষোভের পিছনে রাজনৈতিক ইন্ধন রয়েছে। তাঁদের 'অন্যায্য দাবি' মানবে না প্রাথমিক শিক্ষা পর্ষদ। মঙ্গলবার সাংবাদিক বৈঠকে এমনই মন্তব্য করলেন পর্ষদ সভাপতি গৌতম পাল। তাঁর কথায়, "গণতান্ত্রিক দেশে প্রত্যেকের আন্দোলন করার অধিকার রয়েছে। তাঁদের (পড়ুন চাকরিপ্রার্থীদের) আবেগের প্রতি সহমর্মী। কিন্তু অন্যায্য দাবি মানা যায় না।"সাংবাদিক বৈঠকে পর্ষদ সভাপতি বলেন, "আন্দোলনকারীদের দাবি আইনানুগ নয়।" তাঁর কথায়, "গণতান্ত্রিক দেশে প্রত্যেকের আন্দোলন করার অধিকার রয়েছে। তাঁদের (পড়ুন চাকরিপ্রার্থীদের) আবেগের প্রতি সহমর্মী। কিন্তু অন্যায্য দাবি মানা যায় না।" পাশাপাশি, এই আন্দোলনের পিছনে রাজনীতি দেখছেন গৌতমবাবু।

তিনি বলেন, "আমি তো জল খাওয়ার সময় পাচ্ছি না। আমরা কেউ স্বাভাবিক ভাবে অফিসে ঢুকতে বেরোতে পারছি না। খাবার আনতে পারছি না। আন্দোলনকারীরা বোর্ডের কাজ বিঘ্নিত করছেন। রাজনৈতিক ইন্ধন রয়েছে এই আন্দোলনে। সকল প্রার্থীকেই সাক্ষাৎকারে অংশ নিতে হবে।" গৌতমবাবু জানান, ২০১৪ সালের টেটের প্রেক্ষিতে যাঁরা আন্দোলন করছেন, তাঁরা গত দু'বার সাক্ষাৎকারে অংশ নিয়েও উর্তীর্ণ হতে পারেননি। তাই তাঁদের আবার ২০১৭ সালের প্রার্থীদের সঙ্গে নিয়োগ পরীক্ষায় অংশ নিতে হবে। পাশাপাশি জানান, "চল্লিশ বছর বয়সি টেট- উর্তীর্ণদের ক্ষেত্রে পর্ষদের কিছু করার নেই। আইন সংশোধন করতে পারে রাজ্য। শিক্ষা দফতরে কথা বলছি। এ নিয়ে বোর্ডের কিছু করার নেই।" বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে সল্টলেকের প্রাথমিক শিক্ষা পর্ষদের কার্যালয় আচার্য প্রফুল্লচন্দ্র (এপিসি) ভবন এলাকা। সোমবার থেকে চাকরির দাবিতে বিক্ষোভে অনড় টেট-উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। পুলিশ চাকরিপ্রার্থীদের একাংশকে সরিয়ে দেওয়ার চেষ্টা করলেও তাঁরা নড়েননি। এপিসি ভবনের সামনে কয়েক জন চাকরিপ্রার্থীর অসুস্থ হওয়ার হওয়ার খবর মিলেছে। এই প্রেক্ষিতে সাংবাদিক বৈঠক করলেন পর্ষদ সভাপতি।

# প্রচুর শব্দবাজি তৈরির মশলা উদ্ধার নানুরে

বীরভূম, ১৮ অক্টোবর (হি. স.) : প্রচুর পরিমাণ শব্দ বাজি তৈরির মশলা উদ্ধার করল নানুর থানার পুলিশ। মঙ্গলবার ভোররাতে নানুরের রামকৃষ্ণপুর গ্রাম থেকে গণেশ ঘোষ নামে এক ব্যক্তির বাড়ি থেকে, প্রায় দেড় কুইন্টাল এর বেশি বিভিন্ন ধরনের শব্দ বাজি তৈরির মশলা উদ্ধার করে পুলিশ।

গত কয়েকদিনে বিভিন্ন জায়গায় তল্লাশি চালিয়ে, উদ্ধার হয়েছে লক্ষাধিক টাকার নিষিদ্ধ শব্দবাজি।

যার আনুমানিক বাজার মূল্য কয়েক লক্ষ টাকা। বিভিন্ন জায়গায় যখন বাজি তৈরীর কারখানায় বিস্ফোরণের ঘটনা ঘটছে,ঠিক তখন এখানে এই প্রচুর পরিমাণ বাজি তৈরির মসলা উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ২০১৭ সালের পর থেকে গণেশ ঘোষের কাছে বাজি তৈরির কোনও বৈধ কাগজ ছিল না। সে বেআইনিভাবে, শব্দ বাজি তৈরি করে আসছিল, এবং বিভিন্ন জায়গায় সেগুলি সে সরবরাহ করত।

# নিবেদিতা : এক অনির্বাণ আলোকশিখা

**মুহাম্মদ শাহাবুদ্দিন**

ইতিহাসে এ এক বিরল ব্যক্তিত্ব। নিজের ভগিনী নিবেদিতা স্বামী বিবেকানন্দের অনুপ্রাণিত হয়ে ভারতে এসেছিলেন মানুষের সেবায়। আধ্যাত্মিক অনুভূতি বা তার আত্মজিজ্ঞাসাকে আলোড়িত করে রাখত তারই সন্ধানে আকুল হয়ে তাঁর এদেশে পদার্পণ। এ যেন গৃহছাড়া হয়ে মানুষের দ্বারে পৌঁছনো। ভারতীয় সনাতনী ধর্মচিন্তাকে মন্থন করে এদেশের মানুষের মধ্যে নিজেকে সমর্পণ করতে গিয়ে তাদের পরাধীনতার জালা সবচেয়ে বেশি আলোড়িত করেছিল তীকে। এই ভাবনার পথ ধরে পরাধীন ভারতের মুক্তির জন্য তাদের পাশে এসে দাঁড়ালেন ভগিনী নিবেদিতা। নিজেকে সঁপেছিলেন ভারতের স্বাধীনতার জন্য। সুদূর আয়ারল্যান্ড থেকে এসেছিলেন তিনি। আইরিশ বিপ্লবী আন্দোলনের পরিবেশে তার জন্ম। এসেছিলেন আজন্ম লালিত ধর্মশিক্ষা সমাজ সংস্কতির বাতাবরণ ছেড়ে। নিজের মধ্যে মিলিয়েছিলেন পাশ্চাত্যের ঋজুতা ও যুক্তিবাদের সঙ্গে প্রাচ্যের আবেগকে। সেই প্রজন্মের কাছে তখন এক এক নতুন চেতনা। আসলে যাঁরা মানবতার পথ খোঁজেন তাদের কোনও দেশের সীমানা থাকে না। শিক্ষা ধর্ম নিয়ে জীবনের নানান ব্যর্থতায় তিনি তখন ব্যথিত ছিলেন। এই সময় ১৮৯৫- তে লন্ডনে বিবেকানন্দের সাক্ষাতে তিনি বেদান্ত দর্শনের সঙ্গে। অনেক ধর্মীয় সংশয় দূর করে নতুন এক সত্যে উদাসিত হয়েছিলেন তিনি। কাছে পেয়েছিলেন এই তেজোদীপ্ত স্বদেশপ্রেমিক ভারতীয় সন্ন্যাসীকে। স্বামী বিবেকানন্দের আদর্শে উদ্বুদ্ধ হয়ে তিনি এলেন ভারতে। স্বামীজির জুলন্ত দেশপ্রেম মানবণীতি তার অন্তরে মূর্ত হয়ে উঠল। ভারতে ইংরেজ শাসনের প্রকৃত রূপ দেখে তার মধ্যে মুছে গেল ইংরেজপ্রীতি। ব্রিটিশ শাসনকে তিনি দেখেছিলেন শাসনের নয়, শোষণের মানদণ্ড হিসেবে। ভারতের প্রতিটি ধুলিকণার সঙ্গে মিশে গেলেন তিনি। রবীন্দ্রনাথের কথায়, "নিজেকে এমন করিয়া সম্পূর্ণ নিবেদন করিয়া দিবার আশ্চর্য শক্তি আর মানুষে প্রত্যক্ষ করি নাই। তিনি নিজেকে সম্পূর্ণভাবে ভারতবর্ষের জন্য দান রাখেন নাই।" মহামানবের সাগরতীর এই ভারতবর্ষে, এ দেশের মানুষের জন্য তিনি নিজেকে নিবেদন করেছিলেন বলেই স্বামী বিবেকানন্দ তার নাম দিয়েছিলেন নিবেদিতা। ভারতবাসীর দুঃখ দুর্দশা প্রত্যক্ষ করতে তিনি শুরু করেছিলেন ভারত পরিক্রমা। এই পরিক্রমা তাকে ধীরে ধীরে এদেশের বিপ্লবী ইতিহাসের অনুভূতি তাকে এদেশের বিপ্লবী প্রয়াসের দিকেও আকৃষ্ট করে। বিবেকানন্দের সাহচর্যে সারা দক্ষিণ ভারত পরিভ্রমণ করে কাছাকাছি থেকে দেখেছিলেন দরিদ্র মানুষকে। অনুধাবন করেছিলেন ঔপনিবেশিকতা অকল্যাণকর দিক। নিবেদিতা ভারতের প্রান্তে প্রান্তে দেখেছেন মানুষের যন্ত্রণাক্লিষ্ট মুখছবি। মানুষের মানবিক দৈন্যতা তাকে সবচেয়ে বেশি ব্যথিত করেছিল। নিবেদিতা এ দেশে এসে ভারতবর্ষকে নিয়ে যে স্ব'ন দেখেছিলেন, সেই দেশে তিনি পেলেন রাজনৈতিক ও সামাজিক দিক থেকে বঞ্চনায় ভরা মানুষকে। সমাজের প্রতিটি পরতে দেখলেন ইংরেজ শ্বেতাঙ্গদের দ্বারা অপমান। দুর্ভিক্ষ, মহামারি ছিল এদেশের মানুষের নিত্যসঙ্গী। ভারতে এসে প্রথমে নিবেদিতা ইংল্যান্ড ও ভারতের মধ্যে ভ্রাতৃত্বের সম্পর্ক গড়ে তোলার কথা ভেবেছিলেন। কিন্তু ইংরেজ শাসনের মুখোমুখি এসে তাঁর সে স্বপ্ন ভেঙে গিয়েছিল। এদেশের মানুষের মধ্যে আত্মমর্ধাদা গড়ে তোলার বাসনা তাই আরও তীব্র হয়ে ওঠে। বিবেকানন্দ জাতিগঠনে যেভাবে মানুষ গড়ার কাজে ব্রতী হয়েছিলেন, তাকে রূপ দিতে সামাজিক ও রাজনৈতিক স্বাধীনতার অপরিহার্ধতার ওপর নিবেদিতা গুরুত্ব দিয়েছিলেন। বিবেকানন্দের মৃত্যুর আগে নিবেদিতা তার কাছে ব্যক্ত করেছিলেন শুধু মঠ আশ্রমের আদর্শ, সমাজসেবা সার্বিক মুক্তি আনবে না, প্রয়োজন ভারতের রাজনৈতিক স্বাধীনতা। নিবেদিতা যখন রাজনৈতিক মুক্তির কথা ভেবেছেন তখন বাংলার রাজনীতিতে স্বদেশি আন্দোলনের ঢেউ। বিপ্লববাদের প্রবক্তা জাপানের মনীষী ওকাকুরা ভারতে আসেন ১৯০১ সালে। এশিয়ার সাম্রাজ্যবাদী শোষণের বিরুদ্ধে তীর বিপ্লবী প্রয়াস এদেশের বিপ্লববাদীদের কাছে প্রেরণা হয়ে উঠেছিল। অরবিন্দের মতে, ওকাকুরার তিনি বহন করে চললেন ভারতের উত্তর থেকে দক্ষিণে। একদিকে যেমন ছিল নরমগন্থী মনোভাব তেমনি গড়ে উঠেছিল চরমপন্থী চিন্তা। এই সঙ্গে বিপ্লবী আন্দোলন জন্ম নিয়েছিল উনিশ শতকের শেষ দশকে। রাজনীতির এই তিনটি ধারার সঙ্গেই নিবেদিতার যোগাযোগ উঠেছিল নেতা ও বিদ্রজ্জনদের মিলনক্ষেত্র। নরমপন্থী আন্দোলনের গোখেল, চরমপন্থী ঘোষের মতো মানুষদের সর্বদাই সেখানে যাতায়াত ছিল। সমাজ আন্দোলন গড়ে গড়ে তোলায় সচেষ্ট হয়েছিলেন নিবেদিতাও তেমনি আত্মমর্ধাদা সম্পন্ন জাতি গড়ে তোলায় প্রয়াসী হয়েছিলেন।" নিবেদিতা মাৎসিনির রাজনৈতিক আদর্শের অনুসারী ছিলেন। ১২১৯১ পত্রিকার বিখ্যাত সাংবাদিক জে এফ ররেয়ার দৃপ্ত ভাষায় লিখেছেন, "পৃথিবীর সমস্ত সংবাদপত্র জগতে যে সামাজিক আন্দোলন ও বিপ্লবের হাওয়া উঠেছে, ভগিনী নিবেদিতা একা সেই প্রভাব সৃষ্টি করেছিলেন।" সমাজতাত্তিক বিনয়কুমার সরকার মন্তব্য করেছেন, "নিবেদিতা ছিলেন



প্রেরণাতেই ব্যারিস্টার প্রথমনাথ মিত্র অনুশীলন সমিতি গড়ে তোলেন। ভগিনী নিবেদিতা ওয়াকুরার সাহচর্যে এবং হেমচন্দ্র মল্লিক, প্রথমনাথ মিত্র, সরেন্দ্রনাথ ঠাকুরের সাংগঠনিক সহায়তায় বিপ্লবী সমিতি প্রতিষ্ঠা করেন। বিবেকানন্দের জীবনাবসানের পর ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের সঙ্গে তাঁর গভীর যোগাযোগ গড়ে ওঠে। স্বামীজির মানুষ গড়ার কাজকে এত হিসেবে নিয়ে একদিকে যেমন মেয়েদের জার শিক্ষা, স্কুল প্রতিষ্ঠা ও মানবসেবায় নিজেকে নিয়োজিত করলেন, তেমনি উদ্যোগী হলেন মানুষের মধ্যে জাতীয়তাবোধ গড়ে তোলার কাজে। এই কর্মযজ্ঞে মিশে গেল বিপ্লবী রাজনীতিতে সক্রিয়ভাবে সহযোগিতার কাজ। স্বদেশি আন্দোলনের মধ্যে যে দেশপ্রেম জেগে উঠছিল তাকেই তোলার বহু পরিকল্পনায় যোগ দিতেন ঐতিহাসিক বিজ্ঞানী, অধ্যাপক, সাহিত্যিকরা। ইংরেজ শাসসনের সমস্ত বিরোধিতাকে তিনি স্বাগত জানিয়েছিলেন। শুধু সমর্থন নয় সাংগঠনিকভাবেও নিজেকে সক্রিয় রেখেছিলেন তিনি। স্বদেশি আনেগালন নিবেদিতার কাছে ছিল এক আত্মোপলব্ধির সংগ্রাম। ১৯০৪ সালে লর্ড কার্জন বিশ্ববিদ্যালয় আইন তৈরি করে শিক্ষা সংকুচিত করার প্রয়াসের বিরুদ্ধে নিবেদিতা তাঁর বক্তৃতা লেখার তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন। রাজদ্রোহমুলক রচনা প্রকাশ করার জন্য ভূপেন্দ্রনাথ দত্তকে গ্রেফতার করা আদালতে উপস্থিত হয়েছিলেন। লালা লাজপত রায় তার আত্মজীবনীতে লিখেছেন, "ইতালির ঐক্য আন্দোলনের প্রাণপুরুষ জোসেফ মাৎসিনি যেমনভাবে একাবদ্ধ ইতালি ও জনগণের আত্মবিশ্বাস আবেগদীপ্ত জাতীয়তাবাদ ও আপসহীন বিপ্লবীস মানসিকতার দার্শনিক।" নিবেদিতা সবধর্মের সম্মিলন চেয়েছিলেন। ভারতীয় সমন্বয়ের সম্প্রদায়কে একসূত্রে বাধতে উদ্যোগী হয়েছিলেন। "ভারতে ইসলাম" বক্তৃতা সেই প্রচেষ্টার বড় প্রমাণ। নিবেদিতা জন্মেছিলেন আয়ারল্যান্ডের বিপ্লবী পরিবারে। ছোট শহর ডানগ্যাননে তার জন্ম। নাম হয়েছিল মার্গারেট এলিজাবেফ নোবেল। আইরিশ বিপ্লবের অন্যতম রূপকার জন নোবেল ছিলেন তার পিতামহ। মাতামহ আন্দোলনের নেতা। স্বাধীনতার স্পৃহা তিনি পেয়েছিলেন পারিবারিক সুত্রে। পরিবারের বিপ্লবী এতিহ্য তাকে জাতীয়তবাদী চেতনায় উদ্বুদ্ধ করেছিল। আয়ারল্যান্ডের Free India সংগ্রামী মুখপাত্রের সানিধ্য, রাশিয়ার বিপ্লবের নিবেদিতাকে বিপ্লবী চেতনায় অনুপ্রাণিত করেছিল। স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করে তিনি ভারতে এসেছিলেন জাতীয় জাগরণের উত্তাল সময়ে। বিভিন্ন সমাজ ও রাজনৈতিক চিন্তাধারা তখন পরস্পর সমান্তরাল ধারায় প্রবাহিত হচ্ছে। নিবেদিতা সব ধারাকেই বিচার করেছেন মানবিক উপলবর মধ্যে দিয়ে। যে উপলব্ধি তিনি পেয়েছিলেন বিবেকানন্দের চেতনার আলোকে। ভারতবর্ষে বসবাসকালে এই জাতীয়তবাদকে আত্মস্থ করেছিলেন ধর্ম, সমাজ, রাজনীতি এমনকী শিক্ষানীতির মধ্যেও। নিবেদিতা রাজনীতিকে শিল্প, সাহিত্য, সম্পৃক্ত করে দেখেছেন। যে মানুষ তার নিজস্ববৃত্তে যে প্রতিভার অধিকারী, সেই কাজে ব্যবহার করতে পারেন। এটাই ছিল নিবেদিতার জীবনদর্শন। চিত্রকরকে তিনি বলতেন ছবির মধ্যে দিয়ে ভারতের আত্মাকে পরিস্ফুট করতে। বিজ্ঞানচর্চাকেও তিনি বৈজ্ঞানিক দৃষ্টিসম্পন্ন বীক্ষণে আভাসিত করতে চেয়েছিলেন। তার মতে, জাতীয়তাবাদ প্রকৃতপক্ষে সামগ্রিক সত্তার মধ্যেই নিহিত। সমাজবিন্যাসের কোনও ভরকে বাদ দিয়ে প্রকৃত জাতীয়তাবোধ সম্ভব নয়। তার বিশ্বাস, শান্ত সমাহিত প্রার্থনা যেমন ভারতের আত্মা, তেমনই অন্যায়, বঞ্চনা, বিভাজনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ এবং প্রতিরোধের মধ্যেও ভারতের অস্তিত্ব প্রবহমান। এই ভাবনাই তাকে সশস্ত্র বিপ্লবীদের গোপনে সহায়তা করতেও উদ্বুদ্ধ করেছিল। মতাদর্শগত বিরোধকে কখনও ভয় পেতেন না। তিনি বিনিময়ের মধ্যেই একদিন এক্যে উদ্ভাসিত হবে। এই ভাবনাতেই নিজেকে উদ্ভাসিত রেখেছিলেন ভারতের মুক্তিকল্পে। স্বামী বিবেকানন্দের চেতনার স্পর্শে যেমন তিনি খুঁজেছিলেন মানবমুক্তির দিশা, তেমনিই নিজেকে প্রতিষ্ঠিত করোছলেন রাজনোতক সামাজিক সংগ্রামের পথে। তিনি জানতেন এই পথ কুসুমাসতীর্ণ হয় না, তাই বিপ্লবী সংগ্রামের কঠিন পথকে তিনি পরাধীন ভারতের মুক্তির পথ হিসেবে মনে করেছিলেন। এই পথেই তিনি হেঁটেছেন অনির্বাণ আলোকশিখা হয়ে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# ইরান থেকে শিক্ষা নিয়ে আমাদের সজাগ থাকতে হবে

**শোভানলাল চক্রবর্তী**

২২ বছরের মাহশা আমিনির মৃত্যুর পর ইরানে বিক্ষোভ ছড়িয়ে পড়েছে। ইরানের মহিলারা প্রকাশ্যে তাদের হিজাব খুলে ফেলছেন এবং সেগুলি পুড়িয়ে দিচ্ছেন। আমিনিকে ইরানের নীতি পুলিশ ভুল প্রথায় হিজাব পরার অপরাধে গ্রেফতার করেছিল। তাঁর বিরুদ্ধে অভিযোগ ছিল, তিনি তাঁর চুল পুরোপুরি ঢেকেনি। সংবদামাধ্যম সূত্রে জানা গিয়েছে, সপ্তাহের শুরুতে তেহরানে গ্রেফতার করা হয় তাঁকে। তিনি শুক্রবার মারা যান। তাকে মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে সোশ্যাল মিডিয়ায়। পুলিশ সেই দাবি অস্বীকার করেছে। বলা সময়ে তিনি অসুস্থ হয়ে পড়েছিলেন। এই ঘটনা নতুন করে অগ্নিসংযোগ করেছেন ইরানের সাধারণ মানুষের মনে। সোশ্যাল মিডিয়ায় সাধারণ নারীদের বিক্ষোভের বেশ কয়েকটি ভিডিয়ো দেখা গিয়েছে, যাতে দেখা গিয়েছে বিক্ষোভকারীরা সরকার বিরোধী স্লোগান দিচ্ছেন। কিছু ভিডিয়োতে দেখা কাঁদানে গ্যাস ব্যবহার করা হচ্ছে। সাত ইরানে পরতে বাধ্যতামূলক। এর বিরোধিতায় কেটে ফেলে এবং হিজাব পুড়িয়ে দিয়েছেন। ইরানের সাংবাদিক ও সমাজকর্মী মাসিহ আলিনেজাদ একটি ভিডিয়ো টুইট করেছেন এবং বলেছেন, "পুলিশ কর্তৃক মাহসা তাঁদের চুল কেটে এবং নিজেদের হিজাব পুড়িয়ে ক্ষোভ প্রকাশ করছেন। আমরা এই লিঙ্গ বৈষম্যের শাসনে বিরক্ত।" মাসিহ আলিনেজাদ আরেকটি টুইটে বলেছেন, "এটাই আসল ইরান, ইরানের সাকেজে নিরাপত্তা বাহিনী মাহশা আমিনির দেহ কবর দেওয়ার পরে শান্তিপূর্ণ বিক্ষোভকারীদের উপর গুলি চালায়। বেশ কয়েকজন বিক্ষোভকারী আহত হয়েছেন। প্রথমে হিজাব এবং এখন বন্দুক ব্যবহার করে এবং শোকার্ত মানুষের বিরুদ্ধে কাঁদানে গ্যাস ছোড়ে। সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীরা আরও বহু তাঁদের হিজাব খুলেছিলেন এবং নীতি পুলিশ ইউনিট"-এর কাছ থেকে কঠোর শাস্তি পেয়েছেন।

ইরানের শরিয়া বা ইসলামী আইনের অধীনে, মহিলারা তাঁদের চুল ঢেকে রাখতে এবং লম্বা, টিলেঢালা পোশাক পরতে বাধ্য। এই নিয়ম ভাঙলে তিরস্কার, জরিমানা বা গ্রেফতারের মুখে পড়তে হয়। ইরানি কর্তৃপক্ষ বিক্ষোভকারীদের বিরুদ্ধে কেরমানশাহে দু'জন বেসামরিক নাগরিকের পাশাপাশি শিরাজে একজন পুলিশ সহকারীকে তহ্যার অভিযোগ করেছে। উত্তর-পশ্চিমাঞ্চলীয় শহর সাকেজ থেকে আসা ২২ বছর বয়সী কুর্দি নারী মাহশা আমিনি কোমায় তিন দিন কাটানোর পর হাসপাাতলে মারা যান। তেহরানে তার ভাইয়ের সাথে শাকার সময় ইরানের কঠোর নৈতিকতা বিষয়ক পুলিশ তাকে গ্রেপ্তার করেছিল। তারা মিজ আমিনির বিরুদ্ধে অভিযোগ করেছিল যে তিনি নারীদের হিজাব বা চাদর দিয়ে চুল ঢেকে রাখা এবং টিলেঢালা পোশাক পরার আইন ভঙ্গ করেছেন। পুলিশের একটি ডিটেনশন সেন্টারে অজ্ঞান হয়ে যাওয়ার পরপরই তিনি কোমায় চলে যান। জাতিসংঘের মানবাধিকার বিষয়ক ভারপ্রাপ্ত হাইকমিশনার নাদা আল- নাশিফ বলেছেন, পুলিশ আমিনির মাথায় লাঠি দিয়ে বাড়ি মারে এবং তাদের একটি গাড়ির সাথে আঘাত করার পর তার মাথা ফেটে যায়। তবে পুলিশ তার সাথে দুর্যবহারের কথা অস্বীকার করেছে এবং বলেছে যে হঠাৎ করে তার হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যায়। তবে তার পরিবার বলেছে, তিনি শারীরিকভাবে সুস্থ ছিলেন। মাহশা আমিনির মর্মান্তিক মৃত্যু এবং নির্যাতন ও দুর্ব্যবহারের অভিযোগগুলি অবশ্যই একটি স্বাধীন ও উপযুক্ত কর্তৃপক্ষেরদ্বারা

*ইরানের শরিয়া বা ইসলামী আইনের অধীনে, মহিলারা তাঁদের চুল ঢেকে রাখতে এবং লম্বা, টিলেঢালা পোশাক পরতে বাধ্য। এই নিয়ম ভাঙলে তিরস্কার, জরিমানা বা গ্রেফতারের মুখে পড়তে হয়।*

অবিলম্বে, নিরপেক্ষভাবে এবং কার্যকরভাবে তদন্ত করা উচিত এবং নিশ্চিত করতে হবে তার পরিবার সত্য ঘটনা জানতে পারবে এবং তারা ন্যায়বিচার পাবে, বলছেন মিড নাশিক্ষ। তিনি উল্লেখ করেন যে জাতিসংঘ নারীদের প্রতি সহিংস আচরণের অসংখ্য এবং যাচাইকৃত ভিডিও পেয়েছে কারণ নৈতিকতা পুলিশ সাম্প্রতিক মাসগুলিতে টিলেঢালা হিজাব পরা মহিলাদের দমন করতে রাস্তায় টহল বাড়িয়েছে। ইরানের সবেচ্চি নেতা আয়াতুল্লাহ আলী খামেনির একজন সহযোগী সোমবার আমিনির পরিবারের সাথে দেখা করেছেন এবং তাদের বলেছেন যে যেসব প্রতিষ্ঠান অধিকার লঙ্ঘন করেছে তাদের সবার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। ইরানের একজন সিনিময় এমপি জালাল রশিদি কুচি প্রকাশ্যে নৈতিকতা পুলিশের সমালোচনা করে বেলেছেন, এ বাহিনী তৈরি একটি 'ভুল' কাজ, কারণ এটি ইরানের জন্য শুধু ক্ষতিই বয়ে এনেছে। ইসলামী বিপ্লবের পর ইরানে এধরনের প্রতিবাদ আগে কখনো হয়নি। এই প্রতিবাদ নিয়ে দুটি ধারনা এ মুহূর্তে প্রচলিত আছে। প্রথমটি হলো আমেরিকা ইউরোপ ও ইসরাইলের প্ররোচনায় কিছু ইরানী এই প্রতিবাদের নেতৃত্ব দিচ্ছে। এটি ইরানের কট্টরপন্থীদের নেতৃত্ব থেকে সরিয়ে দেবার চক্রান্ত দ্বিতীয় যে ধারনা প্রচলিত সেটা হলো, ইরানের জনগণই কট্টরপন্থীদের শাসনের অতিষ্ট হয়ে স্বতস্ফূর্তভাবে প্রতিবাদ জানাতে রাস্তায় নেমে পড়েছে। বেশ কয়েকজন ইরানী পুলিশের গুলিতে নিহত হয়েছে। তারপরও প্রতিবাদ বন্ধ হয়নি। ইরানের তথাকথিত ইসলামী শাসনব্যবস্থার নানা ত্রুটি আজকে আমাদের সামনে চলে এসেছে। অথচ, সাধারন ইরানীরা এই কট্টরপন্থা পালন করতে না পেরে ইরানের বাইরে গিয়ে দুবাই, কাতার, সিঙ্গাপুর, জাপান, লন্ডন, কানাডা, প্রভৃতি দেশে গিয়ে তুলনামূলক স্বাধীন জীবন যাপন করছে। এসব দেশে বসবাসরত ইরানী মহিলাদের জীবনযাপন পদ্ধতি দেখলে অবাক হতে হবে। ইরান তেল, গ্যাসসহ নানা প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। দেশের আয়তন, লোকসংখ্যা, মানবসম্পদ প্রভৃতির বিচার করলে ইরান কোন অংশেই সৌদিআরব, দুবাই, কাতার সহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশগুলোর চাইতে কোন অংশেই কম নয়। কিন্তু ইরান এই দেশগুলোর চাইতে অর্থনৈতিক, বাণিজ্যিক সবদিক দিয়ে পিছিয়ে আছে। ইরান কয়েকটি ফিলিস্তিন গেরিলা গ্রুপকে অর্থ দিয়ে সহায়তা করে থাকে। বলা যায়, ইরানের অর্থেই এ গ্রুপগুলো টিকে আছে। অধিকাংশ ইরানী জনগন তাদের দেশের অর্থের এই অপচয়ে বিরক্ত। কারন ফিলিস্তিনের অধিকাংশ লোক ইরানীদের সহ অন্যান্য আরব দেশকেই তাদের বন্ধু মনে করে। ইসলামী সমাজ ব্যবস্থা নামক তথাকথিত কিছু মোল্লাদের প্রনীত নিয়মকানুন ইরানের জনগনের জীবন দুর্বিষহ করে তুলেছে। ইরানের ঘটনাক্রম থেকে শিক্ষণীয় এই যে রাষ্ট্র কখনো তার নাগরিকদের ধর্ম পালনে জোর করতে পারেনা, এতে কখনো শুভ ফল হয়না। ধর্ম পালন করা বা পালন না করা নাগরিকের নিজস্ব ব্যাপার, রাষ্ট্রের এতে উৎসাহ দেয়া বা বাধা দেয়ার কোন দরকার থাকতে পারেনা। তথাকথিত ইসলামী সমাজ ব্যবস্থা বা রাষব্যবস্থা চালু হলেও রাষ্ট্রের সকল নাগরিকের অধিকার সুরক্ষিত হবেনা। নাগরিকদের অধিকার সুরক্ষিত করতে পারেনি। বরং শাসকশ্রেণির অধিকারকে সুরক্ষিত করেছে। শাসকশ্রেণি তাদের স্বার্থরক্ষায় সবসময় ইসলাম ধর্মকে ব্যবহার করে যাচ্ছে। গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র, ধর্মতন্তর পুঁজিবাদ প্রতিটি সমাজব্যবস্থাই সমাজে বসবাসকারীদের স্বার্থরক্ষায় চরমভাবে ব্যর্থ হয়েছে। প্রতিটি সমাজব্যবস্থায় ধনী দরিদ্রের পার্থক্য আরো ভয়াবহভাবে বেড়ে গেছে। প্রতিটি সমাজব্যবস্থা সবসময়ই কিছু গোষ্ঠীর স্বার্থরক্ষীয় কাজ করে যাচ্ছে। যদিও আদর্শ সমাজ ব্যবস্থা আমরা কখনোই পাব না। কারন কোন সমাজব্যবস্থাই সমাজে বসবাসকারীদের সমান সুযোগ সুবিধা দিতে পারেনি ও আগামীতেও পারবে না। ছদ্মাবরনে যখন শাসকশ্রেণি তাদের নিজেদের স্বার্থরক্ষীয় আমাদের উপরে নানা ধরনের নিয়মকানুন চাপিয়ে দিতে চাইবে, তখন আমাদেরকে সজাগ থাকতে হবে। **(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

### শীঘ্রই করিমগঞ্জ রেলস্টেশনকে আন্তর্জাতিক মানে উন্নীত করা হবে, গড়া হবে টার্মিনাল : অনশুল গুপ্তা

# বরাক উপত্যকা থেকে ইন্টারসিটি এক্সপ্রেস পরিষেবাও শীঘ্রই শুরু হচ্ছে

গুয়াহাটি, ১৮ অক্টোবর (হি.স.) : প্রায় ১২০ কোটি টাকা ব্যয়ে আন্তর্জাতিক মানের রেলস্টেশনে উন্নীত হচ্ছে করিমগঞ্জ রেল স্টেশন। টার্মিনাল হচ্ছে ওখানে। সঙ্গে পরিকাঠামো আরও উন্নত করা হচ্ছে বদরপুর সহ ডিমাপুর রেল স্টেশনের। জানান উত্তরপূর্ব সীমান্ত রেলের জিএম অনশুল গুপ্তা।

ভারত বিকাশ পরিষদের রিজিওয়াল কমিটির পদাধিকারীরা সোমবার গুয়াহাটির মালিগাঁওয়ে উত্তরপূর্ব সীমান্ত রেলের জিএম অনশুল গুপ্তার সঙ্গে সাক্ষাৎ করলে এই খবর দিয়েছেন তিনি। বরাক উপত্যকার রেল যোগাযোগ ব্যবস্থার উন্নতিকরণের জন্য ভারত বিকাশ পরিষদের পক্ষ থেকে একটি স্মারকপত্র তুলে দেওয়া হয় জিএম অনশুল গুপ্তার হাতে। বরাকের রেল পরিষেবা নিয়ে বিস্তর আলোচনা হয় তাঁর বাসভবনে।

ভারত বিকাশ পরিষদের রিজিওয়াল কমিটির পদাধিকারীদের জিএম জানান, মহিশাসন দিয়ে বাংলাদেশের রেল যোগাযোগ চালু করার জন্য করিমগঞ্জে একটি আন্তর্জাতিক টার্মিনাল গড়ে তোলা হবে। যার জন্য বাজেট ধার্য করা হয়েছে ১২০ কোটি টাকা। বলেন, জোরকদমে এগোচ্ছে মহিশাসন-শাহবাজপুর রেলপথের নির্মাণের কাজ। মহিশাসন স্টেশন থেকে ভারত-বাংলাদেশ সীমান্তে জিরো লাইন অবধি ২.৮০ কিলোমিটার মেন লাইন নির্মাণকাজ শেষ হওয়ার পথে। বরাক উপত্যকা থেকে ইন্টারসিটি এক্সপ্রেস পরিষেবাও শীঘ্রই শুরু হচ্ছে বলে জানিয়েছেন তিনি।

বন্যপ্রাণী সুরক্ষার কথা মাথায় রেখে উত্তর-পূর্বাঞ্চলের যে-সব স্থানে রেল সংযোগ হয়েছে, বিশেষ করে পাহাড়ি এলাকায় সেই সব রেল লাইনের পার্ববর্তী অরণ্যে বসবাসকারী বন্যপ্রাণীদের সুরক্ষার কথা চিন্তা করে বিশেষ ভূমিকা নিচ্ছে রেল বিভাগ। ইতিমধ্যে লামডিং ৬০ কিলোমিটার রেল লাইনের উপর সেন্সর লাগানো হয়েছে। এই সেন্সর থেকে ট্রেন যাওয়ার আগে যদি কোনও বন্যপ্রাণী রেল লাইনের আশপাশে থাকে তা-হলে চালকের কাছে সংকেত এসে যাবে, একই সংকেত রেল স্টেশনেও পৌঁছে যাবে। এই প্রযুক্তি ত্রিপুরা, মণিপুর এবং বরাকের কয়েকটি জায়গায় বসানো হবে। বন্যপ্রাণীর সুরক্ষার কথা চিন্তা করে উল্লেখযোগ্য এই পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জিএম গুপ্তা জানিয়েছেন।

মহিশাসন-শিলচর এবং দুল্লভছড়া-শিলচর রুটে নিয়মিত রেল পরিষেবা প্রদান করার দাবি জানিয়েছেন ভারত বিকাশের পদাধিকারীরা। ভারতীয় রেল পরিষেবার অন্তর্গত প্রতিটি দূরপাল্লার ট্রেনের স্টপেজ নিউ করিমগঞ্জে রাখার দাবিও রাখেন তাঁরা। এ ব্যাপারে বিষয়টি বিবেচনা করা হবে বলে জিএম আশ্বাস প্রদান করেছেন বলে জানান ভারত বিকাশ পরিষদের কর্মকর্তারা।

সোমবার গুয়াহাটিতে উত্তরপূর্ব সীমান্ত রেলের জিএমের সঙ্গে সাক্ষাৎকালে ভারত বিকাশ পরিষদের রিজিওনাল কমিটির পক্ষে উপস্থিত ছিলেন রিজিওনাল সেক্রেটারি (সম্পর্ক) সান্তলাল মিত্তাল, রিজিওনাল সেক্রেটারি (সংস্কার) বিশ্বজ্যোতি দে, মধ্য গুয়াহাটি আঞ্চলিক কমিটি সম্পাদক বিমল আগরওয়ালা, ডিমাপুর জেলা কমিটি সম্পাদক অরিজিৎ শর্মা।



বিভিন্ন দাবীতে শ্রম কমিশনারের কাছে ডেপুটেশন দিয়েছেন শ্রমিকরা। ছবি নিজস্ব।

# গাছ লাগান-জল বাঁচান-প্লাস্টিক বর্জনের অভিযান চালাবে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ

প্রয়াগরাজ, ১৮ অক্টোবর (হি.স.) : রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সর্বভারতীয় কার্যনির্বাহী বোর্ডের বৈঠকে পরিবেশ সুরক্ষার বিষয়টি নিয়েও আলোচনা হয়েছে। এজন্য বৃক্ষ রোপণ, জল সংরক্ষণ ও প্লাস্টিক বর্জনের উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। এ অভিযানে অন্যান্য সামাজিক সংগঠনের সহযোগিতা নেওয়ারও একমত হয়। এ ছাড়া পরিবেশ রক্ষা কার্যক্রমের কাজ দ্রুত গতিতে বাড়ানোর ওপর জোর দেওয়া হয়। পরিবেশ সুরক্ষা কার্যকলাপের প্রচেষ্টা পর্যালোচনা করে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরকার্যবাহ দত্তাত্রেয় হোসাবলে বলেন, জলের অপব্যবহার রোধ করতে এবং গাছের সুরক্ষার জন্য প্লাস্টিকের তৈরি জিনিসপত্রের ব্যবহার কমানোর জন্য সামাজিক সচেতনতার প্রয়োজন রয়েছে। আমরা যদি সময়মতো পরিবেশ রক্ষায় সচেতন না হই তাহলে সমাজকে এর মারাত্মক পরিণতি ভোগ করতে হবে।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ছয়টি কার্যক্রম রয়েছে, তার মধ্যে একটি পরিবেশ সুরক্ষা কার্যক্রম। পরিবেশ সুরক্ষা কার্যক্রমের মাধ্যমে পরিবেশের উন্নতির জন্য কাজ করে। এই কার্যক্রমের উদ্দেশ্য সমাজে সচেতনতা সৃষ্টির মাধ্যমে পরিবেশ রক্ষা করা। গাছ লাগান, জল বাঁচান এবং প্লাস্টিক বর্জনকে কেন্দ্র করে সারাদেশে পরিবেশ সুরক্ষা কার্যক্রম চলছে।

আজ মঙ্গলবার প্রয়াগরাজের গৌহানিয়ার জয়পুরিয়া স্কুলের বাৎসল্য ক্যাম্পাসে চলমান রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সর্বভারতীয় কার্যনির্বাহী বোর্ডের সভার তৃতীয় দিন। সভা শেষ হবে আগামীকাল ১৯ অক্টোবর। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরকারীবাহ দত্তাত্রেয় হোসাবলে বুধবার বৈঠকে নেওয়া গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি সম্পর্কে সাংবাদিকদের সাথে কথা বলবেন। প্রথমবারের মতো ৪ দিনব্যাপী কার্যনির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হচ্ছে। সংঘের আধিকারিকদের মতে, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ প্রতিষ্ঠার ১০০ বছর পূর্ণ হচ্ছে। তাই শতবর্ষের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নে কার্যনির্বাহী বোর্ডের সভা ৪ দিন রাখা হয়েছে।

# মিজোরামে বাজেয়াপ্ত ৩০,৮৪,৯৯,৬৯১ টাকার মাদক-ট্যাবলেট মেথামফেটামিন, গ্রেফতার এক

আইজল, ১৮ অক্টোবর (হি.স.) : মিজোরামে বাজেয়াপ্ত করা হয়েছে ৩০,৮৪,৯৯,৬৯১ টাকার মাদক-ট্যাবলেট মেথামফেটামিন। এর সঙ্গে গ্রেফতার করা হয়েছে এক মাদক পাচারকারীকে।

আবগারি ও নারকোটিক দফতরের জনৈক পদস্থ আধিকারিক আজ মঙ্গলবার এই খবর দিয়ে জানান, গতকাল রাত প্রায় আটটা নাগাদ গোপন সূত্রে প্রাপ্ত এক খবরের ভিত্তিতে রাজধানী আইজলের ফকল্যান্ড ভেং এলাকায় তড়িঘড়ি একটি মোবাইল ভেহিক্যাল চেকপোস্ট গড়ে তোলা হয়। ওই চেকপোস্টে আইজলে নিয়োজিত ২৩ সেক্টরের ১৯ এফআইটি ডিজিএআর এফআইইউ-এর আসাম রাইফেলস-এর দলকে সঙ্গে নিয়ে আবগারি ও নারকোটিক আধিকারিকরা যানবাহনে যৌথভাবে তালাশি আভিযান চালান।

রাত প্রায় সাড়ে আটটা নাগাদ চেকপোস্টে সন্দেহজনক একটি গাড়িকে আটক করে তাতে তালাশি চালিয়ে ৯২,৫৫০টি নেশাজাতীয় মেথামফেটামিন ট্যাবলেট উদ্ধার করা হয়। এর সঙ্গে আটক করা হয় মাদক ট্যাবলেট পাচারকারীকে। উদ্ধারকৃত মেথামফেটামিন ট্যাবলেটগুলির আনুমানিক বাজারমূল্য ৩০,৮৪,৯৯,৬৯১ টাকা। বাজেয়াপ্তকৃত নেশার ট্যাবলেটগুলি সহ আটক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ ও আইনি প্রক্রিয়ার জন্য গতকাল রাতেই আইজলে অবস্থিত আবগারি ও নারকোটিক দফতরের আধিকারিকরা নিজেদের হেফাজতে নিয়েছেন।

# অসম দক্ষতা বিকাশ মিশনের উদ্যোগে চারটি কর্মসংস্থানমুখী কোর্সে প্রশিক্ষণের জন্য আহ্বান যুবাদের

করিমগঞ্জ (অসম), ১৮ অক্টোবর (হি.স.) : রাজ্য সরকারের অন্যতম এক প্রকল্প অসম দক্ষতা বিকাশ মিশনের উদ্যোগে চারটি কর্মসংস্থানমুখী কোর্সে প্রশিক্ষণের জন্য ভরতি হতে ইচ্ছুক যুবক-যুবতীদের প্রতি আহ্বান জানানো হয়েছে। গুয়াহাটিয়ে অবস্থিত নর্থ-ইস্ট স্কিল সেন্টারে অনুষ্ঠেয় এই প্রশিক্ষণের সহযোগিতা করবে সিঙ্গাপুরের আইটিইএস সংস্থা।

কোর্সগুলি যথাক্রমে বিউটি ও ওয়েলনেসে ৮০টি আসন, রিটেল সার্ভিসেসে ১২০টি আসন, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিসেসে ১২০টি আসন এবং হসপিটালিটি হাউস কিপিঙের জন্য ৮০টি আসন। করিমগঞ্জের অসম দক্ষতা বিকাশ মিশনের ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার এই তথ্য দিয়ে জানিয়েছেন, এক বছরের এই কোর্সগুলিতে প্রশিক্ষণের জন্য প্রার্থীদের টিউশন ফিজ হিসেবে ১৭,৭০০ টাকা চারটি কিস্তিতে জমা দিতে হবে।

প্রার্থীদের দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ এবং বয়স ১৭ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তিনি আরও জানান, কোর্সগুলিতে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করার পর প্রার্থীদের দেশ ও বিদেশের উচ্চমানের হোটেল, সুপারমার্কেট, ডিপার্টমেন্টাল স্টোর, শপিংমল, বিউটি সেলুন, স্পা ও ওয়েলনেস সেন্টার ইত্যাদিতে চাকরির ব্যবস্থা করা হবে।

এ বছরের জন্য প্রশিক্ষণ শুরু হবে আগামী নভেম্বর মাস থেকে। রেজিস্ট্রেশন ও অন্যান্য বিস্তারিত বিবরণের জন্য ন্দ্রন্দ্রন্দ্র.ঁদ্ধনন্দ্বঁস্থদ্রদ্রথঁঁথদ্ধ.দ্রন্ত্ব ওয়েব ঠিকানা অথবা ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজারের ৭০০২১৩৮৮০২ নম্বর ফোনে যোগাযোগ করা যেতে পারে, জানান ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার।

# দিল্লি-সহ বহু রাজ্যে এনআইএ-র অভিযান

নয়াদিল্লি, ১৮ অক্টোবর (হি.স.) : জাতীয় তদন্ত সংস্থা (এনআইএ) মঙ্গলবার সকালে পঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, চণ্ডীগড় এবং দিল্লি-এনসিআর সহ বেশ কয়েকটি জায়গায় অভিযান চালিয়েছে। এনআইএ-র এই পদক্ষেপের উদ্দেশ্য ভারতে এবং বিদেশে অবস্থিত সন্ত্রাসবাদী, গ্যাংস্টার এবং মাদক চোরাচালানকারীদের বিরুদ্ধে দমন করা।

উল্লেখ্য, পাঞ্জাবি গায়ক সিধু মুসেওয়ালাকে হত্যার পর সেপ্টেম্বরে বড় ধরনের পদক্ষেপ নিয়েছিল সংস্থাটি। ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি দেশের বিভিন্ন রাজ্যে ৬০টিরও বেশি জায়গায় অভিযান চালিয়েছে। এনআইএ-র এই পদক্ষেপটি সিধু মুসেওয়ালা হত্যার সাথে জড়িত সন্দেহভাজন সন্ত্রাসী চক্রের সাথে জড়িত।

# পটনার ফুলওয়ারি শরিফে এনআইএ অভিযান

পটনা, ১৮ অক্টোবর (হি.স.) : মঙ্গলবার সকাল ৬টায় ফুলওয়ারি শরিফের দুটি জায়গায় হানা দিয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। পিএফআই মামলা সংক্রান্ত বিষয়ে এই ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।

সকাল ৬টা থেকে গাজওয়া-ই-হিন্দের সঙ্গে যুক্ত মারগুব আহমেদ ওরফে দানিশের বাড়িতে তল্লাশি চালাচ্ছে এনআইএ দল। টিমের সঙ্গে নিরাপত্তা বাহিনীর সদস্য ও সংস্থার কর্তারা যান। ইতিমধ্যেই দানিশকে গ্রেফতার করা হয়েছে। দানিশ হলেন গাজওয়া ই হিন্দের হোয়াটস অ্যাপ অ্যাডমিন।

# চাকরি পাওয়ার অধিকার নিয়ে বিরোধীদের মন্তব্যের প্রতিবাদে কুণাল

কলকাতা, ১৮ অক্টোবর (হি. স.) : প্রাথমিক শিক্ষা পর্ষদের সামনে চলছে অবিরাম আন্দোলন নিয়ে সরব হয়েছেন বিজেপি-র সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ এবং বাম নেতা সুজন চক্রবর্তী। তার প্রতিবাদ করলেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। দিলীপবাবু মঙ্গলবার বলেছেন, "হকের চাকরি পাওয়ার অধিকার সবার রয়েছে, সরকার শুধু ডেকে নিয়ে গিয়ে কথা বলার নাটক করছে। এই সরকার কতদিন টিকবে সেটাই আশঙ্কার।" এপ্রসঙ্গে এদিন কুণাল ঘোষ বলেন, "দিলীপবাবু দায়িত্বজ্ঞানহীন সস্তা রাজনৈতিক মন্তব্য করছেন। বিভিন্ন স্তরের বিভিন্ন ভাগ রয়েছে। অধিকাংশ জায়গায় সমস্যা নেই, যেগুলি ছিল, সেগুলি ছিল, সেগুলি সব কেটে যাচ্ছে। এখন যারা দাবি করছে, কিছু দাবি আইনগতভাবে পুরো দস্তুর ঠিকঠাক দাবি। আবার কিছু দাবি আসছে, সেগুলি ঠিক কি, ঠিক নয়, সেটা আইনের চোখে এখনও ফয়সালা হয়নি।" প্রসঙ্গত, সোমবার বেলা ১২টা থেকে প্রাথমিক শিক্ষা পর্ষদের সামনে চলছে অবিরাম আন্দোলন। উল্টোদিকেই এক বেসরকারি হাসপাতাল। রাতে আন্দোলনকারীদের পুলিশ জানায়, অবস্থানস্থলে ১৪৪ ধারা জারি রয়েছে। হাসপাতালে অ্যাম্বুল্যান্স যেতে-আসতে সমস্যা হচ্ছে। আইন হাতে তুলে না নেওয়ার জন্য বিক্ষোভকারীদের উদ্দেশে মাইকেও আবেদন জানায় পুলিশ। যদিও এরপরও অবস্থান-বিক্ষোভে অনড় প্রাথমিক টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। একদল ফুটপাথে শুয়ে কাঁদছেন, একদল ঠাঁটা পোড়া রোদ্দুরে বসে রয়েছেন রাস্তায়। একদল, দৌড়চ্ছেন পর্ষদের দিকে। একদল, আন্দোলনস্থলেই অসুস্থ হয়ে পড়লেন।

# আগামীকাল বুধবার থেকে দুদিনের গুজরাট সফরে প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১৮ অক্টোবর (হি.স.) : বুধবার থেকে দুদিনের গুজরাট সফর করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর এই সফরে প্রায় ১৫,৬৭০ কোটি টাকার প্রকল্পগুলির উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, আগামীকাল ১৯ অক্টোবর সকাল ৯:৪৫ টায় গান্ধীনগরের মহাত্মা মন্দির কনভেনশন এবং প্রদর্শনী কেন্দ্রে ডিফএক্সপো ২২-এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী মোদী। দুপুর ১২টার দিকে আদালজে মিশন স্কুল অব এক্সিলেন্সের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। দুপুর সোয়া তিনটায় তিনি জুনাগড়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর পরে, প্রায় ৬ টায়, তিনি ইন্ডিয়া আরবান হাউজিং কনক্লেভ ২০২২ এর উদ্বোধন করবেন এবং রাজকোটে বেশ কয়েকটি বড় প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি রাজকোটে প্রায় ৭:২০ টায় উদ্ভাবনী নির্মাণ অনুশীলনের একটি প্রদর্শনীর উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী ২০ অক্টোবর সকাল ৯:৪৫ টায় কেভাদিয়ায় মিশন লাইফের সূচনা করবেন। দুপুর ১২টার দিকে প্রধানমন্ত্রী কেভাদিয়ায় মিশন প্রধানদের দশম সম্মেলনে যোগ দেবেন। এরপর বিকেল ৩টা ৪৫ মিনিটে তিনি ভায়ারায় বিভিন্ন উন্নয়ন উদ্যোগের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

# কেদারনাথে হেলিকপ্টার দুর্ঘটনায় শোক প্রকাশ রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৮ অক্টোবর (হি.স.) : মঙ্গলবার কেদারনাথের কাছে হেলিকপ্টার দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এদিন একটি টুইট বার্তায় রাষ্ট্রপতি মুর্মু বলেছেন, 'কেদারনাথ ধামের কাছে হেলিকপ্টার দুর্ঘটনায় পাইলট সহ বেশ কয়েকজন তীর্থযাত্রীর মৃত্যুর কথা শুনে খুব দুঃখ লাগছে। যারা তাদের প্রিয়জনকে হারিয়েছে তাদের পরিবারের প্রতি আমার গভীর সমবেদনা।'

উপ-রাষ্ট্রপতি ধনখড় টুইট করেছেন, 'আজ উত্তরাখণ্ডের কেদারনাথে হেলিকপ্টার দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় দুঃখিত। শোকাহত পরিবারের প্রতি আমার গভীর সমবেদনা।'

প্রধানমন্ত্রী মোদী এক টুইটে বলেছেন, 'উত্তরাখণ্ডে হেলিকপ্টার দুর্ঘটনায় মর্মাহত। এই দুঃসময়ে শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে আমার সমবেদনা।'

# পুলওয়ামার বিভিন্ন জায়গায় অভিযান চালায় এসআইইউ

পুলওয়ামা, ১৮ অক্টোবর (হি.স.) : মঙ্গলবার সকালে জম্মু ও কাশ্মীর পুলিশের ডিস্ট্রিক্ট লেভেল ইনভেস্টিগেশন এজেন্সির স্পেশাল ইনভেস্টিগেশন ইউনিট (এসআইইউ) দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামা জেলার আইইডি মামলায় বেশ কয়েকটি জায়গায় অভিযান চালায় বলে পুলিশ জানিয়েছে।

পুলিশের মতে, আগস্ট মাসে ৩০ কেজি আইইডি বাজেয়াপ্ত করার ক্ষেত্রে পুলওয়ামার জুন্দওয়াল, আরমুল্লা, নিলোরা এবং বান্দজু গ্রামে অভিযান চালানো হয়েছে। এ ঘটনায় ইতিমধ্যে কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে। এবছরের আগস্ট মাসে পুলওয়ামার সার্কুলার রোডে তাহাব ক্রসিংয়ের কাছে নিরাপত্তা বাহিনী ২৫ থেকে ৩০ কেজি আইইডি উদ্ধার করেছিল।

# অসমবাসীকে কাতি বিহু-র আন্তরিক শুভেচ্ছা রাজ্যপাল অধ্যাপক মুখির

গুয়াহাটি, ১৮ অক্টোবর (হি.স.) : 'কাতি বিহু' (কার্তিক সংক্রান্তি) উপলক্ষ্যে অসমের সর্বস্তরের জনসাধারণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল অধ্যাপক জগদীশ মুখি।

এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেছেন, 'আমাদের সমাজের সকল শ্রেণির মানুষ কাতি বিহু পালন করেন কৃষি সমৃদ্ধির লক্ষ্যে। কৃষিভিত্তিক এই উৎসব পালনের মধ্য দিয়ে রাজ্যের শস্য-শ্যামলা খেত সোনায় ভরপুর হয়ে রাজ্যের কৃষককুলের মধ্যে নতুন আশা ও উদ্যম সৃষ্টি করবে। বিহু উদযাপন আমাদের রাজ্যে অত্যন্ত গুরুত্ব বহন করে। কারণ সমস্ত জাতি, ধর্ম এবং সম্প্রদায়ের মানুষ তাদের ফসল রক্ষা করার জন্য সর্বশক্তিমানের কাছে প্রার্থনা করেন। মানুষ তাঁদের বাড়ির বাইরে মাটির প্রদীপ জ্বালান, পবিত্র তুলসী তলায় প্রদীপ জ্বালিয়ে আলোকিত করেন।' রাজ্যপাল অধ্যাপক মুখি বলেন, 'আসুন, আমরা সবাই ধানক্ষেত এবং পবিত্র তুলসী গাছের নীচে মাটির প্রদীপ জ্বালিয়ে দেবী লক্ষ্মীর প্রার্থনা করি, পূজা করি এবং স্বাগত জানাই। জমিতে মাটির প্রদীপ দেওয়ার রীতি কৃষির সাথে সম্পর্কিত সমস্ত ত্রুটি ধ্বংস করে এবং রাজ্যে কৃষি বৃদ্ধির দিকে নিয়ে যায়।' বলেন, কাতি বিহুর প্রদীপের আলো আমাদের সমাজ থেকে অপশক্তি, বিভেদের অন্ধকার দূর করে নিয়ে আসবে সম্প্রীতির বন্ধন।

# কোভিড গ্রাফ নিম্নমুখী, দৈনিক সংক্রমণ কমল অনেকটাই

নয়াদিল্লি, ১৮ অক্টোবর (হি. স.) : দেশের সাম্প্রতিক কোভিড গ্রাফ নিম্নমুখী। মঙ্গলবার স্বাস্থ্যমন্ত্রকের বুলেটিন অনুযায়ী, দৈনিক সংক্রমণ কমল অনেকটাই। কমল সক্রিয় করোনা রোগীর সংখ্যাও। দেশের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে কোভিড পজিটিভ হয়েছেন ১৫৪২ জন। সোমবারও যা ছিল দু'হাজারের বেশি। একদিনে মহামারীর কবল থেকে সুস্থ হয়েছেন ১৯১৯ জন। শতকরা হিসেবে ৯৮.৭৬ু। আর অ্যাকটিভ কেস কমে দাঁড়িয়েছে প্রায় সাড়ে ২৬ হাজারে। সোমবার ২৬ হাজার ৮০০-র বেশি ছিল এই সংখ্যা। মোট আক্রান্তের তুলনায় তা মাত্র ০.০৬ শতাংশ। দেশে এই মুহূর্তে পজিটিভিটি রেট ০.৬৮ শতাংশ।দেশে দৈনিক সংক্রমণ, মৃত্যু, পজিটিভিটি রেট, আকটিভ কেস — সবই নিম্নমুখী। মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে টিকাকরণ চলছে জোরকদমে। স্বাস্থ্যমন্ত্রকের পরিসংখান অনুযায়ী, এখনও পর্যন্ত দেশে ২১৯ কোটি ৩৭ লক্ষের বেশি টিকার ডোজ দেওয়া হয়েছে। গত ২৪ ঘণ্টাতেই ৪ লক্ষ ২৩ হাজার ৮৭ ডোজ পেয়েছেন দেশবাসী।

# শীতবস্ত্র নিয়ে রাজধানী আগরতলায় আসলেন ভুটানিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** শীতের আগমন ঘটতে চলেছে রাজ্যে। আর তার সাথে সাথে প্রতিবছরের মতো এবার ও রাজ্যে এসেছে ভুটানিরা তাদের শীতবস্ত্র নিয়ে। আগামী ২০ অক্টোবর থেকে বটতলা পুরানো টিআরটিসি এলাকায় তাদের এই শীত বস্ত্র মেলা শুরু হবে। যাকে কেন্দ্র করে বর্তমানে প্রস্তুতি একেবারে তুঙ্গে। এবছর পুর নিগমের তরফ থেকে এই জায়গা ধার্য করা হয়েছে তাদের জন্য। তারা জানিয়েছেন গত দুবছর করোনা ভাইরাসের জন্য তারা তাদের শীতবস্ত্রের পসরা সাজিয়ে বসেনি। তবে এবছর একটু বাড়তি বিক্রির আশায় তারা তাদের প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। দীর্ঘ ৪০ বছর ধরে তারা ভূটান থেকে শীত বস্ত্র নিয়ে আসছে রাজ্যে। যাকে কেন্দ্র করে রাজ্যবাসীর মধ্যেও ব্যাপক উৎসাহ উদ্দিপনা লক্ষ্য করা যায় প্রতিবছর।

# শ্রম কমিশনারকে ডেপুটেশন শ্রমিকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** কাজ করে টাকা পাচ্ছেন না শ্রমিকরা। বাধ্য হয়ে শ্রমিক দপ্তরে শ্রম কমিশনার এর দ্বারস্থ শ্রমিক রা। ঘটনার বিবরণে প্রকাশ, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে যখন লকডাউন ছিল, তখন বন্ধন ব্যাংক থেকে ঋণ নিয়ে দুটি প্রাইভেট সংস্থার বৈদ্যুতিক লাইনের কাজ করেছিলেন কন্ডাকটররা। তবে ১১ লক্ষ টাকা পাওনা থাকলেও এখনও তাদের সেই বকেয়া মিটিয়ে দেওয়া হচ্ছে না। ওই সংস্থা বিভিন্ন তাল বাহানা করছে বলে অভিযোগ। তাই বাধ্য হয়ে বকেয়া টাকা পাওয়ার আশায় এদিন শ্রম কমিশনার এর নিকট ডেপুটেশন দেন তারা। এদিকে শ্রম কমিশনার ডঃ নরেশ বাবু এন এই বিষয়টি গুরুত্ব সহকারে দেখার আশ্বাস দেন।

# তেলিয়ামুড়ায় দূর্ঘটনায় আহত রিক্সা চালকসহ দুজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** তেলিয়ামুড়ার নেতাজী নগরে দ্রুতগামী একটি গাড়ির থাকায় রিক্সাচালক ও এক যাত্রী গুরুতরভাবে আহত হয়েছেন। দমকল বাহিনীর জোয়াররা আহতদের উদ্ধার করে তেলিয়ামুরা হাসপাতালে ভর্তি করিয়েছে। আবারো যান দুর্ঘটনায় আহত দুই। ঘটনা, তেলিয়ামুড়া থানাধীন নেতাজীনগর ব্রিজ সংলগ্ন এলাকায় আসাম আগরতলা জাতীয় সড়কে। জানা যায়, আসম আগরতলা জাতীয় সড়ক ধরে যাত্রী নিয়ে যাওয়ার সময় একটি রিক্সাকে পেছন দিক থেকে আসা একটি গাড়ি সজোড়ে ধাক্কা দিয়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। গাড়ির ধাক্কায় রিক্সাটি দুর্ঘটনার কবলে পড়ে এবং আহত হয় রিক্সার চালক সহ রিক্সাতে থাকা এক যাত্রী। সঙ্গে সঙ্গে স্থানীয় লোকজনেরা খবর দেয় তেলিয়ামুড়া দমকল বাহিনীর কর্মীদের।দুর্ঘটনার খবর পেয়ে তেলিয়ামুড়া দমকল বাহিনীর কর্মীরা দুর্ঘটনাস্থলে ছুটে যায় এবং আহতদের উদ্ধার করে নিয়ে আসে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। দুর্ঘটনায় আহতদের নাম শ্যামল পাল ও দুলাল রায়। বর্তমানে আহতদের চিকিৎসা চলছে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের জরুরীকালীন বিভাগে। এখনো পর্যন্ত গাড়িটির কোন হদিশ মিলেনি।

# জৈব সার তৈরীর প্রশিক্ষণ কাঁকড়াবনে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** কাকড়াবন ফরেস্ট অফিসের হল ঘরে কাঁকড়াবন এলাকার কৃষকদের নিয়ে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয় মঙ্গলবার। এনটিএফপি সেন্টার অফ এক্সিলেন্সের পক্ষ থেকে করা হয়। প্রশিক্ষণ দেওয়া হয় কিভাবে বাড়িতে জৈব সার উৎপন্ন করা যায়। এদিন উপস্থিত ছিলেন ট্রেনিং ক্যাপাসিটি বিল্ডিং অফিসার শুভাশিস দত্ত কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুপ্রিয়া সাহা, ইচ্ছাছড়া পঞ্চায়েতের প্রধান তপন দেব। তাদের অভিমত এই কর্মসূচির মাধ্যমে কৃষকরা উপকৃত হবে।

# করিমগঞ্জের লক্ষ্মীবাজারে ১০ লক্ষ টাকার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত বিএসএফের

করিমগঞ্জ (অসম), ১৮ অক্টোবর (হি.স.) : করিমগঞ্জ জেলা সদরের উপকণ্ঠ ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী লক্ষ্মীবাজার থেকে ১০ লক্ষ টাকার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছেন বিএসএফ-এর জওয়ানরা। তবে এর সঙ্গে জড়িত অভিযোগে কাউকে আটক করতে পারেনি বিএসএফ। বিএসএফ সূত্রে প্রাপ্ত খবরে প্রকাশ, ইয়াবা ট্যাবলেটগুলি বাংলাদেশে পাচার করার পরিকল্পনা ছিল মাদক কারবারিদের। গোপন তথ্যের ভিত্তিতে ভারত বাংলাদেশের সীমান্ত এলাকা উত্তর করিমগঞ্জ বিধানসভা এলাকাধীন লক্ষ্মীবাজার এলাকা গত রাতে ২০০০টি হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছেন বিএসএফের ০৭ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা।

সীমান্ত এলাকায় ইদানীং মাদক পাচার বহুগুণ বেড়ে গেছে। প্রতিদিন এক একটা এলাকা থেকে মাদক সামগ্রী বাজেয়াপ্ত করছিলেন বিএসএফের জওয়ানরা। বিশেষ করে ইয়াবা ট্যাবলেট, বিলাতি মদ। রাতের অন্ধকারে সীমান্ত দিয়ে ইয়াবা পাচারের খবর আসলে গত রাতে অভিযান চালায় বিএসএফের জওয়ানরা। এর পর বর্ডার রোডের পাশ থেকে উদ্ধার করা হয় বিপুল পরিমাণের মাদক সামগ্রী। তবে কোনও পাচারকারীকে আটক করতে পারেনি বিএসএফ। গত কয়েকদিন ধরে সীমাহীন হারে বেড়েছে সীমান্ত দিয়ে চোরাচালান। বিএসএফ যতই কঠোর হচ্ছে ততই যেন মাথাচাড়া দিয়ে বসেছে চোরাকারবারিরা। একের পর এক অভিযান চালিয়ে বিএসএফ পুলিশ কোটি কোটি টাকার ইয়াবা, হেরোইন ইত্যাদি বজেয়াপ্ত করার পাশাপাশি পাচাকরারীদের গ্রেফতাও করা হচ্ছে। তবু কিছুতেই থেমে নেই মাদক কারবারিরা।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## ব্রেইন টিউমারের লক্ষণ হতে পারে এসব উপসর্গ



ব্রেইন টিউমারের লক্ষণগুলো খুবই বিভ্রান্তিকর। দৈনন্দিন কিছু সমস্যা যেমন মাথাব্যথা এবং ক্লান্তির মত উপসর্গগুলোই ব্রেইন টিউমারের লক্ষণ হতে পারে। কী করে বুঝবেন এসব উপসর্গ গুরুতর নাকি স্বাভাবিক?

মস্তিষ্কে ক্যান্সার বা টিউমারে খুব বেশি মানুষ আক্রান্ত হন না। কিন্তু তা প্রায় সব ক্ষেত্রেই জীবনঘাতী, কারণ এর লক্ষণগুলো শনাক্ত করা খুব সহজ নয়।

ব্রেইন টিউমারের লক্ষণগুলো খুবই বিভ্রান্তিকর। দৈনন্দিন কিছু সমস্যা যেমন মাথাব্যথা এবং ক্লান্তির মত উপসর্গগুলোই ব্রেইন টিউমারের লক্ষণ হতে পারে। কী করে বুঝবেন এসব উপসর্গ গুরুতর নাকি স্বাভাবিক?

১) ক্রমাগত মাথাব্যথা

সাধারণ মাথাব্যথা এবং ব্রেইন টিউমারজনিত মাথাব্যথার মাঝে পার্থক্য হলো, এই মাথাব্যথা সহজে যায় না। দিনের পর দিন মাথাব্যথা অব্যাহত থাকে। এমনকি সকালে ঘুম থেকে ওঠার সাথে সাথেই এই মাথাব্যথা পীড়া দেওয়া শুরু করে। কোনো ওষুধেই যদি এই মাথাব্যথা দূর না হয়, তাহলে ডাক্তারের সাথে কথা বলুন।

২) দৃষ্টিশক্তি কমে যাওয়া

দৃষ্টিশক্তি কমে যাওয়াটা খুব সূক্ষ্ম একটি পরিবর্তন। এটা অনেকেই খেয়াল করেন না। একে ডাক্তাররা বলেন বাইটেম্পোরাল হেমিয়ানোপসিয়া। অনেক সময়ে ঘরের ফার্নিচারে ঘন ঘন ধাক্কা খাওয়া বা গাড়ি অ্যাক্সিডেন্ট করার প্রবণতা দেখা যায় এর কারণে।

৩) কথা বলতে সমস্যা

কথা বলতে সমস্যা যেমন তোতলানো, কোনো জিনিস বা মানুষের নাম সহজে মনে করতে না পারা এবং অন্যের কথা বুঝতে সমস্যা হতে পারে ব্রেইন টিউমারের লক্ষণ।

৪) ঝুঁকি নেওয়ার প্রবণতা ও খিটখিটে মেজাজ

ব্রেইন টিউমার থাকলে রোগীদের মাঝে ডিপ্রেশন, অ্যাংজাইটি এমনকি খিটখিটে মেজাজের প্রবণতা দেখা যায়। তারা ক্রমাগত ঝুঁকিপূর্ণ কাজের প্রতি আগ্রহ দেখাতে থাকে, আগ্রাসী মনোভাব প্রদর্শন করে।

৫) শ্রবণশক্তি হারানো ও কানে তালা লাগা

একদিকের কানে শ্রবণশক্তি কমে যাওয়া বা একেবারেই কিছু শুনতে না পারা, অথবা কানে তালা লাগার মতো বা অবিরত ঘণ্টার মতো শব্দ শোনা গেলে ডাক্তারের পরামর্শ নিন দ্রুত।

৬) বন্ধ্যাত্ব মস্তিষ্কের পিটুইটারি গ্ল্যান্ডের কাজ হলো শরীরের বিভিন্ন হরমোনের নিঃসরণ নিয়ন্ত্রণ। মস্তিষ্কে টিউমারের কারণে পিটুইটারি গ্ল্যান্ড প্রভাবিত হলে নারীরা গর্ভধারণে অক্ষম হতে পারেন অথবা সন্তান প্রসবের পর স্তন্যদানে অক্ষম হতে পারেন।

৭) ভারসাম্যহীনতা হাঁটার সময় ভারসাম্য রাখতে অসুবিধা, বিশেষ করে অন্ধকারে হাঁটতে সমস্যা বা একদিকে ঝুঁকে হাঁটার প্রবণতা হতে পারে মস্তিষ্কের সেরেবেলাম অংশে টিউমারের লক্ষণ।

৮) ক্লান্তি ও আলস্য মস্তিষ্কের মোটর কর্টেক্স অংশটি সারা শরীরে পেশী নিয়ন্ত্রণ করে। ডানদিকের মোটর কর্টেক্স শরীরের বামদিক নিয়ন্ত্রণ করে, আর বামদিকের মোটর কর্টেক্স শরীরের ডানদিক নিয়ন্ত্রণ করে। এসব জায়গায় টিউমার থাকলে শরীরে ব্যথা হবে না, তবে হাত-পায়ে দুর্বলতা, এসব অঙ্গ নড়াচড়া করতে সমস্যা হতে পারে।

## এখন মাত্র দুই মিনিটেই ফিরবে আপনার ত্বকের উজ্জ্বলতা

দিনের শুরুটা নষ্ট হওয়ার জন্য সকালে ঘুম থেকে উঠে নিজের মলিন কালচে ত্বক নজরে পড়াই যথেষ্ট। রাতে ঘুম ভালো না হলে ত্বক মলিন হয়ে যায়। কালচে ত্বক অনায়াসেই অন খারাপ করে দেয়। আর যদি দিনটি স্পেশাল থাকে, তবে তো কথাই নেই! পুরো দিনটাই মাটি হয়ে যায়।

অনেকেই ভাবেন তাতণিকভাবে তো আর ত্বক উজ্জ্বল করা যাবে না এবং ত্বকের কালচে ভাবও দূর করা যাবে না, তাহলে কি করা যায়। চিন্তা করবেন না, তাতণিক ভাবেই ত্বকের উজ্জ্বলতা ফিরে পাওয়ার রয়েছে দারুণ কার্যকরী কৌশল। চলুন জেনে নেয়া যাক সেই কৌশলটি- যা যা লাগবে ৩ টেবিল চামচ চাল, ৩ টেবিল চামচ তিলবীজ, ১ কাপ জল। তৈরি ও ব্যবহার পদ্ধতি প্রথমে চাল ধুয়ে জল ঝড়িয়ে নিন। এরপর তিল ও জল একসঙ্গে মিশিয়ে ১ কাপ জলে ভিজিয়ে রাখুন সারারাত। সকালে জল ঝড়িয়ে হামান দিস্তায় পিষে অথবা গ্রাইন্ডারে গ্রাইন্ড করে মিশ্রণ তৈরি করুন। একেবারে মিহি করে ফেলবেন না, আবার অনেক বড় দানাও রাখবেন না এভাবে পিষে নিন। এই মিশ্রণটি সকালে স্ক্রাবের মতো করে পুরো ত্বকে লাগিয়ে নিন এবং ২ মিনিট রেখে দিন। ২ মিনিট পর আলতো করে ঘষে নিন এবং ঠাণ্ডা জলে ভালো করে ধুয়ে ফেলুন।

আপনি চাইলে এই স্ক্রাবটি দিয়ে পুরো দেহ স্ক্রাব করে নিতে পারেন দেহের ত্বকের তাতণিক উজ্জলতার জন্য। একটি এয়ার টাইট কনটেইনারে ভরে ৭ দিন পর্যন্ত ফ্রিজে সংরক্ষণ করতে পারেন এই স্ক্রাবটি। তবে ভালো ফলাফলের জন্য দুদিন পর পর নতুন করে মিশ্রণ বানিয়ে নিন।

যেভাবে কাজ করে চালের দানা ত্বকে স্ক্রাবের মতো ব্যবহৃত হয়, যার ফলে ত্বকের উপরের মরা চামড়া খুব ভালো করে দূর হয়ে যায়। সেই সঙ্গে ত্বকের উপরিভাগে জমে থাকা ময়লা দূর করে ত্বকের আসল দীপ্তি ফিরিয়ে আনতে সহায়তা করে। তিলবীজ ত্বকের জন্য অনেক কার্যকরী একটি উপাদান। তিলের তেল অনেক আগে থেকেই রূপচর্চার কাজে ব্যবহার হয়ে আসছে। এই মিশ্রণের পিষে নেয়া তিল ত্বককে নারিশ ও ময়েসচারাইজ করে, যা ত্বকের উজ্জ্বলতা বৃদ্ধিতে সহায়তা করে তাতণিকভাবেই।



## চিকেন-মটন বাদ, ডিম দিয়ে বানানো এসব রেসিপি

অক্টোবরের দ্বিতীয় শুক্রবার আন্তর্জাতিক বিশ্ব ডিম দিবস। সেই হিসেবে ১৪ অক্টোবর এই ডিম দিবস। ভাবছেন এ আবার কেমন দিবস। পুষ্টিবীদরা ডিমের পুষ্টি বোঝাতে এই দিনটা গোটা বিশ্ব সেলিব্রেট করে। আর যাঁরা ডিমপ্রেমী তাঁদের কিন্তু কোনও দিবস লাগে না।তবুও আলাদা করে বিশ্ব ডিম দিবসে সেলিব্রেট করার জন্য রইল ডিমের চার সহজ রেসিপি।

পাস্তা কারবোনারা

৪ টি ডিম নিন। একটি পাত্রে ডিমের হলুদ অংশগুলো সরিয়ে রাখুন। এরমধ্যে দিন পরিমাণমতে চিজ। অন্যপাত্রে পাস্তা সেদ্ধ করুন। এর মধ্যে ডিমের হলুদ অংশ দিয়ে ভাল করে রান্না করুন। মিশিয়ে পাস্তা সস। তৈরি পাস্তা কারবোনারা।

এগ মাফিন চটজলদি ব্রেকফাস্টের জন্য এগ মাফিন খুবই ভাল খাবার। দুটো ডিম ভাল করে ফেটিয়ে নিন। তার মধ্যে নানাধরনের ভেজিটেবল দিতে পারেন। তবে ক্যাপসিকাম কিন্তু মাস্ট। মিশিয়ে দিন চিজ বা মাখন। ভাল করে ফেটিয়ে নিয়ে ছোট ছোট পাত্রে রেখে বেক করে নিন। তৈরি আপনার মাফিন।

এগ পিতাএ রান্না খুবই সহজ। তিনটে ডিম নিন। ভাল করে ফেটিয়ে নিন। ডিমের মধ্যে পরিমাণমতো নুন মিশিয়ে নিন। অল্প চিনিও দিতে পারেন। অন্য একটি পাত্রে টম্যাটো, ক্যাপসিকাম হালকা মাখনে ভেজে নিন। একটি পাত্রে মাখন মাখিয়ে ডিমটি ভেজে নিন। ভাজা হয়ে গেলে সবজিগুলো দিয়ে এপিঠ ও ওপিঠ করুন। তৈরি আপনার এগ পিতা।

মাগ ওমলেটএক কফি মাগ বা কাপ নিন। তারমধ্যে ডিম ফাটিয়ে অল্প নুন, মাখন বা চিজ দিন। প্রয়োজনে ক্যাপসিকাম ও টম্যাটোও দিতে পারেন। তারপর কাপ বা মাগ মাইক্রোওভেনে দিয়ে পাঁচ মিনিট রাখুন। তৈরি মাগ ওমলেট। চটজলদি ব্রেকফাস্টের জন্য এগ মাফিন খুবই ভাল খাবার। তারমধ্যে ডিম ফাটিয়ে অল্প নুন, মাখন বা চিজ দিন।


## গরম থেকে বাঁচতে এসিতে থাকছেন! ডেকে আনছেন বিপদ



দিন যতই যাচ্ছে, মানুষ প্রযুক্তির ওপর নির্ভরশীল হয়ে পড়ছে। এখন শুধু অফিস-আদালতেই নয়, বাড়িতেও এসি ছাড়া চলে না। অন্যদিকে, বেশিরভাগ অফিসেই এসি থাকে। কর্মব্যস্ত জীবনে দিনের একটা বেশিরভাগ সময়ই অফিসে কাটাতে হয় চাকরিজীবীদের। তবে একটানা এসিতে থাকার কারণে শুষ্ক ত্বকের পাশাপাশি স্বাভাবিক ও তৈলাক্ত ত্বকেও সমস্যা দেখা যায়।

গরম থেকে বাঁচতে দীর্ঘক্ষণ থাকছেন এসির মধ্যে। অফিসে, বাড়িতে এমনকি যাতায়াতেও ব্যবহার করছেন এসি গাড়ি বা বাস। দীর্ঘক্ষণ এমন কৃত্রিম ঠান্ডা পরিবেশে থাকার ফলে ত্বক লাল হয়ে যাওয়া, ঠেঁট শুকিয়ে যাওয়া, ত্বকে ভাঁজ পড়ার মতো সমস্যা দেখা দেয়। তাই এমন পরিবেশে থাকলে কিছু বাড়তি সুরক্ষা নেওয়া প্রয়োজন। জেনে নেওয়া যাক সমাধান গুলি- ১) শীতাতপ নিয়ন্ত্রিত পরিবেশে ঢোকার আগে ত্বকে ময়েশ্চারাইজার মেখে নিন এবং সঙ্গে রেখেও দিন। ময়েশ্চারাইজার হিসাবে অলিভ অয়েল ব্যবহার করতে পারেন। এছাড়াও ভারী কোনো লোশন বা ক্রিমও মাখতে পারেন। ২) এসিতে থাকলে ত্বকের যত্ন নিতে প্রচুর পরিমাণে জল খেতে। দিনে অন্তত ২-৩ লিটার জল খাওয়া আবশ্যক। একটানা দীর্ঘক্ষণ এসির বাতাসে না থেকে মাঝেমাঝেই বাইরের স্বাভাবিক তাপমাত্রা থেকে ঘুরে আসতে হবে। ৩) ময়েশ্চারাইজারের পাশাপাশি ব্যবহার করতে পারেন গ্লিসারিনও। ত্বকের শুষ্কতা দূর করতে গ্লিসারিন বেশ কার্যকর।শুধু ত্বক নয়, এসির ঠান্ডা বাতাস ঠেঁটকেও রুক্ষ করে তোলে। তাই ঠেঁটের কোমলতা ও মসৃণতা বজায় রাখতে ব্যবহার করতে পারেন পেট্রোলিয়ামজাত জেলি। চাইলে লিপগ্লসও লাগিয়ে রাখতে পারেন। ৪) ঘরোয়া উপায়ে ত্বকের যত্ন নিতে দুধের সরের সঙ্গে গোলাপের পাঁপড়ি বাটা মিশিয়ে ঠেঁটে ব্যবহার করুন। এতে ঠেঁটের কালো দাগ কমে যায়। ঠেঁট হয়ে ওঠে কোমল ও মসৃণ।

## সকালে খাবার না খেলে যেসব রোগের ঝুঁকি বাড়ে



বর্তমানে ডিমনেশিয়া রোগে অনেকেই ভুগছেন। আর এ কারণেই বিগত কয়েক বছরে মানুষের মধ্যে ডিমেনশিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি জানার আগ্রহ ও সচেতনতা বেড়েছে। ডিমেনশিয়া হলো ভুলে যাওয়ার রোগ। এর লক্ষণগুলো সাধারণত ৬০ বছরের পরে দেখা দিতে শুরু করে। তবে বর্তমানে জীবনযাত্রার অনিয়ম ও স্বাস্থ্য নিয়ে উদাসহীন থাকার কারণে ৩০-৪০ বছরেও অনেকের মধ্যে এ সমস্যা মারাত্মক প্রভাব ফেলছে।

দরিদ্র জীবনযাপন, অনিয়মিত খাওয়ার ধরন ও শারীরিক কার্যকলাপের অভাব মস্তিষ্কের কার্যকারিতাকে প্রভাবিত করে। ডিমনেশিয়া প্রাথমিক অবস্থায় টের পাওয়া যায় না। তবে বয়স বাড়তেই এ সমস্যা মারাত্মক প্রভাব ফেলে শরীরে।

বিশেষজ্ঞদের মতে, ডিমেনশিয়ার ঝুঁকি চারগুণ বাড়িয়ে তোলে সকালে খাবার না করা হলে। কারণ সকালের খাবার হলো দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাবার। সকালে পুষ্টিকর ও স্বাস্থ্যকর খাবার খেলে আপনি মনোযোগ সহকারে ও সক্রিয়ভাবে দিন কাটাতে পারবেন।

অন্যদিকে সকালের খাবার বাদ দিলে আপনি সারাদিন আরও ক্লান্তবোধ করবেন। নতুন এক গবেষণা প্রমাণ করে যে, দিনের প্রথম খাবার বাদ দিলে পরবর্তী জীবনে ডিমেনশিয়ার ঝুঁকি চারগুণ বেড়ে যায়।

২০১১ সালে জাপানিজ জার্নাল অব হিউম্যান সায়েন্সেস অব হেলথ-সোশ্যাল সার্ভিসেস এ প্রকাশিত ফলাফলে জানা গেছে এই তথ্য। এই গবেষণার উদ্দেশ্য ছিল জীবনযাত্রার অভ্যাস ও ডিমেনশিয়ার মধ্যকার যোগসূত্রতা বোঝা।

জাপানের একটি গ্রামের কৃষক সম্প্রদায়ে ৬ বছরেরও বেশি সময় ধরে গবেষণাটি চালানো হয়েছিল। যেখানে ৬৫ বছর বা তার বেশি বয়সী প্রায় ৫২৫ জন বয়স্ক ব্যক্তি অংশগ্রহণ করেছিলেন। গবেষণার শেষে দেখা গেছে, লিঙ্গ ও বয়স নির্বিশেষে, যারা প্রাতঃরাশ করেননি তাদের ডিমেনশিয়া হওয়ার ঝুঁকি চারগুণ বেশি ছিল। গবেষণায় আরও প্রকাশ করা হয়, স্ন্যাকিংয়ের মতো অন্যান্য খাদ্যাভ্যাসও একজন ব্যক্তির ডিমেনশিয়া হওয়ার ঝুঁকি বাড়াতে পায়ে। এতে দেখা গেছে, দুপুরের আগে কিংবা বিকেলে খাবার করেননি তাদের ২.৭ গুণ, যারা লবণ বেশি খেয়েছেন তাদের ২.৫ গুণ ও যারা একটি সুষম খাদ্যের প্রতি যত্নশীল নন তাদের পরবর্তী জীবনে ডিমেনশিয়া ধরা পড়ার ঝুঁকি ২.৭ গুণ বেশি।

ডিমেনশিয়ার ঝুঁকি কমাতে কী খাবেন? এজন্য খাদ্যতালিকায় স্বাস্থ্যকর ও পুষ্টিকর খাবার অন্তর্ভুক্ত করতে হবে। ভিটামিন ও খনিজ সমৃদ্ধ একটি সুষম খাবার আপনাকে ডিমেনশিয়াসহ বিভিন্ন দীর্ঘস্থায়ী রোগের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করতে পারে। শিকাগোর রাশ বিশ্ববিদ্যালয়ের গবেষকরা মস্তিষ্কের স্বাস্থ্য ভালো রাখতে ডায়েটে যে খাবারগুলো রাখার পরামর্শ দিয়েছেন সেগুলো হলো- আস্ত শস্য, বাদাম ও বীজ, স্বাস্থ্যকর চর্বি, শাক সবজি ও ফল।

## মনচলি চক্রবর্তী'র তিনটি কবিতা

### সোনা বন্ধু

সোনা বন্ধু মন মাঝে একি
যাতনা
করেছ যে আমায় তুমি বড়ই
আনমনা
এঁকেছি যে মন মাঝে তোমারই
আল্পনা
ভেবে যাই তাই তুমি শুধু কি
আমার কল্পনা?
আকাশ যেথা বিছিয়ে রেখেছে
নীল সামিয়ানা
মন পাখী উড়ে সেথা মেলে
দেয় পাখনা।।

### নদী

উপরে নীল আকাশ
তারি নীচে
সবুজ বনানী মাঝে
বয়ে যায় নদী।
নদী বহমান কুল কুল
সুরে নীরবে।
নদী ছুটে চলেছে
মিশবে সাগরের জলে।
ইচ্ছে হলেও ফিরে
যেতে পারবে কি? পারবে কি
উজানেতে মিশে যেতে?
উপরে নীল আকাশ,
সবুজ বনানী মাঝে আজো
বয়ে যায় নদী আদিম বেদনা
সয়ে।
মনের গভীরে ব্যাথায় বুক
জুড়াবে
তাও বয়ে যাবে নদী সোৎসাহে,
নীরবে।

### বিড়াল ছানা

বেড়াল ছানা, বেড়াল ছানা
খাবে তুমি দুধের ছানা?
মাংস ভাত নাকি মাছের
পোনা?
সেকি কথা, খাবে না কেনো?
চলো আমরা আসি কোথাও
ঘুরে
আর কাঁদে না সোনা,খেওনা
মাছ আর
চুরি করে।
আয় চলে আয় আমার সাথে
ওই ফুল ফুটেছে গাছে গাছে।
মন খারাপ করে না বিড়াল
ছানা
এমনি মিছে মিছে।

## চটজলদি পেট ভরাতে রইল এই সহজ ৪ রেসিপি

একা হাতে যাঁদের বাড়ির সব কাজ সামলাতে হয় একমাত্র তাঁরাই জানেন যে কি পরিমাণ ঝক্কি সামলাতে হয়। সব সময় ইচ্ছে থাকলেও বাড়িতে কোনও সহায়িকা রাখা যায় না। কারণ সময়ের অভাব। এদিকে রোজ রোজ বাইরের খাবারও খাওয়া যায় না। এতে শরীর খারাপ হয়, পেটেরও সমস্যাও থেকে যায়। সঙ্গে খরচা তো থাকেই। বাড়িতে কষ্ট করে খাবার বানিয়ে নিতে পারলে খরচও বাঁচে আর পেটও ভাল থাকে।

অনেকেই এমন আছেন যাঁরা বাড়ির বাইরে একা থাকেন। তাঁদের ক্ষেত্রে খাওয়ার সমস্যা আরও অনেক বেশি। অফিসে গেলে সঙ্গে খাবার থাকলে সময়ে খাওয়া হয়। কিন্তু টিফিন না নিয়ে যাওয়ার অভ্যাস থাকলে রোজ বাইরের খাবার খাওয়া হয়ে যায়। এতে হজমেও সমস্যা হয়, পয়সাও খরচা হয়। আর তাই রইল কিছু সহজ রেসিপি।

ডিমের তরকারি

এই তরকারি বানাতে সময় লাগে মাত্র ২০ মিনিট। সেই সঙ্গে ভাত বা রুটি যে কোনও কিচুর সঙ্গে খাওয়া যেতে পারে। ডিম সিদ্ধ করে রাখুন। অন্য একটি প্যানে তেল গরম করে তাতে পেঁয়াজ কুচি, কাঁচালঙ্কা, আদা বাটা, রসুন বাটা, দিয়ে নেড়ে নিন। এবার এর মধ্যে গরম মশলা গুঁড়ো, ধনে গুঁড়ো, লাল লঙ্কা গুঁড়ো, হলুদ গুঁড়ো মিশিয়ে নিন। কিছুক্ষণ নাড়া চাড়া করে টমেটো পিউরি আর নুন মিশিয়ে দিন। এবার এর মধ্যে ডিম দিয়ে দিন। ব্যাস তৈরি হয়ে যাবে তরকারি।

সবজির বিরিয়ানি

সোয়াবিন, বাসমতি চাল আগে থেকে ভিজিয়ে রাখুন। প্যানে অল্প আঁচে তেল গরম করে আস্ত জিরা আর তেজপাতা ৩০ সেকেন্ড ভাজুন। এরপরে পেঁয়াজ কুচি, কাঁচা লঙ্কা, আদা বাটা, এবং রসুন বাটা দিয়ে ভাজতে থাকুন পেঁয়াজ বাদামি হওয়া পর্যন্ত। এবার এর মধ্যে বিরিয়ানি মশলা, সোয়াবিন, সবজি দিয়ে নাড়তে থাকুন। এবার এর মধ্যে চাল মিশিয়ে দিন. এবার ১০-১৫ মিনিট ঢেকে রাখুন। চাল সিদ্ধ হলেই নামিয়ে ফেলুন সবজির বিরিয়ানি।

বেসনের ধোসা

১ কাপ বেসন, ১ কাপ আটা, কাঁচালঙ্কা কুচি, রসুন, পেঁয়াজ কুচি,ধনে গুঁড়ো, জিরে গুঁড়ো, জল দিয়ে মেখে নিন। প্যানে তেল ছড়িয়ে দিন। এবার ওর মধ্যে বেসনের ব্যাটার ছড়িয়ে দিন। বাদামী করে উল্টে পাল্টে ভেজে নিলেই তৈরি ধোসা।

আলুর পরোটা

আলু সিদ্ধ করে নিন। এবার কড়াইতে সামান্য ঘি দিয়ে এর মধ্যে পেঁয়াজ কুচি, লঙ্কাস গোটা জিরে, শুকনো লঙ্কা আর আলু দিয়ে ভাল করে মিশিয়ে পুর বানিয়ে নিন। স্বাদমতো নুন দেবেন। ময়দার সঙ্গে সামান্য টকদই আর জল মিশিয়ে ডো বানিয়ে রাখুন. এবার লেচির মধ্যে আলুর পুর ভরে বেলে দিন। তাওয়াতে ঘি বুলিয়ে সেঁকে নিলেই তৈরি আলুর পরোটা।

## জাম খাওয়ার সময় যেসব সতর্কতা মানা জরুরি


এখন জামের মৌসুম। টক-মিষ্টি স্বাদের ছোট ছোট কালো জাম দেখলেই সবার জিভে জল চলে আসে! শুধু স্বাদে নয় বরং জামের আছে অনেক গুণ। হাজারো স্বাস্থ্য উপকারিতা আছে জামের। জামে ভিটামিন সি, আয়রন, পটাসিয়াম, অ্যান্টি-অক্সিডেন্টসহ বিভিন্ন উপাদান আছে জামে। পেটে ব্যথা, ডায়াবেটিস ও বাতের ব্যথা সারাতে জাম কার্যকরী ভূমিকা রাখে।

এছাড়া এই ফল আমাশয় ও পেট ফাঁপাসহ হজমজনিত বিভিন্ন সমস্যা নিরাময় করে। গরমে শরীর ঠান্ডা রাখতেও জাম খুবই উপকারী এক ফল। জামে ফসফরাস ও আয়োডিনের মতো খনিজগুলো একসঙ্গে থাকায় এই ফল খেলে শরীর আর্দ থাকে। গরমে শরীর ঠান্ডা রাখতে প্রতিদিন অল্প পরিমাণে জাম খাওয়া উচিত।

জামে থাকা বিভিন্ন গুণাগুণ দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এ ছাড়াও জামে আছে অ্যান্টি-ব্যাকটেরিয়াল বৈশিষ্ট্য, যা অভ্যন্তরীণ ও বাহ্যিক সংক্রমণকে প্রতিরোধ করতে সহায়তা করে। এমনকি জামে থাকা আয়রন, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও পটাসিয়ামের মতো প্রয়োজনীয় খনিজ উপদানসমূহ। যা হাড় ও দাঁত মজবুত করে।

এছাড়া ক্যানসার প্রতিরোধে, রক্ত পরিশোধনে, বিভিন্ন সংক্রমণ রোধেও সাহায্য করে জাম। এতে অ্যান্টি-ব্যাকটেরিয়াল, অ্যান্টি-ইনফেকটিভ ও অ্যান্টি-ম্যালেরিয়া বৈশিষ্ট্য আছে। এমনকি এই ফলে ম্যালিক অ্যাসিড, ট্যানিনস, গ্যালিক অ্যাসিড, অক্সালিক অ্যাসিড ও বেটুলিক অ্যাসিডও আছে। বিভিন্ন সংক্রমণ রোধে এই ছোট্ট ফলটি কাজ করে।

জামে প্রচুর পরিমাণে ডায়েটারি ফাইবার আছে, যা লিভারকে সক্রিয় করে ও হজমক্ষমতা বাড়ায়। কোষ্ঠকাঠিন্যের মতো



সমস্যাও দূর করে জাম। নিশ্চয়ই বুঝতে পারছেন, স্বাস্থ্যের জন্য জাম কতটা উপকারী।

এবার জেনে নিন জাম খাওয়ার আগে কোন কোন সতর্কতা মানা জরুরি- প্রতিদিন ১০০ গ্রামের বেশি জাম খাওয়া উচিত নয়।

জাম খাওয়ার আগে অবশ্যই তা লবণ-জল দিয়ে ভালো করে ধুয়ে নিতে হবে।

খালি পেটে কখনো জাম খাবেন না। জাম খাওয়ার আগে ও পরে প্রায় দু''ঘণ্টা দুধ খাবেন না।

গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের জাম না খাওয়াই ভালো।

ডায়াবেটিস রোগীরা অবশ্যই জাম অল্প পরিমাণে খাবেন।

ফলের পাশাপাশি জামের মধু, ভিনেগারও খেতে পারেন। এছাড়া জামের পাতা ও ছাল শুকিয়ে গুঁড়া করে খেলেও উপকার মিলবে।

# বৌবাজারে মেট্রোর সুড়ঙ্গে খোঁড়াখুঁড়িতে নির্মীয়মান পাঁচ তলা ভবনেও সঙ্কট

কলকাতা, ১৮ অক্টোবর (হি. স.) : কেবল পুরনো বাড়িই নয়, বৌবাজারে মেট্রোর সুড়ঙ্গে খোঁড়াখুঁড়িতে নির্মীয়মান পাঁচ তলা ভবনেও সঙ্কট দেখা দিয়েছে। এর জন্য কেবল ওই ভবনের ফ্ল্যাটের ক্রেতারাই নন, চিন্তিত সংলগ্ন অঞ্চলের বাসিন্দারাও।

নির্মীয়মান ওই প্রকল্পের সামনে ফুটপাথ বরাবর একটি বিস্তৃত ফাটল তৈরি হয়েছে। এর সীমানার প্রাচীরে তৈরি হয়েছে একটি উল্লম্ব ফাটল। ভিতরের মাটি ডেবে গেছে। নির্মীয়মান ভবনের নির্মাতারা উদ্বিগ্ন, কারণ এটি ভবনের দিকে ঝুঁকে পড়তে পারে। ১০৮ বিবি গাঙ্গুলী স্ট্রিটে জি ৪ ভবনের অংশীদার মনোজ গারোদিয়া জানান, "সৌভাগ্যক্রমে এই ক্ষতি মেরামত করা যেতে পারে। ভবনটি মদন দত্ত লেনের সুড়ঙ্গের কেন্দ্রস্থল থেকে প্রায় ৩৫ মিটার দূরে অবস্থিত। এখানে আতঙ্কের যুক্তিসঙ্গত কারণ হল প্রায় সমস্ত ভবনই পুরানো। তাই ক্ষতির সম্ভাবনা রয়েছে। ভবনগুলিতে ওজন বহনকারী দেওয়াল রয়েছে। তাই যদি একটি দেওয়ালে ফাটল সৃষ্টি হয় এবং তারপরে ধসে পড়ে, সেটি ভবনটিকে নিচে নামিয়ে দিতে পারে।"

গারোদিয়া জানান, ''ভবন নির্মাণের জন্য যে চুন-মর্টারের অস্থায়ী ঘর তৈরি করা হয়েছে তা তাসের প্যাকেটের মতো ভেঙে পড়েছে। যেহেতু নতুন ভবনটি শক্তিশালী কলাম এবং বিমের ভিত্তির উপর তৈরি করা হয়েছে, তাই এটি ধসে পড়বে না। তবে, মাটি বসে যাওয়ার কারণে দেয়ালে ফাটল দেখা দিতে পারে। সেক্ষেত্রে পুরো ভবন কয়েক মিলিমিটার মাটিতে বসে যেতে পারে বা কাত হয়ে পড়তে পারে। কোনওটিই কাম্য নয়।

সৌভাগ্যবশত, দেয়ালে ফাটল এবং মাটির গবাদিপশু ছাড়া, প্রধান ওপেন ইন অ্যাপ বিল্ডিংটি গারোদিয়ায় প্রভাবিত হয়নি। ভবনটির নিচতলায় দোকান এবং উপরের চার তলায় আবাসিক ইউনিট থাকবে। প্রকল্পের পরিকল্পনাটি ২০১৪ সালে কেএমসি অনুমোদন পেয়েছিল। ২০১৬-১৭ সালে ভবন তৈরির কাজ শুরু হয়েছিল। ২০২০ সালে কোভিডের প্রথম ভাগের পরেই মেঝেতে কাজ শুরু হয়েছিল। এখন পর্যন্ত তিনতলা নির্মাণ করা হয়েছে।

চতুর্থ তলের ঢালাই আর টেরেস স্ল্যাবের কাজ বাকি আছে। দুর্গাপুজোর আগে কাজটি বন্ধ করে দেওয়া হয়েছিল এবং কালী পূজার পরে শুরু হবে। সিভিল কাজটি তিন মাসের মধ্যে শেষ করার এবং এক বছরে মধ্যে গোটা প্রকল্প শেষ করার সময়সূচী রয়েছে। আশা করছি যে আর কোনও মাটির বন্দোবস্ত নেই এবং ঢালাই শুরু হতে পারে।'




টেট পরীক্ষার দাবীতে শিক্ষা ভবনের সামনে ধরনা দিলেন চাকরী প্রত্যাশীরা। ছবি নিজস্ব।

# সবুজবাজি র ধোঁয়া ও ধোঁয়াশা" নিয়ে সরব পরিবেশবিদরা

কলকাতা, ১৮ অক্টোবর (হি. স.) : দীপাবলি যাতে দূষণাবলিতে পরিণত না হয়ে আনন্দময় হয় সবার জন্যে, তা নিয়ে সরব হলেন পরিবেশবিদরা।মঙ্গলবার তাঁদের তরফে জানানো হয়, "দীপাবলির উৎসবের সময় যত এগিয়ে আসে সারা দেশের প্রতিটি কোণ আলোক উদ্ভাসিত হবার অপেক্ষায় দিন গুনতে শুরু করে। তার সঙ্গেই পাল্লা দিয়ে পরিবেশপ্রেমীদের মনের উদ্বেগ আর উৎকণ্ঠাও প্রহর গুনতে শুরু করে। প্রতিবারেই নিয়ম করে স্থানীয় প্রশাসন, মহামান্য ন্যায়ালয় এবং পরিবেশ সংস্থাগুলির পক্ষ থেকে বিভিন্ন নিয়মাবলী প্রকাশ করা হয়। তাতে ধোঁয়া এবং শব্দ দূষণের মাত্রা বেঁধে দেওয়া হয়। আর এতে কমবেশি কাজ হয় কোথাও কোথাও, তবু নিষিদ্ধ বাজির ওপর একটা বাড়তি নিয়ন্ত্রণের চেষ্টা তো থাকেই বিভিন্ন পরিবেশ সংগঠনের পক্ষ থেকে। কিন্তু সেই নিয়মের বেড়াজালে কিছুটা বিভ্রান্তির অবকাশ এল যখন বাজারে আনা হ"ল সবুজবাজি র ধারণা।

সবুজবাজি মানে পরিবেশ-বান্ধব বাজি। ব্যাস তখন আর পায় কে বাজি ব্যবসায়ীদের ! এমনিতে পরিবেশ বান্ধব বাজি যেন একটি সোনার পাথর বাটি। বাজি পুড়বে তাতে ধোঁয়া হবে বাতাসে বিষাক্ত রাসায়নিক গ্যাস ছড়াবে এতো একজন শিশুও বলতে পারবে। তবে হ্যাঁ এতে সাধারণ বাজির তুলনায় কম ক্ষতিকর এবং পরিমানেও প্রায় ৩০ু কম রাসায়নিক দূষণ হবে এটুকুই স্বস্তি এই যা ! মানে সেই দূষণ কিন্তু থাকলই।

পরিবেশবিদ সমীর বোস এ খবর জানাায়ে লেখেন, "সবুজবাজি র বিষয়ে দু চারটি কথা বলা খুব জরুরি। বলা হচ্ছে এই সবুজবাজির গবেষণা পরিচালনা করেছে জাতীয় পরিবেশ ও প্রযুক্তি গবেষণা প্রতিষ্ঠান (নিরি)। তারা বিবৃতি দিয়ে বলছে, যে বাজিগুলি তারা তৈরি করেছে সেগুলি হল ফুলঝুরি, পেন্সিল, চকমকি, হাওয়াই, বোমা এবং চরকিবাজি। বলা হয়েছে এতে অ্যালুমিনিয়াম, বেরিয়াম, পটাসিয়াম নাইট্রেট ও কার্বন বর্জন করে দূষণ কমানো হয়েছে।" এর মধ্যে সবুজ শব্দবাজি বা বোমার শব্দমাত্রা রাখা হয়েছে ১১০ থেকে ১১৫ ডেসিবেলের মধ্যে। যদিও মহামান্য কলকাতা হাইকোর্ট নির্দেশিত শব্দমাত্রা মেনে রাজ্য দূষণনিয়ন্ত্রণ পর্ষদ বলছে কোনমতেই শব্দ ৯০ ডেসিবেল যেন না ছাড়িয়ে যায়।ফলে একটা ধূসর অঞ্চল তৈরি হ"ল এখানেই।এছাড়াও আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হ"ল বেশিরভাগ বাজি কারখানা গুলির যথাযথ লাইসেন্স বা ছাড়পত্র ছাড়াই বাজি প্রস্তুত করার অবাধ সুযোগ।তাতে যেমন মনগড়া কোম্পানীর ছাপমারা বাজি বিক্রি হবে, যাদের কোন দায়বদ্ধতা না থাকার জন্য শব্দ ও ধোঁয়ার কোন মাত্রাই সেখানে মানা হবেনা।এদের প্যাকেটে যে "কিউ-আর কোড" টি ছাপানো থাকবে সেটিও ভূয়ো হতে বাধ্য। কিন্তু এদের চিহ্নিত করে আটকানো যাদের কাজ তারা সারা বছর কতটা উৎসাহী তা সবাই জানে।পশ্চিমবঙ্গের যে কটি সংস্থা বাজি প্রস্তুত করে তাদের মধ্যে মোট ১৩ টির লাইসেন্স আছে,বাকিদের নেই।আর তার মধ্যে সবুজবাজি তৈরি করার জন্য যে সার্টিফিকেট বা শংসাপত্র প্রয়োজন তা একটিরও নেই।তাতে বোঝাই যাচ্ছে আমাদের রাজ্যে সবুজবাজি এখন একটি ভাঁওতা বা প্রহসন ছাড়া আর কিছুই নয়।পরিবেশ প্রযুক্তিবিদ সোমেন্দ্রমোহন ঘোষ বলেন, "বাজি ব্যবসায়ীদের একাংশও পরিবেশপ্রেমীদের পাশে দাঁড়ালেন না। বরং প্রশাসনের অবহেলার সুযোগ নিয়ে তারাই অনলাইন এর মাধ্যমে এই বেআইনি সবুজবাজি গ্রাহকদের বাড়ি বাড়ি পৌঁছে দিচ্ছেন, যা আটকানোর দায়িত্ব ছিল প্রশাসনের।" বুধবার এই সব বিষয় নিয়ে সাংবাদিক সম্মেলনে আলোচনার আয়োজন করেছে সবুজমঞ্চ।

# ডিমা হাসাওয়ে হেরোইন ও গাঁজা সহ চার যুব-ছাত্র গ্রেফতার

হাফলং (অসম), ১৮ অক্টোবর (হি.স.) : অসমে ড্রাগসের বিরুদ্ধে পুলিশের অভিযান আরও তীব্রতর করে তোলা হয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে ড্রাগসের বিরুদ্ধে পুলিশের অভিযানে প্রতিদিন কোটি কোটি টাকার মাদকদ্রব্য বাজেয়াপ্ত করা হচ্ছে, সেই সঙ্গে গ্রেফতার করা হচ্ছে মাদক পাচারকারীদের। অনুরূপ ড্রাগস-বিরোধী অভিযান চলছে ডিমা হাসাও জেলায়ও।

আজ মঙ্গলবার ডিমা হাসাওয়ে ডিএসপি বরকারি তেরন এক সাংবাদিক সম্মেলন করে জানান, সোমবার তাঁর নেতৃত্বে হাফলং সদর থানার ওসি রঞ্জিত শইকিয়া, টাউন ইনচার্জ লক্ষ্মীন্দর শইকিয়া সহ পুলিশের একটি দল অভিযান চালিয়ে সন্দেহযুক্ত হেরোইন ও গাঁজা সহ চার যুবককে গ্রেফতার করেছে। তিনি জানান, ড্রাগস সহ গ্রেফতার চার যুবকই ছাত্র।

ডিএসপি তেরন জানান, গোপন সূত্রে খবর ছিল, মাহুর থেকে চার যুবক দুটি মোটর সাইকেলে করে মাদকদ্রব্য হাফলঙে নিয়ে আসছে। এই খবর পেয়ে তাঁর নেতৃত্বে হাফলং পুলিশ অভিযানে নেমে ওই দুটি মোটর সাইকেল সহ চার যুবককে লংমা গ্রামের কাছে আটক করে তাদের তল্লাশি চালায়। তালাশিতে চার যুবকের ব্যাগ থেকে ২১.৩৭ গ্রাম সন্দেহযুক্ত হেরোইন, ৫০৭ গ্রাম গাঁজা, বেশ কয়েকটি সিরিঞ্জ ও স্মোকিং পাইপ পুলিশ বাজেয়াপ্ত করেছে। পাশাপাশি হেমন্ত নুনিসা, সাহিল থাওসেন, উদিত নার্জারি এবং মাইরিং নাইডিং নামের চার যুবককে গ্রেফতার করেন তাঁরা। তিনি জানান, এই চার যুবকের বিরুদ্ধে এনডিপিএস আইনে হাফলং থানায় একটি মামলা রুজু করা হয়েছে। ডিএসপি বলেন, গোটা ডিমা হাসাও জেলায় ড্রাগসের বিরুদ্ধে তীব্র অভিযান শুরু করেছে পুলিশ। পুলিশের এই অভিযান অব্যাহত থাকবে। ডিএসপি জানিয়েছেন, এই চার যুবক সন্দেহযুক্ত ড্রাগসগুলি ট্রেনে করে করিমগঞ্জ জেলার বদরপুর থেকে ডিমা হাসাওয়ে নিয়ে এসেছে। তবে এই ড্রাগস কার কাছ থেকে এরা এনেছে, পুলিশের জিজ্ঞাসাবাদে এরা কিছুই জানাচ্ছে না। পুলিশ অবশ্য এ ব্যাপারে তদন্ত শুরু করেছে। শীঘ্রই মূল ড্রাগস পাচারকারীকে শনাক্ত করতে পুলিশ সক্ষম হবে বলে দাবি ডিএসপি বরকারি তেরনের।

# সোপিয়ানে গ্রেনেড হামলায় মৃত উত্তর প্রদেশের ২ বাসিন্দা

শ্রীনগর, ১৮ অক্টোবর (হি. স.) : ফের রক্ত ঝরল জম্মু ও কাশ্মীরে। এবার জম্মু ও কাশ্মীরের সোপিয়ানের হারমেন এলাকায় গ্রেনেড হামলা হয়। আর সেই হামলাতেই জখম হন উত্তর প্রদেশের কনৌজের দুই বাসিন্দা। তারপর তাঁদের কাছাকাছি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই মৃত্যু হয় তাঁদের।

জানা গিয়েছে মৃত দুই ব্যক্তির নাম মণীশ কুমার ও রাম সাগর। কাশ্মীরের জোন পুলিশ মঙ্গলবার টুইটে জানিয়েছে, 'সন্ত্রাসবাদীরা সোপিয়ানের হারমেন এলাকায় হ্যান্ড গ্রেনেড নিক্ষেপ করেছে। সেই হামলায় উত্তর প্রদেশের দুই শ্রমিক মণীশ কুমার ও রাম সাগর জখম হয়েছে। উভয়েই উত্তর প্রদেশের কনৌজের বাসিন্দা। তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তাঁদের মৃত্যু হয়। এলাকা ঘিরে রাখা হয়েছে।' আরেকটি টুইটে কাশ্মীরের জোন পুলিশের তরফে অভিযুক্ত সন্ত্রাসবাদীদের গ্রেফতারির কথা জানানো হয়েছে। টুইটে জানানো হয়েছে, 'নিষিদ্ধ সন্ত্রাসবাদী সংগঠন এলইটি-র হাইব্রিড সংগঠন হারমেনের ইমরান বশির গনি যে গ্রেনেড হামলার জন্য দায়ী তাদের গ্রেফতার করেছে সোপিয়ান পুলিশ। তদন্ত ও অভিযান জারি রয়েছে।' প্রসঙ্গত, গত ১৫ অক্টোবরই দক্ষিণ কাশ্মীর জেলার চৌদারি গুন্ড এলাকায় নিজের বাড়ির কাছে খুন হন কাশ্মীরি পণ্ডিত পুরন কৃষাণ ভাট। তার রেশ কাটতে না কাটতেই ফের রক্ত ঝরল উপত্যকায়।

# বুকার পুরস্কার পেলেন শ্রীলঙ্কার উপন্যাস "দ্য সেভেন মুন অফ মালি আলমেদা"-র উপন্যাসিক শিহান

লন্ডন, ১৮ অক্টোবর (হি.স.) : শ্রীলঙ্কার উপন্যাসিক শিহান করুণাতিলাকার উপন্যাস "দ্য সেভেন মুন অফ মালি আলমেদা" ২০২২ সালের বুকার পুরস্কারে ভূষিত হয়েছে। সোমবার বুকার প্রাইজ টুইট করেছে, আমরা ঘোষণা করতে পেরে আনন্দিত যে ২০২২ সালের বুকার পুরস্কার বিজয়ী হলেন শ্রীলঙ্কার শিহান করুনাতিলাকা। "দ্য সেভেন মুনস অফ মালি আলমেদা"। শিহান করুণাতিলাকার এটি দ্বিতীয় উপন্যাস। ব্যঙ্গাত্মক শৈলীতে লেখা, উপন্যাসটি গৃহযুদ্ধে ঘেরা শ্রীলঙ্কার মারাত্মক ধ্বংসযজ্ঞকে কেন্দ্র করে। শিহান করুণাতিলাকাকে শ্রীলঙ্কার অন্যতম প্রধান লেখক হিসেবে বিবেচনা করা হয়। উপন্যাস ছাড়াও তিনি রক গান, চিত্রনাট্য এবং ভ্রমণকাহিনী লিখেছেন। শিহান "দ্য সেভেন মুন অফ মালি আলমেদা" সম্পর্কে বলেন, তিনি গৃহযুদ্ধ শেষ হওয়ার পরে ২০০৯ সালে এটি নিয়ে ভাবতে শুরু করেছিলেন। তারপর কতজন অসামরিক নাগরিক নিহত হয়েছেন এবং কার দোষ তা নিয়ে তুমুল বিতর্ক হয়েছে।

# সিমলায় হাইওয়ে থেকে পিছলে মৃত্যু বাইক চালকের

সিমলা, ১৮ অক্টোবর (হি. স.) : হিমাচল প্রদেশের কালকা-সিমলা হাইওয়েতে একটি বাইক নিয়ন্ত্রণ হারিয়ে হাইওয়ের পাশে অবস্থিত একটি বেসরকারি হোটেলের সামনে পড়ে যায়। সোমবার গভীর রাতে এই দুর্ঘটনায় বাইক চালকের মৃত্যু হয়েছে। শহরের আরটিও স্টেশনের কাছে দুর্ঘটনাটি ঘটে। পুলিশ জানিয়েছে, একটি বাইক নিয়ন্ত্রণ হারিয়ে হাইওয়ে থেকে উল্টে হোটেল ফারহিলের সামনে পড়ে যায়। রাত ১১টার দিকে পড়ে যাওয়ার শব্দ শুনে হোটেল কর্মী আমান বাইরে এসে বাইক চালককে গুরুতর আহত অবস্থায় দেখতে পান। হোটেলের কর্মীরা পুলিশকে খবর দেয় এবং চালককে অ্যাম্বুলেন্সের মাধ্যমে আইজিএমসিতে নিয়ে যাওয়া হয়। কিন্তু চিকিৎসক চালককে মৃত ঘোষণা করেন। মৃতের নাম অনিল কুমার। সে সিমলার বেমলোইর বাসিন্দা। ঘটনায় বালুগঞ্জ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মৃতদেহের ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

**WALK-IN INTERVIEW FOR GUEST/VISITING LECTURERS**

Applications are invited in plain paper for Walk-In-Interview for the engagement of Guest/Visiting Lecturers in the following subjects:

**1. Philosophy**

**2. Law**

**3. Economics (for future empanelment of candidates)**

**4. Mathematics (for future empanelment of candidates)**

Candidates willing to attend the said interview are requested to bring their original certificates and submit self-attested photocopy of credentials at the office of the Principal-In Charge, Swami Vivekananda Mahavidyalaya, Mohanpur, Tripura, on **21st October, 2022, from 11 a.m. to 3 p.m.**

**Terms & Conditions:**

1. At least 55% marks in Master's Degree (50% in case of SC/ST/PH & PhD Candidates).
2. Candidates with NET/SLET/PhD shall be given preference.
3. Guest Lecturers already engaged in this institution from the previous academic year need not face the interview, but they will have to submit application to show their willingness for the engagement.
4. Engagement will be made on merit basis taking into account the API score and interview and by way of maintaining the reservation policy of the State Government.
5. The engagement will be purely on temporary basis with an honorarium of Rs. 500 per class.
6. Maximum 180 nos. of classes will be allotted to each Guest/Visiting Lecturer.
7. No TA/DA is admissible for attending the interview. ,

**Sd/- (Smt. Anita Majumder)**
**Principal I/C**
**Swami Vivekananda Mahavidyalaya**
**Mohanpur, West Tripura**

**ICA-D-1249/22**

**সংখ্যালঘু কল্যাণ দপ্তর**
**ত্রিপুরা সরকার**
**সংখ্যালঘু কল্যাণ দপ্তরের প্রি-ম্যাট্রিক স্কলারশিপ এবং বেগাম হজরত মহল নেশ্যানেল স্কলারশিপ স্কিম সম্পর্কিত বিজ্ঞপ্তি ২০২২-২৩**

ভারত সরকারের সংখ্যালঘু কল্যাণ সম্পর্কিত মন্ত্রক ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রি-ম্যাট্রিক স্কলারশিপ স্কিমের অধীনে স্কলারশিপ প্রাপ্তির জন্য সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যথা মুসলিম, শিখ, জৈন, বৌদ্ধিষ্ট, খ্রিস্টান এবং পার্শি সম্প্রদায়ভুক্ত ছাত্র/ছাত্রীদের এবং বেগাম হজরত মহল নেশ্যানেল স্কলারশিপ স্কিমের অধীনে স্কলারশিপ প্রাপ্তির জন্য সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যথা মুসলিম, শিখ, জৈন, বৌদ্ধিষ্ট, খ্রিস্টান এবং পার্শি সম্প্রদায়ভুক্ত ছাত্র/ছাত্রীদের উক্ত প্রকল্পে www.scholarships.gov.in ওয়েবসাইটে online আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**আবেদন করার সময়সীমা ও যোগ্যতাবলী ঃ**

১) প্রি-ম্যাট্রিক স্কলারশিপ এবং বেগাম হজরত মহল নেশ্যানেল স্কলারশিপ এর আবেদন করা যাবে আগামী **৩১ই অক্টোবর, ২০২২ ইং** পর্যন্ত।

২) দরখাস্তকারীকে চূড়ান্ত বার্ষিক পরীক্ষায় ৫০ শতাংশ বা ততোধিক নম্বর অবশ্যই পেতে হবে।

৩) বিস্তারিত বিবরণের জন্য www.scholarships.gov.in ওয়েবসাইটে login করতে হবে।

**বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/কলেজ/বিদ্যালয়সমূহের জন্য**

Online আবেদনপত্র Institute Level Verification করার জন্য সময়সীমা প্রি-ম্যাট্রিক স্কলারশিপ বেগাম হজরত মহল নেশ্যানেল স্কলারশিপ এর জন্য আগামী **১৫ই নভেম্বর, ২০২২ ইং** পর্যন্ত।

**স্বাঃ- অস্পষ্ট**
**অধিকর্তা**
**সংখ্যালঘু কল্যাণ দপ্তর**
**ত্রিপুরা সরকার**

**ICA-D-1246/22**

**PRESS NOTICE INVITING E-TENDER NO: PNIE-T No. 25/EE/DWS/DMN/2022-23**

**The Executive Engineer, DWS Division Dharmanagar, North Tripura on behalf of the 'Governor of Tripura',** invites online percentage / item rate e-tender for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIe-T No: 80/EE/DWS/DMN/2022-23. | Rs. 9,56,592.00 | Rs. 19,132.00 | 180 days | Appropriate Class |
| 2 | DNIe-T No: 81/EE/DWS/DMN/2022-23. | Rs. 9,70,260.00 | Rs. 19,405.00 | 180 days | Appropriate Class |
| 3 | DNIe-T No: 82/EE/DWS/DMN/2022-23. | Rs. 33,86,836.00 | Rs. 67,737.00 | 90 days | Appropriate Class |
| 4 | DNIe-T No: 83/EE/DWS/DMN/2022-23. | Rs. 33,86,836.00 | Rs. 67,737.00 | 90 days | Appropriate Class |
| 5 | DNIe-T No: 84/EE/DWS/DMN/2022-23. | Rs. 33,86,836.00 | Rs. 67,737.00 | 90 days | Appropriate Class |
| 6 | DNIe-T No: 85/EE/DWS/DMN/2022-23. | Rs. 33,86,836.00 | Rs. 67,737.00 | 90 days | Appropriate Class |
| 7 | DNIe-T No: 86/EE/DWS/DMN/2022-23. | Rs. 59,65,811.00 | Rs. 1,19,316.00 | 90 days | Appropriate Class |
| 8 | DNIe-T No: 87/EE/DWS/DMN/2022-23. | Rs. 59,65,811.00 | Rs. 1,19,316.00 | 90 days | Appropriate Class |
| 9 | DNIe-T No: 88/EE/DWS/DMN/2022-23. | Rs. 59,65,811.00 | Rs. 1,19,316.00 | 90 days | Appropriate Class |
| 10 | DNIe-T No: 89/EE/DWS/DMN/2022-23. | Rs. 59,65,811.00 | Rs. 1,19,316.00 | 90 days | Appropriate Class |
| 11 | DNIe-T No: 90/EE/DWS/DMN/2022-23. | Rs. 41,92,541.00 | Rs. 83,851.00 | 90 days | Appropriate Class |
| 12 | DNIe-T No: 91/EE/DWS/DMN/2022-23. | Rs. 41,92,541.00 | Rs. 83,851.00 | 90 days | Appropriate Class |
| 13 | DNIe-T No: 92/EE/DWS/DMN/2022-23. | Rs. 41,92,541.00 | Rs. 83,851.00 | 90 days | Appropriate Class |
| 14 | DNIe-T No: 93/EE/DWS/DMN/2022-23. | Rs. 41,92,541.00 | Rs. 83,851.00 | 90 days | Appropriate Class |

- Last Date and Time for Document Downloading and Bidding: 05-11-2022 up to 15.00 Hrs
- Date and Time for Opening of BID : 05-11-2022 at 16.00
- Hrs Document Downloading and Bidding at Application : ***https://tripuratenders.gov.in***
- Bid Fee: **Rs. 1,000.00 for Sl. No. 1 to 6 & 11 to 14, and Rs. 4,000.00 for Sl. No. 7 to 10 (non refundable).**

All details are available in the **https://tripuratenders.gov.in and https://eprocure.gov.in/epublish/app**

**Executive Engineer**
**DWS Division Dharmanagar,**
**North Tripura.**

**ICA-C-2610/22**

**CORRIGENDUM**

PNIeT No: - 22/EE/DWS/2022-23 DNIT No: - 16/CE/TJB/RFP/2022-23

Name of work: - "ENGAGEMENT OF PROJECT DEVELOPMENT & MANAGEMENT CONSULTANT FOR ATAL, MISSION FOR REJUVINATION & URBAN TRANSFORMATION (AMRUT 2.0)"

The above mentioned tender circulated vide this office memo No.F.12(3)/EE/DWS/AGT-1/4688--4716 Dated: 19.09.2022 is hereby Cancelled due to unavoidable circumstances.

Sd/-Illegible
13/10/22
Executive Engineer
DWS Division Agartala-I
Agartala Tripura (W).

ICA-C-2608-22

**NOTICE INVITING E-AUCTION**
**Ref: 2022_GoTR_233**

NIA for disposal of 82.984 cum Round timber in 8 lots is hereby invited by Wildlife Warden, Gumti Wildlife Sanctuary vide.No.F.4-319/GNC/WLW/Timber/e-auction/For-2019/3484 dated, 28/09/2022. Last date for submission of documents is 20/10/2022. For NIA details please visit website: eauction.gov.in or any Forest Office, under WLW Gumti.

**Sd/- Illegible**
**Wildlife Warden**
**Gumti Wildlife Sanctuary**

**ICA-C-2603/22**

**MEMORANDUM**

The date for submission of Notice Inviting Quotation (NIQ) for Acrylic Letter for SMMU, TRLM vide F.No.5(5) RD(TRLM)/2021/P-1/7725-28 dated 12/09/2022 has been extended for 5(five) more days i.e. till 21/10/2022 upto 5.00 PM. The detailed NIQ may be seen in the website www.rural. tripura.gov.in/www.trlm.tripura.gov.in/www.tripura.gov.in

All other terms and conditions of the NIQ are remaining same.

Sd/-(S.C.Saha, TCS, SSG)
Chief Executive Officer
Tripura Rural Livelihood Mission.

ICA/C/2615/22

**CLAIMANT NOTICE**

WHEREAS, it has been reported by Sri Sarat Ch Murasing, FR I/C FPU, Kakulia under kakulia Range on 11.08.2022 vide his No. F 4/Seizure/FPU-Kakulia(Station Belonia)/For-2022-23/155-157 dated 17.08.2022 and forwarded by RO, Kakulia that Sri Sarat Ch Murasing, FR 1/C FPU, Kakulia under Kakulia Range intercepted 1 (one) nos. Vehicle bearing Registration No. TRO1F-1741 (TATA 207 DI) Engine No. 497SP28CT2821811, and Chasis No. 374463CT2912050, on 11.08.2022 at 5.30 AM, at Kali Nagar Bus stand area Loaded with 97 nos ordinary Hand Sawn timber volume 1.708 Cum without any valid document.

AND WHERES, Sri Sarat Ch Murasing, FR I/C FPU, Kakulia under kakulia Range e seized the said vehicle (Bolero Pick UP) bearing Registration No. TR01F-1741 (TATA 207 DI) Engine No. 497SP28CTZ821811, and Chasis No. 374463CT2912050, and brought into the safe custody of Bankar Forest Office Complex, Belonia South Tripura.

AND THEREFORE, in exercise of the powers conferred upon by the Notification No. F.7(310)/For/FP/2016/25701-747 dated 15.11.2016 of the Forest Department, Govt. of Tripura as Authorized officer for the purpce of the Sub-Section 2 of Section 52(A) of Indian Forest Act, (Tripura2nd Amendment) Act,1986, It is contemplated to confiscate the said vehicle bearing Registration No. TR01F-1741 (TATA 207 DI) Engine No. 497SP28CTZ821811, and Chasis No. 374463CT2912050, for its use in commission of Forest Offence U/S 41, &42&52(A) IFA, 1927 and rules made there under by the Govt. of Tripura.

Now THEREFORE, it is brought to the notice of the legal owner of the said (TATA 207 DI) bearing Registration No. TRO1F-1741 (TATA 207 DI) Engine No. 497SP28CTZ821811, and Chasis No. 374463CT2912050, to prefer his/her claim over the said vehicle in writing to the Authorized Officer (Sub-Divisional Forest Officer, Bagafa Forest Sub Division), within 30(thiety) days from the date of issue of this notice or through his/her legally authorized person submitting all the relevant valid documents in original in support to his/her claim. Till such time said (TR01F-1741 (TATA 207 DI) TR01F-1741 (TATA 207 DI) Engine No 497SP28CT2821811, and Chasis No. 374463CT2912050, will remain under the and brought into the safe custody of Bankar Forest Office Complex, Belonia South Tripura. If the authorized owner of said vehicle (TATA 207 DI) TRO1F-1741 TATA 207 DI) bearing Registration No. TRO1F-1741 (TATA 207 DI) Engine No. 497SP28 CTZ821811, and Chasis No. 374463CT2912050, fails to prefer his/her claim within the stipulated date on any working days, the decision regarding confiscation of the same will be taken ex-parte.

Issued under my seal and signature this day on 25th August, 2022

**(Authorized officer)**
**Sub-Divisional Forest Officer**
**Bagafa: South Tripura**

**ICA-D-1241/22**

**PNIe-T NO:- 32/EE-1/2022-23, Dated 15/10/2022**

The Executive Engineer, Division No-I, PWD(R&B), Agartala, Tripura (W) invited tender from the eligible bidders up to 15.00 hours on 07-11-2022 for 5 (Five) Nos. Maintenance work. For details visit **https://tripuratenders.gov.in** or contact at Mobile No: 7004647849 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

**EXECUTIVE ENGINEER**
**AGARTALA DIVISION NO-I, PWD (R & B),**
**AGARTALA, WEST TRIPURA**

**ICA-C-2599/22**

**TENDER NOTICE**

Notice inviting e-Tender for Hiring an Technical Support Agency (TSA) for developing fishery value chain with 12000 women SHG members in 6 project districts of Tripura under Tripura Rural Livelihood Mission (TRLM), State Mission Management Unit (SMMU), Rural Development Department, Government of Tripura. Represented by its Chief Executive Officer, P.N.Complex, Gurkhabasti, Near Tripura Housing Board, Agartala, West Tripura Pin-799010. The bidder may visit www.rural.tripura.gov.in, www.tripura.gov.in, www.trlm.trip-ura.gov.in for details RFP. The bidder may submit the bid till 05/11/2022 alongwith EMD of Rs. 2,00,000.00 (Rupees Two Lakh only) through www.tripuratenders.gov.in

**Sd/- (Dr. Vishal Kumar, IAS)**
**Chief Executive Officer**
**Tripura Rural Livelihood Mission**

**ICA-C-2595/22**

# বিশালগড়ে অত্যাধুনিক টাউন হল উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৮ অক্টোবর।।** মঙ্গলবার ১৮ই অক্টোবর বিশালগড় বাসীর দীর্ঘদিনের প্রতীক্ষার অবসান ঘটিয়ে অবশেষে উদ্বোধন হল অত্যাধুনিক মানের টাউন হলঘরের। বিশালগড় মহকুমা হাসপাতালের সাথে নির্মিত বিশালগড় টাউন হল ঘরটি নির্মাণ করতে আনুমানিক খরচ হয় ২৭ কোটি ৫০ লক্ষ টাকা। মঙ্গলবার বিকালে এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে টাউন হলঘরটির শুভ উদ্বোধন করেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মন। এছাড়া উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিশালগড় পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ, ভারপ্রাপ্ত জেলা শাসক শুভাশিস বন্দ্যোপাধ্যায় প্রমুখ। ডিজিটাল পদ্ধতিতে বটন টিপে নবনির্মিত টাউন হলের ফলক উন্মোচন করেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা সহ অতিথিরা। বাতানুকূল এই হল ঘরে এক হাজার আসন রয়েছে রয়েছে। লাইটিং সাউন্ডের ব্যবস্থা রয়েছে। এ ছাড়া দু'শ আসন বিশিষ্ট অপর একটি হল রয়েছে। অর্থাৎ ছোট বড় যে কোন অনুষ্ঠান করার ক্ষেত্রে এই হল গুলি বিশালগড়বাসীর কাজে আসবে। মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেন বিশালগড়ে এত বড় হল নির্মাণ হবে কখনো ভাবিনি। ২০১৪ সালে নরেন্দ্র মোদীজি প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর সারাদেশে উন্নয়ন শুরু হয়। এর সুফল পেয়েছে বিশালগড়।সরকার কমিউনিটি হল নির্মাণ করেছে কিন্তু এর পরিচ্ছন্নতা এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব আপনাদের সবাইকে নিতে হবে। প্রয়োজনে একটি কমিটি গঠন করে এর রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করার জন্য তিনি বলেছেন। বিভিন্ন সংস্কৃতির মানুষ এই বিশালগড়ে বসবাস করে। প্রত্যেকের সংস্কৃতির বিকাশে এই কমিউনিটি হল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা এই হল নির্মাণের ক্ষেত্রে যে সকল শ্রমিক প্রকৌশলীরা দিনরাত কাজ করেছেন তাদের ধন্যবাদ জানান। উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা বলেন এই কমিউনিটি হল বিশালগড় শহরকে প্রাণবন্ত করে তুলবে। তিনি বলেন একসময় কমিউনিটি হল গুলি এবং টাউন হল গুলি শুধু রাজনীতির কর্মকাণ্ডের জন্য ব্যবহৃত হয়েছে। আমরা চাই এই টাউন হল গুলি সংস্কৃতির বিকাশে কাজে আসুক। কিন্তু অতীতে প্রতিভা খোঁজা হয়নি। বর্তমান সরকার রাজ্যের প্রতিভা খোঁজে সম্মানের ব্যবস্থা করেছে। তিনটি পদ্মশ্রী পুরস্কার এসেছে আমাদের রাজ্যে। তিনি বলেন বিগত সরকার কোন কাজ সমাপ্ত করে যেতে পারেনি। শুধু শিলান্যাশ করে গিয়েছেন। কিন্তু বর্তমান সরকার অর্থের বন্দোবস্ত করে সে কাজগুলি পরিপূর্ণতা দেওয়ার চেষ্টা করছে। এছাড়া এদিন বিশালগড় পুর পরিষদের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা। ডিজিটাল পদ্ধতিতে সুইচ টিপে পৌর পরিষদের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মুখ্যমন্ত্রী। পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ বলেন উপযুক্ত পরিকাঠামোর অভাবে প্রতিবন্ধকতার মধ্য দিয়ে পুর পরিষদকে কাজ করতে হচ্ছে। বিশালগড় পৌর পরিষদের নতুন ভবন নির্মাণ হলে বিশালগড়ের সার্বিক কল্যাণে পৌর পরিষদ আরো বেশি কাজ করতে পারবে। মঙ্গলবার রাজ্যের মুখ্যমন্ত্রীর হাত ধরে টাউন হলের উদ্বোধনী অনুষ্ঠানে এলাকার লোকজনের উপস্থিতি ছিল লক্ষণীয়। দলীয় কর্মী থেকে শুরু করে এলাকার আপামর জনসাধারণ।আসন্ন নির্বাচনের প্রাক মুহূর্তে এমন উন্নয়ন মূলক কাজের উদ্বোধন করে শাসক দল নিজেদের ক্ষমতা বাড়াতে মরিয়া বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

## জানাল ক্যাগ

● প্রথম পাতার পর

করেনি। সাংবাদিক সম্মেলনে সাংসদ রেবতী ত্রিপুরা আরও অভিযোগ করেন এডিসি প্রশাসন সম্প্রতি বিভিন্ন পদে লোক নিয়োগ করেছে। সেই লোক নিয়োগের ক্ষেত্রেও ব্যাপক অনিয়ম হয়েছে। এডিসি-র ৪৩ টি জায়গায় সাব জোনাল অফিস রয়েছে। অথচ অডিট করা হয়েছে ৭ থেকে ৮ টি সাব জোনাল অফিসের। এই সকল অভিযোগ গুলিকে তুলে ধরে বুধবার জনজাতি মোর্চার পক্ষ থেকে প্রতিটি সাব জোনাল অফিস এলাকার সাধারণ মানুষকে সাথে নিয়ে রাজ্যপালের উদ্দেশ্যে স্মারক লিপি প্রেরন করা হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জনজাতি মোর্চার রাজ্য সভাপতি বিকাশ দেববর্মা ও সাধারণ সম্পাদক ডেভিড দেববর্মা।

## জেআরবিটির

● প্রথম পাতার পর


জে আর বি টি বোর্ড। কিন্তু এখন পর্যন্ত ফলাফল ঘোষণার কোন উদ্যোগ বা প্রচেষ্টা লক্ষ্য করা যাচ্ছে না। কিন্তু শিক্ষামন্ত্রী বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন দ্রুত ফলাফল প্রকাশ করা হবে। কিন্তু এত মাস অতিক্রান্ত হয়ে যাওয়ার পরেও ফলাফলের কোন দেখা নেই এবং ফলাফল প্রকাশ করার জন্য নভেম্বর মাস পর্যন্ত সময়সীমা রয়েছে। তারপরে নির্বাচনী দামামা বেজে যাবে। তখন আর সরকার ফলাফলের কথা চিন্তাও করবে না। যার ফলে এক লক্ষ একুশ হাজার যুবক-যুবতী হতাশ হয়ে পড়বে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## শতক পার

● প্রথম পাতার পর

করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ১১১ জন।

প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ১০৭৯৩০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ১০৬৮১৪ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.১৫ শতাংশ। তেমনি, সুস্থতার হার কমে হয়েছে ৯৮.৯৭ শতাংশ। এদিকে, ০.৮৭ শতাংশ হয়েছে মৃত্যুর হার। এছাড়া ত্রিপুরায় এখন পর্যন্ত ৯৩৬ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, গত ২৪ ঘণ্টায় নতুন করে পশ্চিম জেলায় ৬ জন, সিপাহিজলা জেলায় ১ জন, খোয়াই জেলায় ২ জন, গোমতী জেলায় ৫ জন, দক্ষিণ ত্রিপুরা জেলায় ৬ জন এবং ঊনকোটি জেলায় ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। বাকি দুই জেলায় গত ২৪ ঘণ্টায় কেউ করোনা আক্রান্ত হননি।

## ভাঙচুর

● প্রথম পাতার পর

হয়েছে কংগ্রেসের দুর্বৃত্তরা এই হামলা ও গাড়ি ভাঙচুরের ঘটনা সংঘটিত করেছে। এ ব্যাপারে বিশাল বিশালগড় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে ঘটনা সোমবার রাত এগারোটার সময়। গোটা ঘটনা নিয়ে থমথম পরিস্থিতি রাউতখলা এলাকায়। ঘটনাস্থলে বিশালগড় থানার পুলিশ মোতায়েন করা হয়েছে। বিশালগড় থানার পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনো পর্যন্ত এই ঘটনা জড়িত কাউকে গ্রেফতারের সংবাদ নেই। বিধানসভা নির্বাচনের আগে বিশালগড় সহ বিস্তীর্ণ এলাকায় রাজনৈতিক পরিস্থিতি যে আরো উত্তেজনাকর হয়ে উঠবে এসব ঘটনাবলীর মধ্য দিয়ে তার প্রমাণ বহন করছে।

## মানিক সরকার

● প্রথম পাতার পর

দাবি, ২০১৮ সালের বিধানসভা নির্বাচনে বাম বিরোধী সমস্ত শক্তি একজোট হয়ে বামফ্রন্টকে পরাস্ত করেছিল। সর্বোপরি প্রলোভনে পরিপূর্ণ স্বপ্ন দলিল সবচেয়ে বড় ভূমিকা নিয়েছিল। কিন্তু, যাঁদের সহায়তায় সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, তাঁদের অনেকেই ইতিমধ্যে সঙ্গ ছেড়ে দিচ্ছেন।

মানিকের কথায়, ত্রিপুরায় সরকার পরিবর্তন হওয়ার পর থেকে এখন পর্যন্ত বিজেপি ও আইপিএফটির ছয়জন বিধায়ক দলত্যাগ করেছেন। তাঁরা প্রকাশ্যে অভিযোগ এনেছেন, আশা-আকাঙ্খা নিয়ে গিয়েছিলাম, কিন্তু প্রত্যাশা পূরণের বদলে হতাশ হতে হয়েছে। এই অবস্থা শাসক দলের জন্য বড় ধাক্কা, তা অস্বীকার করার সুযোগ নেই।

এদিন তিনি কটাক্ষ করা বলেন, বিধানসভা নির্বাচনের ১০ মাস আগে ত্রিপুরায় মুখ্যমন্ত্রী পরিবর্তন হয়েছে। মূলত, ব্যর্থতা ঢাকতে, জনবিচ্ছিন্নতা দূর করতে এবং পায়ের তলায় মাটি সরে যাচ্ছে, এই পরিস্থিতিতে মানুষকে বিভ্রান্ত করতেই অস্তিত্ব রক্ষায় মুখ বদল করা হয়েছে। তবে, মুখ বদল করলে চলবে না, নীতির পরিবর্তন চাই, জোর গলায় বলেন তিনি।তিনি উষ্মা প্রকাশ করে বলেন, ত্রিপুরায় নতুন মুখ্যমন্ত্রীকে জেতাতে ভোট লুট করতে হয়েছে। তাতে, শাসক দল শক্তির বদলে দুর্বলতার পরিচয় দিয়েছে। মানিক সরকার দৃঢ়তার সাথে বলেন, ত্রিপুরায় প্রমাণিত হয়েছে, শাসক দল প্রচন্ডভাবে জনবিচ্ছিন্নতায় ভুগছে। এই পরিস্থিতির সুযোগ নিতে হবে, এসএফআই কর্মীদের ক্ষমতার পরিবর্তনে এই পথ দেখালেন তিনি। তাঁর বক্তব্য, শাসক দলের ভেতরে সংহতি ভাঙছে। যাঁরা যোগ দিয়েছিলেন, তাঁরা পুরনো দলে ফিরে আসছেন। এই পরিস্থিতিতে তাঁদের চিন্তাভাবনা পঞ্চায়েত থেকে লোকসভা নির্বাচনে যে পন্থা অবলম্বন করা হয়েছিল তার থেকেই ঘৃণ্য পথে চলতে হবে। কারণ, তাঁরা মানুষকে বিশ্বাস করতে পারছে না। টাই, বিধানসভা নির্বাচনের আগে বহিরাজ্য থেকে ১০ হাজার কার্যকর্তা আনতে চলেছে।মানিকের কথায়, ত্রিপুরায় পরিস্থিতি ক্রমশ ঘুরছে। তাই, নিজেদের সুসংহত করতে হবে। ছাত্র-শিক্ষক সকলের মধ্যে মিশতে হবে। শাসক দল যা চাইবে, সব করতে পারবে এই ধারণা থেকে সরে আসতে হবে। তবেই, রুখে দাঁড়ানো কঠিন হবে না। সাথে তিনি যোগ করেন, নিজের ঘর বাদ দিয়ে অন্যকে বোঝানো সম্ভব নয়। তাই, প্রথমে নিজের ঘরে নজর দিতে হবে। তাঁর আবেদন, পরিস্থিতির পরিবর্তনে সক্রিয় ভূমিকা নিন। এক্ষেত্রে ছাত্র-শিক্ষক দূরত্ব ঘোচাতে হবে। এভাবেই আগামীর রাজনৈতিক সংগ্রামে অংশ নেবেন, আশা প্রকাশ করে বলেন তিনি।

## আত্মঘাতী

● প্রথম পাতার পর

মজুমদার সম্পূর্ণ নির্দোষ।

পরবর্তীতে তেলিয়ামুড়া থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে যায় ময়নাতদন্তের জন্য। জানা গেছে, ময়নাতদন্তের পর মৃতদেহটি পরিবার-পরিজনদের হাতে তুলে দেওয়া হবে।রহস্যজনক ভাবে নিজ ঘরে ফাঁসি দিয়ে আত্মঘাতী এক নববধূ। মৃত নববধূর নাম অনামিকা দাস(২২)।ঘটনা উত্তর জেলার পানিসাগার মহকুমাধীন পূর্ব রৌয়া গ্রাম পঞ্চায়েতে নয়দ্রোণ গ্রামের তিন নং ওয়ার্ডে।ঘটনার বিবরণে জানা যায়, রৌয়া গ্রাম পঞ্চায়েতের নয়দ্রোন গ্রামের বাসিন্দা মৃত বাবুল দাসের ছেলে বাপ্পন দাসের সাথে হিন্দু রীতি নীতি মেনে অগ্নিপাসা এলাকার অনামিকা দাসের বিয়ে হয়। বিয়ের পর তাদের দাম্পত্য জীবন সুখেই কাটছিল। কিন্তু আচমকা সোমবার রাত আনুমানিক দশটা নাগাদ নববধূর স্বামী তাকে রহস্যজনক ভাবে ফাঁসিতে ঝুলন্ত অবস্থায় দেখতে পায়।তখন নববধূর বাবার বাড়িতে যোগাযোগ করলে বাবার বাড়ির লোকজন নববধূর শ্বশুর বাড়িতে ছুটে আসেন। কিন্তু এদিকে স্বামী বাপ্পন পুলিশকে খবর না দিয়ে স্ত্রীকে ঝুলন্ত অবস্থা থেকে নামিয়ে নেয়। তারপর জলাবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক নববধূকে মৃত বলে ঘোষণা করেন।এদিকে অনামিকার বাবার বাড়ির লোকজন অভিযোগ করে বলেন,অনামিকাকে পরিকল্পিত ভাবে হত্যা করেছে স্বামী ও স্বামীর বাড়ির লোকজন।সে মর্মে পানিসাগর থানায় স্বামী ও শাশুড়ির বিরুদ্ধে একটি মামলাও রুজু করেছে মৃত নববধূর বাবার বাড়ির লোকজন।সানীয় থানার পুলিশ মৃতদেহ ময়নাতদন্তের পর মঙ্গলবার বিকেলে মৃতদেহ তার বাবার বাড়ির লোকজনদের হাতে তুলে দিয়েছে।সাথে একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্তে নেমেছে পুলিশ। পাশাপাশি সকলের ধারনা,পুলিশি তদন্তেই আসল রহস্য বেরিয়ে আসবে।

## সুশান্ত চৌধুরী

● প্রথম পাতার পর

গরিব কল্যাণ যোজনা, আয়ুষ্মান ভারত প্রকল্প, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী জন ধন যোজনা, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা সহ বিভিন্ন জনহিতকর প্রকল্পের সুবিধা পাচ্ছেন নাগরিকরা। মন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন, মহিলাদের স্বনির্ভরতা ও উন্নয়নের লক্ষ্যে মহিলা ই-হাত, বেটি বাঁচাও, বেটি পড়াও, মহিলাদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে 'দ্য সাপোর্ট টু ট্রেনিং এ্যান্ড এমপ্লয়মেন্ট প্রোগ্রাম ফর উইমেন' (স্টেপ), বিপর্যয়ের শিকার মহিলাদের পুনর্বাসনের লক্ষ্যে "স্বধর গৃহ", "সুকন্যা সমৃদ্ধি যোজনা" প্রভৃতি প্রকল্পের সুফল ভোগ করছেন আমাদের রাজ্যের সাধারণ মানুষ।

তিনি বলেন, বিগত পঁচিশ বছরে বামেদের অপশাসনে আমাদের ত্রিপুরা রাজ্যে তৈরী হয়েছে লক্ষ লক্ষ শিক্ষিত বেকার। বিগত সরকার বর্তমান সরকারের কাঁধে চাপিয়ে দিয়ে গেছে ঋণের বোঝা। মাঝখানে দু''বছর সরকারকে লড়াই করতে হয়েছে কোভিড মহামারীর বিরুদ্ধে। এরপরেও আমাদের রাজ্য সরকার সীমিত ক্ষমতার মধ্যে থেকে বেকার সমস্যা সমাধানে আন্তরিকভাবে কাজ করে চলেছে। যার ফলস্বরূপ সম্প্রতি রাজ্য সরকার ৬০৬৭ জন 'স্পেশাল এক্সিকিউটিভ' নিয়োগের কথা ঘোষনা করেছে। একসাথে এতো সংখ্যায় 'স্পেশাল এক্সিকিউটিভ' নিয়োগের ফলে রাজ্যের প্রতিটি বিধানসভা কেন্দ্রে অনেক বেকারদের কর্মসংস্থান হবে। পাশাপাশি ১০০০ জন পুলিশ কন্সটেবল নিয়োগ করা হবে। সম্প্রতি টেট উত্তীর্ণ ৩০১৮ জন শিক্ষকদের অফার ছাড়া হয়েছে। এর ফলে অনেক শিক্ষিত বেকার যুবক-যুবতীদের পাকাপাকি কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

তিনি বলেন, সম্প্রতি সামাজিক ভাতা বৃদ্ধি করে ২০০০ টাকা করা সহ স্বরাষ্ট্র-শিক্ষা দপ্তরে একসঙ্গে ১০১৭৫ টি সরকারি চাকুরির ঘোষণা ও বিভিন্ন জনহিতকর প্রকল্পের জন্য বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্র ও রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়ে আজ রাণীরবাজার থানা রোডে ভারতীয় জনতা পার্টির ১০-মজলিশপুর মন্ডলের পক্ষ থেকে আয়োজিত ধন্যবাদ র‍্যালির পর অনুষ্ঠিত সভায় মিলিত হন মন্ত্রী সুশান্ত চৌধুরী। আজকের এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির সদর গ্রামীণ জেলার সভাপতি অসিত রায়, প্রভারী তাপস দাস, মন্ডল সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, রাণীরবাজার পুর-পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্ল দাস,ভাইস-চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারপার্সন প্রীতম দেবনাথ সহ দলীয় কার্যকর্তা ও কর্মী-সমর্থকেরা।

## গ্রেপ্তার দুই

● প্রথম পাতার পর

গ্রহণ করেছে সেই উদ্যোগের অঙ্গ হিসেবে আগরতলা পূর্ব এবং পশ্চিম থানার পুলিশ নেশা বিরোধী অভিযান অব্যাহত রেখেছে। অভিযান চালিয়ে পুলিশ সাফল্যও পাচ্ছে। আগরতলা পূর্ব থানার পুলিশ মঠ চৌমুহনী এলাকার সৌম্যব্রত বণিক নামে এক ব্যক্তির বাড়িতে তল্লাশি চালিয়ে ব্রাউন সুগার এবং বিলিতি মদ সহ অন্যান্য আপত্তিকর জিনিসপত্র উদ্ধার করেছে। বাড়ির মালিককেও গ্রেপ্তার করা হয়েছে। এই সফল অভিযান সম্পর্কে তথ্য দিতে গিয়ে পুলিশ জানিয়েছে সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালাতে গিয়ে তারা এই সাফল্য পেয়েছেন। তাদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা গৃহীত হয়েছে। তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে। পুলিশ রিমান্ডে এনে তাদেরকে জিজ্ঞাসাবাদ করে গোটা চক্রকে জালে তোলার উদ্যোগ গ্রহণ করবে পুলিশ। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও পুলিশ জানিয়েছে।

## জয়নগরে

● প্রথম পাতার পর

কর্মরত ছিল। তবে কি কারণে ওই যুবক আত্মহত্যার পথ বেছে নেয় সে বিষয়ে জানা যায়নি। এডি নগর থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে যায় ময়নাতদন্তের জন্য। যুবকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই গোটা এলাকায় শোকের ছায়া নেমে আসে। পুলিশ প্রাথমিকভাবে অস্বাভাবিক মৃত্যুজনিত একটি মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

# অভিনবত্বের ছোঁয়ায় পর্যটকদের আকৃষ্ট করছে উদয়পুরের দেবীগ্রাম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** অভিনবত্বের ছোঁয়ায় পর্যটকদের আকৃষ্ট করছে উদয়পুরের দেবীগ্রাম। চিত্রাঙ্গনের মধ্য দিয়ে নতুনভাবে সাজিয়ে তোলা হচ্ছে গোটা গ্রামকে! পর্যটকদের আকৃষ্ট করতে এই অভিনব উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০১৮ সালে সরকার পরিবর্তনের পর থেকেই রাজ্যের পর্যটনকে একধাপ এগিয়ে নিয়ে যেতে অভিনবত্বের ছোঁয়া আনছে সংস্কার ভারতী ত্রিপুরা প্রান্ত। ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত রাজ্যের বেশ কয়েকটি জেলাতে অভিনবত্বের ছোঁয়া লাগিয়ে দেওয়াল চিত্রাঙ্কন এর মাধ্যমে আধুনিক গ্রাম তৈরি করেছে সংস্কার ভারতী। সংস্কার ভারতী গোমতী জেলার উদ্যোগে এবং ত্রিপুরা প্রান্তের আন্তরিক সহযোগিতায় মাতা ত্রিপুরা সুন্দরীর পুণ্যভূমি উদয়পুরের ব্রহ্মাবাড়ি থেকে ২ নং ফুলকুমারী হয়ে কল্পতরু আশ্রম স্বন্নিকটে মাত্র তিন কিলোমিটার দূরে গানথালুং এলাকায় তৈরি হচ্ছে দেবী গ্রাম। এই গ্রামে ১১৭ টি জনজাতি পরিবারের বসবাস। যার মধ্যে প্রায় ৫৩ টি মাটির দেয়ালে তুলির টানে ফুটিয়ে তোলা হচ্ছে ত্রিপুরার জনজাতিদের জীবনশৈলী এবং ত্রিপুরার রাজন্য আমলের বিভিন্ন বিষয়বস্তু। এই এলাকার বসবাসকারীরা সাধারণত নোয়াতিয়া সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। পেশায় তাদের কাজ কৃষি। সংস্কার ভারতী গোমতী জেলার এই অভিনব উদ্যোগকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছেন। তারা আশা ব্যক্ত করছেন গানথালুং থেকে পরিবর্তীত হয়ে এই দেবীগ্রাম পর্যটকদের একটি অন্যতম কেন্দ্র হয়ে উঠছে, যাতে করে তাদের আর্থিক উপার্জনের ব্যবস্থাও বাড়ছে। ১৪ই অক্টোবর থেকে ২০ শে অক্টোবর পর্যন্ত গানথালুং দেবীগ্রামে আয়োজিত এই দেওয়াল চিত্রাংকনের মাঝখানে চলছে এই এলাকার ক্ষুদে শিশুদের নিয়ে বিভিন্ন বিভাগে যেমন নাটক, গান, নাচ ইত্যাদির সাত দিনব্যাপী কর্মশালা। জনজাতি অধ্যুষিত এই এলাকায় লোকজনরা এই কর্মশালাগুলিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করছে। কর্মকর্তাদের সাথে কথা বলে জানা যায়, আগামী ২০ অক্টোবর সমাপ্তি অনুষ্ঠানে অনুষ্ঠান মঞ্চে এই কর্মশালা গুলিতে অংশগ্রহণকারী ক্ষুদে শিশুরা তাদের প্রতিভা উপস্থাপন করবে। তাছাড়াও থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রসঙ্গত সংস্কার ভারতী ত্রিপুরায় প্রথম দেয়াল চিত্র অংকন শুরু করেছিল ২০১৮ সালের বিশ্রামগঞ্জ পুস্কর বাড়িতে, এরপর ২০২০ সালে আগরতলার নিকট লংকামুড়ায় তৈরি হয় আলপনা গ্রাম। ২০২১ সালে আগরতলা দুর্গা বাড়ি এলাকার বাগবাড়িস্থিত ছবি বাগে হয় চিত্র অঙ্কন। চলতি বছরে অর্থাৎ ২০২২ সালে বিলোনিয়ার মুন্ডাপাড়া, তেলিয়ামুড়া কৃষ্ণপুরের পর বর্তমানে উদয়পুর গানথালুং -এ দেবী গ্রাম নির্মাণের কাজ চলছে। এই দেবীগ্রামকে কেন্দ্র করে স্থানীয় এলাকাবাসী সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের ভ্রমণ পিপাসুদের ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

# লেফুঙ্গায় গ্যাস বটলিং সেন্টারে গাড়ি চালকদের বিক্ষোভ আন্দোলন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** গ্যাস বটলিং সেন্টারে গ্যাস আনলোড করতে গিয়ে জটিল সমস্যার সম্মুখীন হচ্ছেন গ্যাস পরিবহনকারী বুলেট গাড়ির চালকরা। সমস্যা সমাধানে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তারা। লেফুঙ্গার ভগবান চৌধুরীপাড়া এডিসি ভিলেজের অধীনে রয়েছে একটি গ্যাস বটলিং সেন্টার। এই সেন্টারটি আইওসি অনুমোদিত, যার নাম গংলুং গ্যাস বটলিং সেন্টার। এই গ্যাস সেন্টারটির ইনচার্জ হলেন রাজিব ভোড়া। এই স্থানটিতে রাজ্যের এবং উত্তর-পূর্বাঞ্চলের বুলেট গাড়ি গুলি গ্যাস নিয়ে আসে এবং এখানে এসে গাড়ির গ্যাসের টাংকিগুলি খালি করে। এই সেন্টারটিতে বাংলাদেশ থেকেও গ্যাস নিয়ে গাড়ি আসে। ত্রিপুরার বুলেট গাড়িগুলির মালিকরা অভিযোগ করেন এই স্থানটিতে গ্যাস নিয়ে আসার পর তাদের গাড়িগুলিকে অনেকদিন বসিয়ে রাখা হয় বিভিন্ন ধরনের তালবাহানা করে। ১০ দিন ১৫ দিন পর তাদের গাড়িগুলো খালি করা হয়। পাশাপাশি দেখা যায় বাংলাদেশ থেকে আসা গাড়ি গুলিকে তৎপরতার সাথে খালি করে রিলিজ করে দেওয়া হয়। এই অব্যবস্থা চলছে দীর্ঘদিন যাবত।এ নিয়ে ১৮ অক্টোবর ত্রিপুরার গ্যাস বহনকারী গাড়ি গুলির মালিকরা একজোট হয়ে এই গ্যাস বটলিং সেন্টারের কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। কিন্তু তারা কোনো সঠিক জবাব মালিকদের দেয়নি। গাড়ির মালিকরা জানান কোম্পানির বটলিং কর্মীরা তাদের নিয়ম অনুযায়ী মর্জি মতো গাড়ি খালি করবেন। এ নিয়ে আজ সকাল থেকেই গ্যাস বটলিং সেন্টারের সামনে চলছে ত্রিপুরার গ্যাস বহনকারী বুলেট গাড়ির মালিকদের আন্দোলন। গাড়ির মালিকরা চাইছেন গাড়িগুলি আসার পর একটা নিয়ম করে যেন তাড়াতাড়ি আনলোড করা হয়। কারণ এই গাড়ির উপর তাদের সংসার প্রতিপালনের, ব্যাংকের কিস্তি, কর্মচারীর বেতন সবকিছুর রোজগার নির্ভর করছে। এখানে গাড়িগুলি যদি ১০ দিন ১৫ দিন পড়ে থাকে তাহলে তাদের ব্যবসা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়।

# খোয়াইয়ে বিজেপির বুথ স্তরে এজেন্টদের প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৮ অক্টোবর।। ত্রিপুরা বিধানসভা নির্বাচন ২০২৩ সালে অনুষ্ঠিত হবে। এই নির্বাচনকে সামনে রেখে শাসকদল ভারতীয় জনতা পার্টি বহু আগেই নির্বাচনী যুদ্ধে জয়লাভ করার লক্ষ্যে কর্মসূচি হাতে নিয়েছে। একদিকে সাংগঠনিক পরিবর্তন ও পরিবর্ধন, অন্যদিকে নির্বাচনের কৌশল তৈরিতে ব্যস্ত। আজ খোয়াই জেলার চারটি বিধানসভা কেন্দ্রের বুথ লেবেল এজেন্ট দের নিয়ে প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয় খোয়াই স্থিত বি আর সি হলে। বৈঠকের সভাপতিত্ব করেন জেলা বিজেপি কমিটির সহ-সভাপতি বীর মোহন দেববর্মা। ২৪ রামচন্দ্র ঘাট (বুথ ৪৭) ২৫ খোয়াই (বুথ ৫২) ২৬ আশারামবাড়ী (বুথ ৪৮) এবং ২৭ কল্যাণপুর ( বুথ ৫৬) এই চার বিধানসভা কেন্দ্রের মোট বুথ সংখ্যা ২০৩। আজকের এই বৈঠকে ২০৩ জন বিএলএদের নিয়ে বেলা বারোটায় বৈঠক অনুষ্ঠিত হয়। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি পার্টির ইলেকশন ইনচার্জ বলাই গোস্বামী, জেলা ইলেকশন ম্যানেজমেন্ট কমিটির কনভেনার সমীর কুমার দাস, কো কনভেনার শিবু দেবনাথ ও মন্ডল সভাপতি সুব্রত মজুমদার। এই প্রশিক্ষণ বৈঠকে আসন্ন বিধানসভা নির্বাচনে বুথ পর্যায়ে বিভিন্ন পদ্ধতি নিয়ে কাজ করার জন্য নেতৃত্বরা আলোচনা ব্যক্ত করেন। পোলিং স্টেশন গুলিতে কিভাবে কাজ করতে হবে, কি করনীয় দলের একজন নিষ্ঠা কর্মী হিসেবে সেই সব বিষয় নিয়ে প্রশিক্ষণ শিবিরে নেতৃত্বরা আলোচনা করেন। বিধানসভা নির্বাচনে শাসক দলের জয় নিয়ে কোন সন্দেহ নেই এবং শাসকদলের বর্তমান কোন প্রতিপক্ষ রাজনৈতিক দলও নেই বলে নেতৃত্বরা দাবি করেন। আরো বলেন সদ্য উপনির্বাচনে সুরমা কেন্দ্রে ত্রিপুরা মথা, সিপিআইএম প্রার্থী দিয়েছে। কিন্তু ভোটের ফলাফলে দেখা গেছে সকল অংশের জনগণ ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থীকে বিপুল ভোটে জয়ী করেছেন। তাই নিষ্ঠার সাথে দলীয় কাজ করবার জন্য সকলের প্রতি উদাত্ত আহ্বান রাখেন।

# বিলোনীয়ায় পাঁচ জায়গায় হবে দুর্যোগ মোকাবিলার মহড়া


নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৮ অক্টোবর।। আজ বিকেল পাঁচটায় বিলোনিয়া জেলা শাসক কার্যালয়ে সিনিয়র ডেপুটি মেজিস্ট্রেট সুধাশু সরকারের অফিস কক্ষে মহকুমার সাংবাদিকদের নিয়ে একটি প্রেস মিটের আয়োজন করা হয়। প্রেসমিটে সুধাশু বাবু বলেন আগামী ২০ শে অক্টোবর দক্ষিণ জেলার পাঁচটি জায়গায় ভূমিকম্প নিরোধক পাঁচটি মেগা এক্সারসাইজ অন আর্থ কোয়াক অনুষ্ঠিত হবে জেলা ডিজেস্টার বিভাগের পক্ষ থেকে। পাঁচটি জায়গা হলো বিলোনিয়া মহ কুমার রেল স্টেশন সংলগ্ন সারাসীমা এস সি কলোনি, গ্রামীণ এলাকার মধ্যে রাজনগর গ্রাম পঞ্চায়েত, শান্তিরবাজার বিভাগের জোলাইবাড়ি স্কুল মাঠ ও শান্তিরবাজার জেলা হাসপাতাল, এবং সাবরুমের মনুবাজার মার্কেট। প্রকৃত বিপর্যয় হলে কি করে জীবন রক্ষা করা সম্ভব তাই নিয়ে হবে এই মগ ড্রিল। মগ ড্রিলে থাকবে ইনসিডেন্ট রেস্পন্স টিমের সদস্যরা। ওনারা এলাকার মানুষকে বোঝাবেন বিপর্যয় এলে পরে মাথা ঠান্ডা রেখে কি করে নিজেদের ও অন্য সবকিছুকে রক্ষা করতে হয়। মগ ড্রিলে যাতে সাধারণ মানুষের মধ্যে যেন কোনো উদ্বেগ তৈরী না হয় তার জন্য সাধারণ মানুষকে স্বচেতন করতে হবে। আর এইকাজটা ভালোভাবে করতে পারে মিডিয়া। তাই জেলা প্রশাসনের পক্ষ থেকে মিডিয়াকে দায়িত্ব নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

# বিশালগড়ে যুব মোর্চার র‍্যালী অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৮ অক্টোবর।। মঙ্গলবার বৃষ্টিস্নাত বিকালে সরকারকে ধন্যবাদ জানিয়ে বিশালগড় যুবমোর্চার র‍্যালী করে জেলা কমিটি। আঠারো নির্বাচনের পর এমন যুব র‍্যালী চোখে পড়েনি বিশালগড়ে। বিজেপির সাংগঠনিক জেলা সিপাহীজলা (উত্তর) জেলার পাঁচটি মন্ডলের সকল যুব কার্যকর্তা বর্নাঢ্য ধন্যবাদ র‍্যালীতে অংশ নেন। এদিন বিশালগড় মোটর স্ট্যান্ড সংলগ্ন শ্যামাপ্রসাদ মোড় থেকে পাঁচটি মন্ডলের পাঁচটি ব্রিগেড কয়েক হাজার যুবকদের নিয়ে পদযাত্রা শুরু করে। বিশালগড়ের বাজারের বিভিন্ন পথ পরিক্রমা করে অফিসটিলায় গিয়ে র‍্যালী সমাপ্ত হয়। যুব ব্যালিতে অংশ নেন যুব মোর্চার প্রদেশ সভাপতি নবদল বণিক, জেলা সভাপতি দীপ্তনু দাস, বিজেপির জেলা সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, বিজেপির জেলা প্রভারী মৌসুমী দাস, যুব মোর্চার জেলা প্রভারি অরুনাভ নন্দী,আইনজীবী নিতাই চৌধুরি, জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলার পাঁচটি মন্ডলের মন্ডল সভাপতি সহ সকল কার্যকর্তা। ১৮ নির্বাচনের পর এই প্রথম বৃহৎ যুব র‍্যালী করতে সক্ষম হয়েছে বিজেপি।

# মুহুরীপুরে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৮ অক্টোবর।। মুহুরীপুর রাজরাজেশ্বরী মন্দিরে মহকুমা শাসকের উদ্যোগে এক প্রসাশনিক আলোচনার আয়োজন করাহয়। অন্যান্যবছরেরন্যায় এইবছরও শান্তির বাজার মহকুমার অন্তর্গত মুহুরীপুর রাজরাজেশ্বরী মন্দিরে ঐতিহ্যবাহী কালিপূজার আয়োজন করাহবে। কালীপূজাকে কেন্দ্র অন্যান্যবছরেরন্যায় এইবছরও মেলার আয়োজন করাহবে। এই পূজা ও মেলাকে সাফল্যমন্ডীত করেগরেতোলার লক্ষ্যে শান্তির বাজার মহকুমা শাসকের উদ্দ্যোগে বিভিন্ন দপ্তরের আধিকারীক ও মেলা কমিটির সদস্যদের নিয়ে এক আলোচনাসভার আয়োজন করাহয়। আজকের এই আলোচনার মাধ্যমে মেলার বিভিন্নদিকগুলি সম্পর্কেচুরান্ত সিদ্ধান্তগ্রহনকরাহয়। মেলায় অন্যান্যবছরেরন্যায় এই বছরও সরকারী বিভিন্নদপ্তরের ষ্টল দেওয়াহবে। মেলাকে কেন্দ্রকরে যাতেকরে কোনোপ্রকার অপ্রতিকর ঘটনানাঘটে বা দর্শনার্থীরা যাতেকরে কোনোপ্রকার অসুবিধার সন্মুখিন হতেনাহয় তার বিভিন্নদিকগুলো আলোচনাসভার মাধ্যমে তুলেধরাহয়। আজকের এই আলোচনাসভায় উপস্থিত ছিলেন শান্তির বাজার মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য, জোলাইবাড়ী ব্লকের বিডিও মানস ভট্টাচার্য্য সহ বিভিন্ন সরকারী দপ্তরের আধিকারিকরা। আজকের এই আলোচনাসভা সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য অপরদিকে এই ঐতিহ্যবহী কলীপূজার বিভিন্ন দিকগুলো সংবাদমাধ্যমের সামনে তুলেধরেন পূজাকমিটির উদ্দ্যোগতারা।



# মুস্তাক আলী ক্রিকেটে : পন্ডিচেরির বিরুদ্ধে প্রত্যাশিত জয় ত্রিপুরার

ত্রিপুরা: ১৫৯/৬ (২০ ওভার)
পন্ডিচেরি: ১৩৬/৮ (২০ ওভার)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। প্রত্যাশিত জয় পেয়েছে ত্রিপুরা। দুর্বল প্রতিপক্ষ পন্ডিচেরিকে ২৩ রানের ব্যবধানে হারিয়ে সৈয়দ মুস্তাক আলী ক্রিকেটে ত্রিপুরা এবারের আসরে দ্বিতীয় জয় পেয়েছে। আট দলীয় গ্রুপ লীগের আসরে দ্বিতীয় ম্যাচে রজত, সুদীপের ব্যাটিং সৌজন্যে কর্তৃত্বপূর্ণ জয় পেয়েছিল উত্তরপ্রদেশের বিরুদ্ধে। সেটি ছিল এবারের আসরে প্রথম জয়। পঞ্চম ম্যাচের মাথায় আজ, মঙ্গলবার পুনরায় জয়ের স্বাদ পেল ঋদ্ধিমানের নেতৃত্বাধীন ত্রিপুরা। ঋদ্ধিমান আজও ফ্লপ। তিন বল মাঠে থেকে এক রান করে বোল্ড আউট হয়ে প্যাভিলিয়নে ফেরা। উইকেটের পেছনেও আজ তেমন সাফল্যের পরিসংখ্যান নেই।

কৃতিত্ব সেই রাজ্যের খেলোয়াড় বিক্রম কুমার দাসের সঙ্গে পেশাদার সুদীপ চ্যাটার্জির। জয়পুরে সোয়াই মানসিং স্টেডিয়ামে নৈশালকে টি-টোয়েন্টি ম্যাচে টস জিতে পন্ডিচেরি প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ত্রিপুরা দলকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানায়। রাজ্য দল নির্ধারিত কুড়ি ওভারে ছয় উইকেট হারিয়ে ১৫৯ রান সংগ্রহ করে। দলের পক্ষে বিক্রম কুমার দাসের ৬১ রান এবং সুদীপ চ্যাটার্জির ৪৬ রান উল্লেখযোগ্য। বিক্রম ৫৬ বল খেলে পাঁচটি বাউন্ডারি সহযোগে ৬১ রান পায়। সুদীপ ৪৬ পেয়েছে ৩২ বল খেলে চারটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেরে। জবাবে ব্যাট করতে নেমে পন্ডিচেরি আট উইকেট হারিয়ে ১৩৬ রান সংগ্রহ করতেই সীমিত কুড়ি ওভার শেষ হয়ে যায়। দলের পক্ষে ভিংকেশের অপরাজিত ৩৪ এবং অঙ্কিত শর্মা ও মোহিত মিট্টন দুজনেই ২৫ করে রান পেয়েছে। রাজ্য দলের বোলার পারভেজ সুলতান কুড়ি রানে তিনটি উইকেট তুলে নিয়ে বেশ সাফল্য পেয়েছে। এছাড়া, মনি শংকর মুড়াসিং পেয়েছে দুটি উইকেট। রানা দত্ত এবং চিরঞ্জিত পাল পেয়েছে একটি করে উইকেট।

# ব্যালন ডি-অর জিতলেন রিয়াল তারকা বেঞ্জেমা

প্যারিস, ১৮ অক্টোবর (হি.স.) : ২০২২ সালের ব্যালন ডি-অর জয়ী ফুটবলার নির্বাচিত হলেন ফ্রান্স তথা রিয়াল মাদ্রিদের স্ট্রাইকার করিম বেঞ্জেমা।

সাদিও মানে এবং কেভিন ডি ব্রুইনাকে হারিয়ে ৩৪ বছর বয়সে ফুটবলের জগতে সর্বোচ্চ একক সম্মান পেলেন তিনি। সেরার ট্রফিটা তিনি নিলের তাঁরই দেশের কিংবদন্তি ফুটবলার জিনেদিন জিদানের হাত থেকে। মেয়েদের বিভাগে এই সম্মান পেলেন স্পেন তথা বার্সেলোনার অ্যালেক্সিয়া পুতেয়াস।

অনূর্ধ ২১ বিভাগে সেরার পুরস্কার জিতলেন বার্সার গাভি এবং ইয়াসিন ট্রফি (সেরা গোলকিপারের পুরস্কার) দখল করলেন রিয়ালের গোলরক্ষক থিবাউ কুতর্োয়াঁ। ২০২২ সালের সেরা ক্লাব নির্বাচিত হল ইংল্যান্ডের ম্যানচেস্টার সিটি। প্যারিসের জমকালো অনুষ্ঠানে সোনার বল হাতে বেঞ্জেমা বলেন, সেই ছোটবেলা থেকে এটার স্বপ্ন দেখে এসেছি, ব্যালন ডি-অর জিতে আমি গর্বিত বোধ করছি। রিয়াল মাদ্রিদের সবাইকে ধন্যবাদ জানাতে চাই। খেলোয়াড়রা, যাদের ছাড়া এটা সম্ভব হত না। দর্শক, যাদের সমর্থনের জোরে আমি মাঠে আমার সবটা দিতে পেরেছি। সেই সঙ্গে ধন্যবাদ প্রেসিডেন্টকেও। আমি যখন রিয়ালে যোগ দিই তখন আমার বয়স ছিল ২১। প্রথম কয়েক মাস খুব কঠিন ছিল তবে আমার বরাবরই ব্যালন ডি-অর-র কথা মাথায় ছিল।

# টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরুর চার দিন আগে অস্ট্রেলিয়ার ক্রিকেটে বিরাট রদবদল

টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হতে বাকি চার দিন। ২২ অক্টোবর অস্ট্রেলিয়ার প্রথম ম্যাচ। তার আগেই বিরাট বদল অস্ট্রেলিয়ার এক দিনের ক্রিকেটে। নতুন অধিনায়ক পেল অস্ট্রেলিয়া। গত মাসে অ্যারন ফিঞ্চ এক দিনের ক্রিকেট থেকে অবসর নেন। তাঁর জায়গায় প্যাট কামিন্সকে অধিনায়ক করল অস্ট্রেলিয়া। টেস্টেও অধিনায়ক কামিন্স। এ বার এক দিনের ক্রিকেটের দায়িত্ব দেওয়া হল তাঁকে। ডেভিড ওয়ার্নারকে অধিনায়ক করা হতে পারে বলে মনে করা হলেও অস্ট্রেলিয়ার ওপেনারের বদলে টেস্ট অধিনায়ককেই বেছে নিল ব্যাগি গ্রিনবাহিনী। এক দিনের ক্রিকেটে অস্ট্রেলিয়ার ২৭তম অধিনায়ক কামিন্স। তিনিই প্রথম জোরে বোলার, যিনি অস্ট্রেলিয়াকে এক দিনের ক্রিকেটে নেতৃত্ব দেবেন। দায়িত্ব পেয়ে কামিন্স বলেন, "ফিঞ্চের নেতৃত্বে খেলে দারুণ উপভোগ করেছি। নেতৃত্ব দেওয়ার অনেক কিছু শিখেছি। আমাদের এক দিনের দলের অভিজ্ঞতা প্রচুর। এমন একটি দলকে নেতৃত্ব দেওয়া আমার কাছে খুবই গর্বের।" ক্রিকেট অস্ট্রেলিয়ার এক কর্তা বেন অলিভার বলেন, "আমরা খুবই সৌভাগ্যবান যে, সব ধরনের ক্রিকেটে আমাদের এত অভিজ্ঞ ক্রিকেটার এবং নেতা রয়েছে। বোর্ড এবং নির্বাচকরা মনে করেছে ২০২৩ বিশ্বকাপ পর্যন্ত অস্ট্রেলিয়াকে নেতৃত্ব দেওয়ার জন্য কামিন্সই সেরা।" অস্ট্রেলিয়ার প্রধান নির্বাচক জর্জ বেইলি বলেন, "টেস্ট দলকে দারুণ নেতৃত্ব দিচ্ছে কামিন্স। আশা করি এক দিনের বিশ্বকাপেও ওর নেতৃত্বে ভাল খেলবে দল।" কিছু দিন ধরে ওয়ার্নারের নেতা হওয়ার সম্ভাবনা তৈরি হচ্ছিল বলে মনে করা হচ্ছিল। ২০১৮ আন্তর্জাতিক ক্রিকেটে বল বিকৃতির অভিযোগে নির্বাসিত হয়েছিলেন ওয়ার্নার। ক্রিকেট জীবনে তিনি কখনও নেতৃত্ব দিতে পারবেন না বলে সিদ্ধান্ত নেয় ক্রিকেট অস্ট্রেলিয়া। তার পর থেকে কখনও অস্ট্রেলিয়ায় কোনও ধরনের ক্রিকেটেই নেতৃত্ব দেওয়ার সুযোগ পাননি ওয়ার্নার। যদিও অন্য দেশের টি-টোয়েন্টি প্রতিযোগিতাগুলিতে নেতৃত্ব দিয়েছেন। ওয়ার্নারের উপর থেকে সেই নির্বাসন তুলে নেওয়া হতে পারে বলে ভাবা হচ্ছিল। সেই কারণে এক দিনের ক্রিকেটে ওয়ার্নারকে অধিনায়ক হিসাবে দেখার আশা করছিলেন অনেকে।

# সতীর্থদের প্রশংসায় দিমিত্রি, জবাব কোচ জুয়ানের

এটিকে-মোহনবাগানে রয় কৃষ্ণ ও ডেভিড উইলিয়ামসের অভাব পূরণ করার জন্য তাঁর দিকেই তাকিয়েছিলেন সমর্থকরা। আইএসএলের প্রথম ম্যাচে চেন্নাইয়িন এফসি-র বিরুদ্ধে দুর্দান্ত খেললেও গোল করতে পারেননি দিমিত্রি পেত্রাতোস। চব্বিশ ঘণ্টা আগে কোচিতে কেরলের ব্লাস্টার্সের বিরুদ্ধে অনবদ্য হ্যাটট্রিক করে সবুজ-মেরুন সমর্থকদের নয়নের মণি হয়ে উঠেছেন অস্ট্রেলীয় স্ট্রাইকার। অথচ বাড়তি উচ্ছ্বাস দেখাতে রাজি নন দিমিত্রি। বলছেন, "আমরা একটা দল হিসেবে জিতেছি। কে কটা গোল করেছে, গুরুত্বপূর্ণ নয়।" মোহনবাগানের নতুন তারকার উত্থানের কাহিনিও আকর্ষণীয়। তাঁর বাবা অ্যাঞ্জেলা ডিফেন্ডার ছিলেন। ভাই কোস্টা ও বোন পানাগিয়োটাও ফুটবলার। দিমিত্রি গর্ব করে বলেন, "আমাদের পুরো পরিবারটাই ফুটবলের সঙ্গে যুক্ত। আমরা একে অপরকে উদ্বুদ্ধ করি, শিক্ষা নিই।" কেরলের বিরুদ্ধে ৫-২ গোলে দুরন্ত জয় ডার্বির আগে আত্মবিশ্বাসী করে তুলেছে জুয়ানকেও। তিনি বলেছেন, "আমরা একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাচ্ছি। আশা করি ডার্বির জন্য দল তৈরি হয়ে যাবে।" সুনীলরা খেলবেন কাতারে: এশিয়ার ফুটবল নিয়ামক সংস্থা সোমবারই সরকারি ভাবে ঘোষণা করে দিল, ২০২৩ সালে কাতারেই এএফসি এশিয়ান কাপের মূল পর্বে হবে। খেলবেন সুনীল ছেত্রীরা।

# জল্পনার অবসান, বিসিসিআই-এর প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা রজার বিনির নাম

নয়াদিল্লি, ১৮ অক্টোবর (হি. স.) : সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে নাম ঘোষনা হল বিসিসিআই প্রেসিডেন্টের। মঙ্গলবার বোর্ডের বার্ষিক সাধারণ সভায় বিসিসিআই-এর প্রেসিডেন্ট হিসেবে সরকারিভাবে ঘোষণা হল ১৯৮৩ সালের বিশ্বকাপজয়ী রজার বিনির নাম।

বিসিসিআই-এর পক্ষ থেকে সৌরভ গঙ্গোপাধ্যায়ের বিকল্প হিসেবে অনেকদিন আগেই রজার বিনির নাম ঘোষণা করা হয়। কর্ণাটক ক্রিকেট আসোসিয়েশনের প্রাক্তন প্রেসিডেন্ট বিনি মনোনয়ন জমা দিয়েছিলেন। প্রথমে তাঁর বিরুদ্ধে একাধিক অভিযোগ থাকলেও তা খারিজ হয়ে যায়। সোমবার মুম্বই রওনা দেন সৌরভ। তাঁর উত্তরসূরিকে কাজ বুঝিয়ে দিতে। এরপর এদিন বোর্ডের বার্ষিক সাধারণ সভায় সরকারিভাবে নাম ঘোষণা হল রজার বিনির। সৌরভ তাঁর নাম প্রস্তাব করেন আর বাকি সদস্যরা তাঁতে সমর্থন জানান। তিনি হলেন বিসিসিআই-এর ৩৬ তম প্রেসিডেন্ট। রজার বিনি একমাত্র প্রার্থী থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় তিনি সৌরভের স্থলাভিষিক্ত হলেন।

# ত্রিপুরা স্পোর্টস স্কুলে ফিট ইন্ডিয়া ফ্রীডম রান সম্পন্ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। মঙ্গলবার সকালে বাঁধারঘাটস্থিত ত্রিপুরা স্পোর্টস স্কুলে আজাদী কা অমৃত মহোৎসবের ৭৫ বছর পূর্তি উপলক্ষে তিন কিলোমিটার ফিট ইন্ডিয়া ফ্রিডম রান অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির মূল উদ্দেশ্য, ৭৫ বছর উর্ধ ব্যক্তিরাও যাতে শারীরিক ও মানসিকভাবে সম্পুর্ন সুস্থ থাকে। স্পোর্টস স্কুলের ছাত্র-ছাত্রীসহ আকাডেমীক ও কোচিং বিভাগের সকল শিক্ষক শিক্ষিকা এবং বিভিন্ন গেইমের প্রশিক্ষকরা এই কর্মসূচিতে অংশ নেয়। উপস্থিত ছিলেন, সহকারী প্রধান শিক্ষিকা বীনা মগ সহ অন্যান্যরা। স্কুল প্রাঙ্গন থেকে যাত্রা শুরু করে বাধারঘাট এলাকার ৩ কিমি. পথ পরিক্রমা করে। পদযাত্রা শেষে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জানান। ফিট ইন্ডিয়া ফ্রিডম রান অনুষ্ঠানের আহ্বায়ক শুভেনজিৎ সিনহা এখবর জানিয়েছেন।

# কাবাডির নির্বাচনী শিবির ছামনুতে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। কাবাডির উন্মুক্ত নির্বাচনী শিবির হবে ধলাই জেলার ছামনু স্কুলে। জাতীয় জুনিয়র কাবাডি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য। ২৩ অক্টোবর সকাল ১১ টায় হবে নির্বাচনী শিবির। নির্বাচনী শিবিরে অংশগ্রহণে ইচ্ছুক অনূর্ধ-২০ বিভাগের খেলোয়াড়দেকর ওইদিন যথাসময়ে উদ্যোক্তা কমিটির সচিব অর্পন চাকমার কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। খেলোয়াড়দের বয়সের প্রমানপত্র নিয়ে শিবিরে যোগ দিতে হবে। শেষ ২৫ বছর ওই শিবির আগরতলায় অনুষ্ঠিত হতো। এবারে শিবিরের দায়িত্ব দেওয়া হয়েছে ধলাই জেলাকে। শিবিরের উদ্বোধন করবেন স্থানীয় বিধায়ক শম্ভু লাল চাকমা।

# কিল্লায় মহিলা ফুটবল জয় অব্যাহত রাইও কামির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। দ্বিতীয় জয় পেলো রাইয়ো কামি। পরাজিত করলো কাইপেং বুলাই দলকেকে। ২-০ গোলে। মহিলা ফুটবলে। জয়েং কামি মাঠে ৮ দলকে নিয়ে হচ্ছে আসর। মঙ্গলবার জয়েং কামি মাঠে মুখোমুখি হয় দুইদল। একঝাঁক ত্রিপুরা দলের ফুটবলারদের নিয়ে গড়া রাইয়ো কামি দল ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে। বল দখলের লড়াইয়েও ছিলো এগিয়ে। ম্যাচে বিজয়ী দলের পক্ষে ধনিতা রিয়াং এবং মঞ্জুতি জমাতিয়া গোল করেন। খেলা পরিচালনা করেন কিপহিলতী জমাতিয়া। মূলত: কিল্লা থেকে প্রতিভাবান ফুটবলার বের করে আনার লক্ষ্যেই ওই আসরের উদ্যোগ। কম দল আসরে অংশ নেওয়ায় প্রথমে লিগ ভিত্তিতে হবে খেলা। কোয়ার্টার ফাইনাল থেকে হবে নকআউট পর্যায়ে খেলা।

# সাব্রুমে ফুটবল, চালিতাছড়া জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। সহজ জয় পেলো চালিতাছড়া দল। ৩-০ গোলে পরাজিত করলো সাব্রুম পি এস দলকে। সাব্রুমের ৪০ মন্ডল যুব মোর্চার উদ্যোগে পন্ডিত দীনদয়াল স্মৃতি প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগিতা। মঙ্গলবার ব্রজেন্দ্রনগর স্কুল মাঠে ম্যাচের শুরু থেকেই বল দখলের লড়াইয়ে এগিয়ে ছিলেন চালিতাছড়া দলের ফুটবলাররা। বল দখলের লড়াইয়েও ছিলো অনেকটা এগিয়ে। প্রথমার্ধে বিজয়ী দল এগিয়ে যায় ২-১ গোলে। চালিতাছড়া দলের পক্ষে সাগর ত্রিপুরা, রাহুল ত্রিপুরা এবং হৃদয় ত্রিপুরা গোল করেন। ম্যাচটি পরিচালনা করেন রাজীব ত্রিপুরা। প্রসঙ্গত: আসরের চ্যাম্পিয়ন এবং রানার্স দল সুদৃশ্য ট্রফি সহ প্রাইজমানি বাবদ যথাক্রমে পাবে ২৫ এবং ১৫ হাজার টাকা। এছাড়া থাকবে আকর্ষনীয় পুরস্কার।

# আগরতলা ছেড়ে ৭৫ জন বাইক রাইডার্স-রা অন্য রাজ্যের উদ্দেশ্যে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। আজাদী কা অমৃত মহোৎসবের অঙ্গ হিসেবে ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে স্বাধীনতার ৭৫তম বর্ষে ৭৫ জন বাইক রাইডার সহ মোট ৮৪ জনের বাইক রেলি টীম দেশের বিভিন্ন রাজ্য পরিক্রমা করে সংহতি ও সৌভ্রাতৃত্বের বার্তা নিয়ে সোমবার আগরতলায় প্রবেশ করে। উল্লেখ্য, গত নয় সেপ্টেম্বর দিল্লি থেকে যাত্রা শুরু করে ফ্রিডম বাইক রেলি দেশের বিভিন্ন রাজ্য পরিক্রমা করে আগামী ২৪ নভেম্বর দিল্লিতে রাষ্ট্রপতি ভবনের সামনে সমাপ্তি ঘটবে। আগরতলায় আসার পর অভ্যর্থনা জানানোর পর যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং সাই-এর উদ্যোগে ইন্দো-বাংলা বর্ডার ও ত্রিপুরা স্টেট মিউজিয়াম উজ্জয়ন্ত প্রাসাদ পরিদর্শন করানোর পর ভগৎ সিং যুব আবাসে সন্ধ্যা সাতটায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও মতবিনিময় সভার আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তার সুবিকাশ দেববর্মা, নেহরু যুব কেন্দ্রের অধিকর্তা শ্রীমতি জবা চক্রবর্তী, ফ্রিডম রাইডার বাইক রেলির টিম লিডার হরশল মোদি ও পশ্চিম জেলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক কৃষ্ণকান্ত ভট্টাচার্য সহ অন্যান্যরা। আগরতলায় সারা জাগানো এই রেলি আজ, মঙ্গলবার সকালে আগরতলা ছেড়ে বহিরাজ্যের উদ্দেশ্যে রওয়ানা হয়েছে।

# মা মানিক রেটিং দাবায় ওপেন টুর্নামেন্টে রূপম সেরা, মহিলা বিভাগে অর্শিয়া চ্যাম্পিয়ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। মেয়েদের বিভাগে ত্রিপুরার অর্শিয়া চ্যাম্পিয়ন। ওপেন রেটিং দাবা টুর্নামেন্টে অপরাজিত চ্যাম্পিয়ন রুপম মুখার্জি। বাংলার ছেলে ত্রিপুরায় এসে দ্বিতীয়বারের মতো আয়োজিত মা মানিক মেমোরিয়াল ফিডে রেটেড ওপেন চেস টুর্নামেন্টে বাংলার-ই অভিষেক সরকার পেয়েছে রানার্স খেতাব।

সামগ্রিকভাবে ওপেন টুর্নামেন্টের নিরিখে ত্রিপুরার অর্শিয়া দাস তৃতীয় স্থান অর্জনের পাশাপাশি মেয়েদের বিভাগে শ্রেষ্ঠ স্থানটিও দখল করে নিয়েছে।

দশ রাউন্ডের খেলায় রুপম, অভিষেক যথাক্রমে সাড়ে ৯ ও ৮ পয়েন্ট পেয়েছে। অর্শিয়া পেয়েছে সাড়ে সাত পয়েন্ট। সমসংখ্যক পয়েন্ট সংগ্রহকারী আরও চারজন পশ্চিমবঙ্গের শঙ্খদীপ মাইতি, বৃষ্টি মুখার্জি, কর্নাটকের সাখাওয়াত হোসেন এবং পশ্চিমবঙ্গের অনিকেত নারায়ণ বিশ্বাস যথাক্রমে চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম স্থান পেয়েছে। সাত করে পয়েন্ট পেয়ে পশ্চিমবঙ্গের সমব্রত ব্যানার্জি অষ্টম, ত্রিপুরার দিগন্ত রায় নবম এবং বাপু দেববর্মা দশম স্থান পেয়েছে। উল্লেখ্য, দ্বিতীয়বারের মতো আয়োজিত এবারকার প্রতিযোগিতায় সারা দেশ থেকে ১৭৩ জন দাবাড়ু অংশগ্রহণ করেন। ১৩ অক্টোবর থেকে এনএসআরসিসি-র ইনডোর হল-এ আয়োজিত এই প্রতিযোগিতায় চীফ আরবিটারের ভূমিকায় ছিলেন আন্তর্জাতিক আরবিটার প্রদীপ কুমার রায় এবং ডেপুটি চীফ আরবিটার ছিলেন ফিডে আরবিটার অনুপম ভট্টাচার্য। মঙ্গলবার প্রতিযোগিতা শেষে বেলা দুইটায় এক বিশেষ অনুষ্ঠানে বিজয়ীদের অর্থ পুরস্কার ও সুদৃশ্য ট্রফি ও সার্টিফিকেট প্রদান করা। ছয় দিন ব্যাপী টুর্নামেন্ট সাফল্যমন্ডিতভাবে শেষ হওয়ায় উদ্যোক্তাদের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

# দিল্লিতে খেলো ইন্ডিয়া জুডো টুর্নামেন্ট : রাজ্য দলের রওয়ানা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।। ত্রিপুরার জুডোকা-রা দিল্লির উদ্দেশ্যে রওয়ানা হলো।খেলো ইন্ডিয়া ন্যাশনাল মহিলা লীগ/ রেংকিং জুডো টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে নয়া দিল্লিতে আই.জি স্টেডিয়ামে। সেখানে ২০ থেকে ২৩ অক্টোবর সব জুনিয়র, ক্যাডেট, জুনিয়র এবং সিনিয়র বিভাগের মহিলা গ্রুপের এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ত্রিপুরা থেকে সাতজন জুডোকা নিয়ে গড়া দল আজ, মঙ্গলবার রেলপথে দিল্লির উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। জুডো ফেডারেশন অফ ইন্ডিয়া কতৃক বাছাইকৃত রাজ্যের জুডোকারা হলো: সাব জুনিয়র অনূর্ধ ২৮ কেজি বিভাগে প্রিয়াঙ্কা দাস, সব জুনিয়র অনূর্ধ ৩২ কেজি বিভাগে ইন্দ্রানী দাস, সাব জুনিয়র অনূর্ধ ৩৬ কেজি বিভাগে তানিয়া দাস, সাব জুনিয়র অনূর্ধ ৪০ কেজি বিভাগে আকাংশা ঘোষ, সাব জুনিয়র অনূর্ধ ৫৭ কেজি বিভাগে সায়ন্তী দাস। ক্যাডেট গ্রুপে অনূর্ধ ৪০ কেজি বিভাগে উমা বেগম, ক্যাডেট অনূর্ধ ৪৮ কেজি বিভাগে সুহেতা দাস। কোচ হিসেবে রাজ্য দলের সঙ্গে রয়েছেন শোভা দেব। উল্লেখ্য, ৬ জন জুডোকা-ই রয়েছে বিবেকানন্দ জুডো সেন্টারের প্রশিক্ষনার্থী। রাজ্য দলের জুডোকা-রা জাতীয় আসরে সাফল্য পাবে বলে সংশ্লিষ্ট ক্রীড়া মহলের প্রত্যাশা।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# শিক্ষাই সমাজকে সঠিক দিশা দেখাতে পারে : মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** শিক্ষা সমাজের মেরুদন্ড। শিক্ষাই সমাজকে সঠিক দিশা দেখাতে পারে। আজ আগরতলার কুঞ্জবনে ঋষি শ্রী অরবিন্দ সরকারি ইংলিশ মিডিয়াম কলেজের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, এই কলেজটি রাজ্যে প্রথম সরকারি ইংলিশ মিডিয়াম কলেজ। রাজ্যে উচ্চশিক্ষার ক্ষেত্রে এটি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উচ্চশিক্ষার ক্ষেত্রে ইংরেজি ভাষা খুবই প্রয়োজনীয়। এই ইংলিশ মিডিয়াম কলেজ উদ্বোধনের মাধ্যমে রাজ্যে উচ্চশিক্ষার ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা ঘটলো।

এদিন তিনি বলেন, একটি নুতন কলেজ চালু করা খুবই কঠিন ব্যাপার। নানা সমস্যা কাটিয়ে শিক্ষামন্ত্রী এবং শিক্ষা দপ্তরের চেষ্টায় এই কলেজ চালু করা সম্ভব হয়েছে। আগামীতে এই কলেজের পরিকাঠামোগত দিক থেকে শুরু করে শিক্ষার উন্নয়নের জন্য সরকারের আরও চেষ্টা থাকবে।

মুখ্যমন্ত্রী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, শুধুমাত্র পুঁথিগত বিদ্যায় শিক্ষিত হলেই চলবে না। প্রকৃত শিক্ষায় শিক্ষিত হতে হবে। সমাজে প্রকৃত মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। পড়াশোনার পাশাপাশি পাঠ্যক্রম বর্হিভূত কার্যক্রমে পারদর্শি হতে হবে। শিক্ষার পাশাপাশি সামাজিক কর্মকান্ডেও নিজেকে যুক্ত রাখতে হবে। বয়জ্যেষ্ঠদের সম্মান এবং ছোটদের প্রতি ভালোবাসা থাকা প্রয়োজন। তবেই একজন শিক্ষার্থী নিজেকে প্রকৃত মানুষ হিসেবে গড়তে পারবে।

মুখ্যমন্ত্রী শিক্ষক শিক্ষিকাদের উদ্দেশ্যে বলেন, তারা যেন নিজেরাও নতুন নতুন জ্ঞান আহরণের মাধ্যমে নিজেদের সবসময় তৈরি রাখেন। এতে শিক্ষকতার মান বাড়বে। মুখ্যমন্ত্রী অভিভাবকদের সন্তানের প্রতি সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, ছাত্রছাত্রীরা যেন নেশা আসক্তি থেকে দূরে থাকে। রাজ্যের বর্তমান সরকারও নেশা দূরীকরণে সদা সচেষ্ট রয়েছে। মুখ্যমন্ত্রী ডা. সাহা, ঋষি অরবিন্দের স্মৃতিচারণ করেন ও তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

এদিন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ বলেন, শিক্ষার মাধ্যমেই জীবনের গুরুত্ব উপলব্ধি করা সম্ভব। বর্তমান রাজ্য সরকার মানব সম্পদ উন্নয়নে দায়িত্বশীল ভূমিকা পালন করছে। সঠিক শিক্ষা ও উন্নত স্বাস্থ্য পরিষেবার মাধ্যমেই উন্নত মানব সম্পদ গড়া সম্ভব। সরকার এই দুটি বিষয়েই গুরুত্ব দিয়েছে।শিক্ষামন্ত্রী বলেন, ত্রিপুরায় বর্তমানে ১২৮টি প্রাকপ্রাথমিক বিদ্যালয় রয়েছে। ত্রিপুরায় ২৫টি সাধারণ ডিগ্রি কলেজের মধ্যে ২১টি কলেজ ন্যাকের অনুমোদন প্রাপ্ত। ত্রিপুরার ছাত্রছাত্রীরা যাতে সর্বভারতীয় স্তরে নিজেদের দক্ষতা প্রতিষ্ঠিত করতে পারে তার জন্য 'লক্ষ্য' নামে প্রকল্প চালু করা হয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, রাজ্যে ৬টি সাধারণ ডিগ্রি কলেজে বাংলা ও ইংরেজিতে মাস্টার ডিগ্রি কোর্স চালু করা হয়েছে।

## ত্রিপুরা ও অরুণাচল সফরে আসছেন প্রধানমন্ত্রী মোদি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** ত্রিপুরা ও অরুণাচল প্রদেশ সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আগামী ২৭ ও ২৮ অক্টোবর তাঁর পূর্বোত্তরে দুই রাজ্যে সফরের সম্ভাবনা রয়েছে।

এ-বিষয়ে ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা বলেন, আগামী ২৭ কিংবা ২৮ অক্টোবর ত্রিপুরা সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর অরুণাচল প্রদেশ সফরে যাওয়ার সূচী রয়েছে। তবে, এখনো চূড়ান্ত সময়সূচী আসেনি। তিনি বলেন, ত্রিপুরা সফরে পিএম আবাস যোজনায় ঘর প্রাপকদের গৃহ প্রবেশ অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী। এছাড়া, বেশ কিছু প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন তিনি।প্রসঙ্গত, আজ ত্রিপুরা প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিক এবং পুলিশের শীর্ষ আধিকারিকদের সাথে প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে বৈঠক করেছেন মুখ্য সচিব। তিনি সকলকে সমস্ত প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন।

## সরকারের উপর আস্থা হারিয়ে চাঁদা তুলে রাস্তা সংস্কার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** প্রশাসন এবং স্থানীয় জনপ্রতিনিধির উপর আস্থা হারিয়ে রাস্তার কাজে হাত লাগিয়েছে এলাকাবাসী এবং উপ নির্বাচনে সিপিআইএম প্রার্থী শৈলেন্দ্র চন্দ্র নাথ। চাঁদা সংগ্রহ করে চলছে রাস্তা সংস্কারের কাজ।

যুবরাজনগর আর ডি ব্লকের অধীন ঢুপির বন্ধ গ্রাম পঞ্চায়েতের ৪ নং ওয়ার্ডের রাস্তার বেহাল অবস্থা। অথচ রাস্তাটি সংস্কারের কোনো উদ্যোগ নেই স্থানীয় জনপ্রতিনিধিদের। রাস্তা দিয়ে কয়েক হাজার মানুষ প্রতিদিন যাতায়াত করে। গ্রামবাসীরা রাস্তাটি এবং এলাকার সেতুটি সংস্কারের জন্য বেশ কয়েকবার ধর্মনগর - পানিসাগর সড়ক অবরোধ করেছে। শেষ পর্যন্ত যুবরাজনগর ব্লকের আধিকারিক তাদেরকে আশ্বাস দিয়েছিলেন কিছুদিনের মধ্যে এই রাস্তাটির সংস্কার করা হবে। কিন্তু সংস্কার করা হয়নি।গ্রামবাসীরা জানায় রাস্তাটি সংস্কার না করার ফলে দমকলের ইঞ্জিন এবং এম্বুলেন্স কিছুই এ রাস্তা দিয়ে যাতায়াত করতে পারতো না। ২০২১ সালে রেগা প্রকল্পে সাইনবোর্ড লাগিয়ে পাঁচ লক্ষ টাকা উপর ব্যয় করে কাজ হয়েছে বলে দেখানো হয়েছে। প্রকৃতপক্ষে শুধুমাত্র কয়েক গাড়ি মাটি ফেলে দায়িত্ব খালাস করেছে।

গ্রামবাসীরা আরো জানায় তাদের এই রাস্তার কাজ যা হয়েছিল সব বামফ্রন্ট আমলে তারপর এই রাস্তাকে অবহেলিত করে রাখা হয়েছে। রাস্তার পাশাপাশি সেতুটিতে এমন সব ভাঙ্গন সৃষ্টি হয়েছে যার কারণে দুই তিনটি বড় ধরনের দুর্ঘটনা ঘটে গেছে। এই সেতুর উপর দিয়ে প্রতিদিন ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে যাতায়াত করে। কোন কারণে বড় ধরনের দুর্ঘটনা ঘটে গেলে তার জন্য দায়ী কে থাকবে।গ্রামবাসীরা ক্ষোভ উগড়ে দেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস এবং ৪ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য আজির উদ্দিনের উপর। তারা নাকি মাত্র কয়েক হাজার টাকা ব্যয় করে রাস্তার কাজের জন্য বরাদ্দকৃত টাকা লুটেপুটে খেয়েছে। তাদের বিরুদ্ধে তদন্ত এবং শাস্তির দাবি জানিয়েছে গ্রামবাসীরা।গ্রামবাসীদের পাশে বর্তমানে এসেছেন উপ নির্বাচনে সিপিআইএম প্রার্থী শৈলেন্দ্র চন্দ্র নাথ। তিনি এবং স্থানীয়দের উদ্যোগে চাঁদা সংগ্রহ করে ইট ফেলে রাস্তার কাজ করা হচ্ছে এবং সেতুটির কাজও করার উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান গ্রামবাসী। রাস্তাটি এবং সেতুটি সংস্কার হলে স্থানীয়রা এখন উপকৃত হবে বলে জানায় এদিন।

## ট্রাকের ধাকায় মৃত্যু এক ব্যক্তির প্রতিবাদে বাগবাসায় পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর মহকুমার বাগবাসায় পথ দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হয়েছে এক ব্যক্তির। ঘটনার প্রতিবাদে এলাকার জনগণ দীর্ঘক্ষন পথ অবরোধ করেন। অবশেষে পুলিশের হস্তক্ষেপে পথ অবরোধ মুক্ত হয়। ধর্মনগর মহকুমার বাগবাসা আউটপোস্টের এলাকাধীন বাগবাসা ২ নং ওয়ার্ডে একটি ডাম্পার গাড়ির ধাক্কায় ঘটনাস্থলে মৃত্যু হয়েছে শতাংশ নাথ নামে এক বাইক চালকের। মৃতের বয়স ৪৮। তার বাড়ি টঙছড়া। ঘটনার বিবরণে জানা যায় বাইকে করে তার সন্তানকে স্কুলে পৌছে ফেরার পথেই তিনি ভয়াবহ দুর্ঘটনার কবরে পড়েন। একটি ডাম্পার গাড়ি তাকে ধাক্কা দিয়ে ঘটনাস্থলেই তার জীবনদীপ চিরতরে নিভিয়ে দেয়। ঘটনার পরপরই স্থানীয় লোকজনরা দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন এবং তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। দমকল বাহিনীর কর্মীরা জানান তার মাথা পুরোপুরি থাকলে দিয়েছে ডাম্পার গাড়িটি। ফলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে। ঘটনার প্রতিবাদে উত্তেজিত জনতা জাতীয় সড়ক অবরোধ করেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। ঘাতক গাড়িটিকে চুড়াইবাড়ি থানার পুলিশ আটক করেছে। জানা গেছে সকালে তিনি তার নিজের সন্তানকে স্কুলে দিয়ে বাড়িতে ফিরছিলেন। পেছন থেকে ডাম্পার গাড়িটি এমনভাবে আঘাত করে যে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

## বিলোনীয়ায় তৃণমূলের চাক্কা জ্যাম কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৮ অক্টোবর।। বিলোনীয়া ১নং টিলা রাস্তায় সিএনজি, পেট্রোল ও ডিজেলের মূল্য বৃদ্ধির প্রতিবাদ সহ মোট পাঁচ দফা দাবিতে চাক্কা জ্যাম কর্মসুচি হয় এই দিন। এই দিনের কর্মসূচিতে যুব তৃনমুল কংগ্রেসের নেতা কর্মী, সমর্থকরা সহ তৃনমুল কংগ্রেসের শাখা সংগঠনের নেতা কর্মী, সমর্থকরা স্লোগান তুলে রাস্তা অবরোধ করে চাক্কা জ্যাম কর্মসুচি সংগঠিত করে। স্তব্দ করে দেয় যানবাহন চলাচল। ছুটে আসে পুলিশ সহ ডিসিএম। কথা বলে তৃনমুল নেতৃত্বের সাথে। রাস্তা থেকে অবরোধ তুলে নেওয়ার জন্য বলার পরেও রাজী না হওয়ায় অবরোধ কারীদের আইন অনুসারে গ্রেফতার করে নিয়ে আসে অস্থায়ী জেলে। এরপর ছেড়ে ও দেওয়া হয় তাদের। এই দিনের কর্মসূচিতে ছিলেন, তৃনমুল কংগ্রেসের নেতা ত্রিদিব দত্ত,প্রশান্ত সেন, কাজল বনিক, যুব নেতা রাহুল চৌধুরী সহ অন্যান্য নেতৃত্বরা।

## জামজুরিতে অটো উল্টে তিনজন আহত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** আবারো যান দুর্ঘটনা। যান দুর্ঘটনা যেন পিছু ছাড়ছে না। মঙ্গলবার দুপুর প্রায় ২:৩০ মিনিট নাগাদ জামজুরি বাজার থেকে শালগড়া যাওয়ার রাস্তার মাথায় একটি অটো আচমকা উল্টে যায়। উল্টে যাওয়া অটোর মধ্যে তিনজন লোক ছিল এবং রাবারের সিট ছিল। সঙ্গে রাস্তা আশেপাশের লোকজন হঠাৎ শব্দ পেয়ে ছুটে আসেন এবং খবর দেওয়া হয় উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরে। দমকল বাহিনীর কর্মীরা ছুটে এসে তাদেরকে নিয়ে যায় গোমতী জেলা হাসপাতালে। এর পর ঘটনাস্থলে ছুটে আসে কাকড়াবন থানার পুলিশ। পুলিশ অটোকে থানায় নিয়ে যায়। এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করেছে পুলিশ। বেআইনিভাবে অতিরিক্ত পণ্য বহনের ফলেই এই দুর্ঘটনা ঘটেছে বলে আশঙ্কা করা হচ্ছে।

## বিলোনীয়ায় কংগ্রেসের সাংগঠনিক সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৮ অক্টোবর।। দক্ষিণ জেলা যুব কংগ্রেসের উদ্যোগ বিলোনীয়া কংগ্রেস ভবনে প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজীৎ সিনহার উপস্থিতিতে মঙ্গলবার বেলা এগারোটায় এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সাংগঠনিক সভা দক্ষিণ জেলার বিভিন্ন প্রান্ত থেকে কংগ্রেস দলের বিভিন্ন গনসংগঠনের নেতৃত্ব কর্মি সমর্থকরা উপস্থিতি ছিল। সভায় আলোচনা রাখতে গিয়ে বর্তমান সরকারের তীব্র সমালোচনা করেন পাশাপাশি দলের সংগঠন কে মজবুত করার লক্ষ্যে নানা বিষয় নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা করে কংগ্রেস দলের নেতৃত্বরা। সাংগঠনিক সভা শেষে অনুষ্ঠিত হয় বিলোনীয়া কংগ্রেস ভবনে যোগদান সভা এইদিনের যোগদান সভায় বিভিন্ন রাজনৈতিক দল থেকে বিভিন্ন বয়সের ৮৯ জন কংগ্রেস দলে যোগদান করে বলে জানান কংগ্রেস দলের নেতৃত্বরা তাদের হাতে দলীয় পতাকা তুলে দিয়ে বরন করে নেন। যোগদান সভা শেষে মিছিল করে বিলোনিয়া মহকুমা শাসকের নিকট পাঁচ জনের এক প্রতিনিধি দল সাতদফা দাবীর স্মারকলিপি তুলে দেন।কংগ্রেস দলের কর্মসূচীতে ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিৎ সিনহা,সহ সভাপতি ভোলানাথ ধর, প্রাক্তন বিধায়ক দিলীপ চৌধুরী, সহ জেলার ও মহকুমার নেতৃত্বরা।

## ট্রাকের ধাক্কায় গুরুতর আহত বহিঃরাজ্যের বাইক রাইডার

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ১৮ অক্টোবর।।** সোমবার দিনটি অভিশপ্ত হয়ে রইলো আসাম আগরতলা জাতীয় সড়কের বাগবাসা এলাকায়।এদিন ট্রাকের ধাক্কায় পিষ্ট হয়ে মাঝ বয়সী এক ব্যক্তির মৃত্যুর রেশ কাটতে না কাটতে পুনরায় তীব্র বেগী ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন বহিঃ রাজ্যের এক বাইক রাইডার।আহত বাইক রাইডারের নাম আনন্দ।বাড়ি বহিঃ রাজ্যের সিকিমে। জানা গেছে সোমবার সকালে উত্তর জেলার ধর্মনগর মহকুমাধীন বাগবাসা পুলিশ ফাঁড়ি এলাকার আসাম আগরতলা জাতীয় সড়কের উপর মাঝ বয়সী এক ব্যক্তিকে পিষ্ট করে তীব্র বেগী একটি ট্রাক। তারপর পথ মেরামতি ও ট্রাক আটকের দাবিতে পৃথক দুটি স্থানে চলে পথ অবরোধ।সে সময় সানীয় থানার পাশে জাতীয় সড়কের উপর বহিঃরাজ্যের এক বাইক রাইডারকে প্রবল বেগে ধাক্কা দিয়ে পালিয়ে যায় অপর একটি ট্রাক।ঘটনার খবর পেয়ে সানীয় পুলিশ ফাঁড়ির পুলিশ ঘটনাস্থল থেকে বহিঃ রাজ্য সিকিমের বাইক রাইডার আনন্দকে শনিছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। এদিকে পুলিশ জানিয়েছে,দিল্লি থেকে আসা বাইক রাইডার সোমবার আগরতলা এসেছিলেন। মঙ্গলবার আগরতলা থেকে আসাম যাওয়ার পথে বাগবাসা এলাকায় জাতীয় সড়কের উপর ঘটে এই বিপত্তি। এতে বাইক রাইডার গুরুতর ভাবে আহত হন এবং তার বাইকটির ব্যপক ক্ষতি হয়। বর্তমানে বহিঃরাজ্যের বাইক রাইডার হাসপাতালে চিকিৎসাধীন বলে পুলিশ সূত্রে জানা গেছে।

## টেট পরীক্ষা নেয়ার দাবীতে ডেপুটেশন ও স্মারকলিপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** অবিলম্বে ২০২২ সালের টেট ওয়ান ও টেট টু পরীক্ষার নির্দেশিকা জারি করার জোরালো দাবি জানিয়েছে পরীক্ষার্থীরা। অন্যথায় তারা সমস্যায় পড়বে বলে জানায়। মঙ্গলবার এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। অল ত্রিপুরা বি এড এবং ডি ই এল ই ডি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য অবিলম্বে ২০২২ সালের টেট ওয়ান ও টেট টু পরীক্ষার নির্দেশিকা জারি করার জোরালো দাবি উঠেছে! অবিলম্বে পরীক্ষার নির্দেশিকার জারি করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের তরফ থেকে মঙ্গলবার শিক্ষা দপ্তরে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। তাদের তরফে অভিযোগ করা হয়েছে অনেকেরই চাকুরীর বয়স সীমা শেষ হয়ে যাওয়ার পথে। অবিলম্বে পরীক্ষার দিনক্ষণ ঘোষণা করে পরীক্ষা গ্রহণ না করা ফলে ওইসব চাকুরী প্রার্থীরা জটিল সমস্যার সম্মুখীন হবেন। সে কারণেই বিষয়টি অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করার জন্য তারা অনুরোধ জানিয়েছেন। সরকার অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে তারা আন্দোলনে শামিল হতে বাধ্য হবেন বলে জানিয়েছেন। শিক্ষা দপ্তরে ডেপুটেশন প্রদান কালে তাদের দাবিগুলির যৌক্তিকতা স্বীকার করে এ বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষের নজরে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বস্ত করা হয়।

## ব্রাউন সুগার সহ তেলিয়ামুড়ায় আটক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ অক্টোবর।।** নেশার বিরুদ্ধে সচেতন ভূমিকায় এলাকাবাসী। ড্রাগস সহ এক যুবককে আটক করে উত্তম-মধ্যম দিয়ে তেলিয়ামুড়া থানার পুলিশের হাতে তুলে দেয় এলাকার লোকজন। ঘটনা, মঙ্গলবার তেলিয়ামুড়া থানাধীন চামপ্লাই এলাকায়। মঙ্গলবার চামপ্লাই এলাকার এলাকাবাসী সন্দেহমূলক এক যুবককে একটি টমটম সহ আটক করে। ওই যুবকের কাছে তল্লাশি চালিয়ে উদ্ধার করে ১৩ টি ব্রাউন সুগারের কৌটো। পরবর্তীতে এলাকাবাসী ওই যুবককে উত্তম-মধ্যম দিয়ে তেলিয়ামুড়া থানার পুলিশকে খবর দিয়ে তেলিয়ামুড়া থানার পুলিশের হাতে তুলে দেয়। জানা যায়, ওই যুবকের নাম ওই যুবকের নাম মিটন নম। বাড়ি তেলিয়ামুড়া থানাধীন মাইগঙ্গা এলাকায়। ঐ যুবক দীর্ঘদিন ধরেই মরণ নেশা ড্রাগস সেবন এবং বিক্রির সঙ্গে যুক্ত রয়েছে বলে এলাকাবাসীদের অভিযোগ। ওই যুবক জানায়, ধনরাজ সরকার নামে এক যুবকের কাছ থেকে সে এই ড্রাগসের কৌটাগুলি ক্রয় করেছে ড্রাগস সেবন করার জন্য। পরবর্তীতে ঘটনাস্থলে তেলিয়ামুড়া থানার পুলিশ পৌঁছে ওই যুবককে ১৩ কোটা ব্রাউন সুগার সহ ওই যুবকের সঙ্গে থাকা টমটমকে আটক করে নিয়ে আসে তেলিয়ামুড়া থানায়। এলাকাবাসী জানায়, এলাকার যুব সমাজ দিন দিন নেশার করাল গ্রাসে নিমজ্জিত হচ্ছে। এলাকাবাসীদের দাবি নেশার করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষার্থে যেন প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।।

